আল আকসা রেষ্টুরেন্ট
প্রবাসে বাংলাদেশী খাবারের স্বাদ
আল আকসা পার্টিহল
পার্কচেষ্টারে বাঙ্গালী মালিকানায় সবচেয়ে বড় পার্টিহল ১০০-১৫০ জনের ধারণ ক্ষমতাসম্পন্ন
২১০৭ ষ্টার্লিং এভিনিউ, ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২
ফোন: ৭১৮-৯০৪-৭০৬১

সাপ্তাহিক
বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika
বর্ষ ২৪ || সংখ্যা ৩৮ || সোমবার || আষাঢ় ৩ || ১৪২৬ || শাওয়াল ২৩ || ১৪৪১ || Vol. 24 || Issue 38 || June 15 || 2020 || USA. FREE in NY, Other State $1

আলাদীন
Aladdin
Tel: 718-784-2554

TiME Television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-763-0086

প্রথমবারের মতো বিমানবাহিনীর প্রধান কৃষ্ণাঙ্গ

বাংলা পত্রিকা ডেস্ক: পুলিশি নৃশংসতা ও নির্যাতনে কৃষ্ণাঙ্গ যুবক জর্জ ফ্লয়েড হত্যার ঘটনায় বর্ণবাদবিরোধী ক্ষোভে ফুঁসছে গোটা যুক্তরাষ্ট্র। যুক্তরাষ্ট্রের ৫০ স্টেটের ১৪০টি বড় শহর এখন বিক্ষোভে উত্তাল। এমন উত্তাল পরিস্থিতিতে (বাকি অংশ ১৯ পাতায়)

অক্টোবর থেকে কার্যকর হতে পারে নতুন অধ্যাদেশ

গ্রীন কার্ড ভিসা বন্ধে ট্রাম্পের নয়া পরিকল্পনা

বাংলা পত্রিকা ডেস্ক: বহু দিন থেকেই আশঙ্কা ছিল। সেই আশঙ্কাকে সত্যি করে ভিসা নীতিতে ফের বড়সড় বদল আনার পথে ডোনাল্ড ট্রাম্প প্রশাসন। যার জেরে স্থগিত করা হতে পারে এইচ-১বি এবং এল-১ সহ চাকরি কেন্দ্রিক বেশ কয়েকটি ভিসা ক্যাটেগরি। এইচ-১বি এবং এল-১ ভিসার সুবিধা সবচেয়ে বেশি পায় ভারতীয় তথ্যপ্রযুক্তি সংস্থা এবং আমেরিকায় কর্মপ্রার্থী ভারতীয়রা। শেষ পর্যন্ত ট্রাম্প সরকার এই সিদ্ধান্ত নিলে ভারতীয়রাই সর্বাধিক ক্ষতিগ্রস্ত হবেন বলে ধারনা পর্যবেক্ষক মহলের। তবে এইচ-১বি নিয়ে বর্তমানে যারা সে দেশে কাজ করছেন তাদের কোনো সমস্যা হবে



না বলে মনে করা হচ্ছে। দক্ষ কর্মীর অভাব পূরণ করতে বিদেশি কর্মীদের এইচ-১বি ভিসা দেয় যুক্তরাষ্ট্র। এই ভিসায় বহু ভারতীয় নাগরিক আমেরিকায় তথ্যপ্রযুক্তি সংস্থাগুলিতে কাজ করছেন। আর ইন্টারনাল কোম্পানি ট্রান্সফারের ক্ষেত্রে এল-১ ভিসা প্রয়োজন। আমেরিকায় ব্যবসা করছে এমন ভারতীয় কোম্পানি এবং সে দেশে চাকরি প্রার্থী ভারতীয়দের এই দু'টো ভিসাই জনপ্রিয়। এমনিতে গ্রিন কার্ডের জন্য সবথেকে বেশি ভারতীয়দের অপেক্ষা করতে হয়। এই অপেক্ষার সময়ে প্রত্যেক গ্রিন কার্ড প্রার্থীর ক্ষেত্রে যুক্তরাষ্ট্রে টিকে থাকার জন্য এই এইচ-১বি ভিসা (বাকি অংশ ১৯ পাতায়)



পেনসিলভেনিয়ায় অডিটর জেনারেল পদে জয়ী

ইতিহাস গড়লেন ড. নীনা আহমেদ

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রের রাজনীতিতে অনন্য দৃষ্টান্ত স্থাপন করলেন বাংলাদেশী বংশোদ্ভূত নীনা (বাকি অংশ ৩৭ পাতায়)



কামরান আর নেই

ঢাকা ডেস্ক: সিলেট সিটি করপোরেশনের সাবেক মেয়র বদর উদ্দিন আহমদ কামরান আর নেই। রোববার তিনি ইন্তেকাল করেছেন (বাকি অংশ ৩৮ পাতায়)

সেই হাদিস অনুযায়ী ওষুধ বানিয়ে

করোনা চিকিৎসায় অবিশ্বাস্য সাফল্যের দাবি সৌদিতে!

বাংলা পত্রিকা ডেস্ক: প্রাণঘাতী করোনাভাইরাসে বিপর্যস্ত হয়ে পড়েছে গোটা বিশ্ব। এই ভাইরাসের বিষাক্ত ছোবলে যখন দিশেহারা হয়ে পড়েছে বিশ্বের আধুনিক চিকিৎসা বিজ্ঞান, তখন হাদিসে বর্ণিত উপায়ে ওষুধ বানিয়ে ব্যাপক সাফল্য পাওয়ার দাবি করেছে সৌদি আরবের গবেষক দল। সহীহ বুখারী শরিফের ৫৩৬৩ নম্বর হাদিসে হযরত আয়েশা (রা) থেকে বর্ণিত, তিনি বলেন- রাসুল (সা.) বলেছেন, (বাকি অংশ ৩৭ পাতায়)

আটলান্টা পুলিশ প্রধানের পদত্যাগ

জর্জিয়ায় আরো এক কৃষ্ণাঙ্গকে হত্যা

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রে আরো এক আফ্রিকান বংশোদ্ভূত আমেরিকান যুবককে গুলি করে হত্যা করেছে পুলিশ। গত ১২ জুন শুক্রবার জর্জিয়া অঙ্গরাজ্যেও আটলান্টায় একটি রেস্তোরাঁর বাইরে রেশার্ড ব্রুকস (২৭) নামের ওই যুবককে হত্যা করা হয়। এরপর শুরু হয় (বাকি অংশ ১৯ পাতায়)

সেপ্টেম্বরে ২ লাখ ছাড়াতে পারে মৃত

ফের বিপর্যয় আসছে যুক্তরাষ্ট্রে?

বাংলা পত্রিকা ডেস্ক।- প্রাণঘাতী করোনা ভাইরাসে ইতিমধ্যে বিপর্যস্ত যুক্তরাষ্ট্র। জনস হপকিন্স বিশ্ববিদ্যালয়ের তথ্য অনুসারে এ পর্যন্ত যুক্তরাষ্ট্রে করোনাভাইরাসে (কোভিড-১৯) আক্রান্তের সংখ্যা ২০ লাখ ছাড়িয়েছে। জন হপকিন্স ইউনিভার্সিটির উপাত্ত অনুসারে, যুক্তরাষ্ট্রে নিশ্চিত আক্রান্ত হয়েছেন ২০ লাখ ৪৬৪ জন। এর মধ্যে মারা গেছেন ১ লাখ ১২ হাজার ৯২৪ জন। (বাকি অংশ ৩৭ পাতায়)

জিজ্ঞাসাবাদে এমপি পাপুলের 'ভুল স্বীকার'



ঢাকা ডেস্ক: কুয়েতে গ্রেপ্তার বাংলাদেশী এমপি কাজী শহীদ পাপুলের বিরুদ্ধে অপরাধ তদন্তে বাংলাদেশ কোনো আপত্তি (বাকি অংশ ১৯ পাতায়)

সৌদির পতিতালয় থেকে ৭ বাংলাদেশী গ্রেপ্তার

বাংলা পত্রিকা ডেস্ক: সৌদি আরবের দুটি পতিতালয়ে অভিযান চালিয়ে সাত বাংলাদেশিসহ ১৭ জনকে গ্রেপ্তার করেছে দেশটির কর্তৃপক্ষ। রাজধানী রিয়াদ থেকে দক্ষিণে আল মানাখ জেলায় ওই দুটি (বাকি অংশ ৩৮ পাতায়)

www.banglapatrikausa.com

APOLLO BROKERAGE INC.
TLC INSURANCE
ব্ল্যাক কার, কার সার্ভিস, গ্রীন ট্যাক্সি ও প্রাইভেট কার, বাড়ী ও বিজনেস অতি বিশ্বস্ততার সাথে ও সহজ কিস্তিতে ইন্স্যুরেন্স করা হয়।
মানি ট্রান্সফার, ওয়েস্টার্ন ইউনিয়ন, ডিভিসি, নোটারী পাবলিক, মানি অর্ডার
Shamsher Ali
President & CEO
29-10 36th Avenue, Astoria, NY 11106
Tel : 718-472-9800, Fax :718-472-9801
E-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

আপনি কি সপ্তাহে ২,০০০ ডলার আয় করতে চান?
আমেরিকার গাড়ির লাইসেন্স রোড টেস্ট এবং থিওরি পরীক্ষা দিয়ে বার বার ব্যর্থ হয়েছেন?
তাহলে আজই যোগাযোগ করুন
R & R Driving School
471 McDonald Avenue (Basement), Brooklyn, 347-836-1279

SUNNATI HAJJ & UMRAH GROUP
IATA
Hajj Umbrella since 2000
Peace Tour
Tel: 718-739-3189
Cell: 347-527-5276, 347-750-3909
87-36, 175 Street, Apt #13, Jamaica, NY 11432
Email: sunnatihajj@gmail.com

CORE CREDIT REPAIR
www.cmscreditsolutions.com
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
• Debt Settlement • Late Payment • Judgment • Charge Off • Collection • Bankruptcy
Call us 646-775-7008
Mohammad A Kashem
CEO
Core Multi Services Inc.
37-53 72nd Street Suite# 1
Jackson Heights NY 11372
Email: info@cmscreditsolutions.com

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
Digital One Travel
JACKSON HEIGHTS NEW YORK
IATA ARC
সবচেয়ে কম দামের গ্যারান্টি দিচ্ছি
৭২-৩০ রুজভেল্ট এভিনিউ, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক ১১৩৭২
ফোন: 718-396-4890, 917-592-7828
সুপার সেভ $689+
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

AMIN PHARMACY
29-46, 36th Ave, Astoria, NY 11106
Tel: (718) 786-6611, Fax: (718) 786-6613
Contact: Pharmacist Dr. Monsur Chowdhury

Moinul Islam
917-535-4131
MOINUL@GMAIL.COM
Buy Sell Rent Invest
আমরা সারফ্রোজা থেকে আপনার বাড়ী রক্ষা করতে সহায়তা করি।
Short Sale
Mega Homes Realty

স্বল্পমূল্যে Insurance!
Over 20 Years of Experience
Auto, Home, Business, Workmen's Compensation & Disability
(718) 626-0733
(718) 626-2321
Crescent Insurance Brokerage Inc.
37-11 Northern Blvd 2nd Floor, Jackson Heights, NY 11372
KABIR CHOWDHURY

Carpet CITY Carpet, Rugs, Wood Floors & More
স্বল্প মূল্যে বাসা কিংবা অফিসের কার্পেটের জন্য যোগাযোগ করুন
Tel: (718) 267-7000
54-05 Northern Blvd, (Between 54-55 St) Woodside, NY 11377, Email: carpetcity@yahoo.com

BANGLA HOME CARE
BANGLA CDPAP SERVICES

LOVE WITH CARE IS HUMANITY"

বাঙালীর জন্যে বাঙালীর সেবা, মানুষ মানুষের জন্যে



Corporate Office
72-26 BROADWAY (2ND FL.)
JACKSON HEIGHTS, NY 11372

WE ARE HIRING HHA
HHA CERTIFICATE CLASS AVAILABLE

HHA সার্টিফিকেট এর মাধ্যমে আপনি ঘরে-বাইরে
যে কোন রোগীকে স্বাস্থ্য-সেবা দিতে পারেন।

- Highest Rate • Home Care Services
- CDPAP Services • MLTC Related Supports
- Medicaid Apply, Renewal & Code Removal



BROOKLYN OFFICE : 518 McDONALD AVENUE, BROOKLYN, NY 11218
JAMAICA OFFICE : 169-20 HILLSIDE AVENUE, JAMAICA, NY 11432

FOR MORE INFO

718-708-9751 | 646-769-0966 | 718-415-3924 | 718-629-7169
718-414-7210 | 718-500-2388

E-MAIL: BANGLACDPAP.CLIENTS@GMAIL.COM

বাংলা পত্রিকা

৩-এর পৃষ্ঠা

The Weekly Bangla Patrika

The Weekly Bangla Patrika // Monday //June 15 // 2020

আবার সকাল হবে



কাজী হায়াৎ: জীবনের শেষ পরিণতি মৃত্যু। একটু জ্ঞান হওয়ার পর থেকেই কথাটা বুঝতে শিখেছি। জন্ম থেকে মৃত্যু পর্যন্ত সময়টাই একটি জীবের জীবন। আমার বয়স এখন চুয়াত্তর। সেই হিসাবে বাস্তবতা এবং অভিজ্ঞতার আলোকে বলতে হয়, আমার জীবন আর বেশিদিন স্থায়ী হবে না। জীবনের শেষ প্রান্তে এসে দেখে গেলাম, পৃথিবীর মানুষ করোনাভাইরাসে কতটা অসহায় হয়ে গেছে। পৃথিবীকে এমন একটা হোঁচট খেতে দেখে (বাকি অংশ ৪৮ পাতায়)



ফের বিয়ে ভাঙতে চলেছে ট্রাম্পের?

বাংলা পত্রিকা ডেস্ক: বিয়ে ভেঙে চলেছে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের! তৃতীয় স্ত্রী মেলানিয়ার সঙ্গে ট্রাম্পের দাম্পত্য জীবন নাকি একেবারে সুতোর ওপর ঝুলছে। এমনই দাবি করেছেন প্রেসিডেন্টের সাবেক এক সহযোগী। তার আরো দাবি, ডোনাল্ডকে ডিভোর্স দেয়ার কথা চিন্তাভাবনা করছেন মেলানিয়া। প্রেসিডেন্ট পদে ট্রাম্পের মেয়াদ শেষ হলেই বিবাহ বিচ্ছেদের আবেদন করবেন তিনি।

'Unhinged : An Insider's Account of the Trump White House' নামে একটি বই লিখেছেন ট্রাম্পের সাবেক রাজনৈতিক সহযোগী ওমারোসা এম নিউম্যান। সেখানে প্রেসিডেন্ট ট্রাম্পের দাম্পত্য জীবন নিয়ে নানা চাঞ্চল্যকর বিষয় তুলে ধরা হয়েছে। নিউম্যানের দাবি, প্রেসিডেন্টের দাম্পত্য জীবন মোটেই সুখের নয়। এই সম্পর্ক থেকে বেরিয়ে আসতে চান ফার্স্ট লেডি। কিন্তু তিনি এটাও ভালো করে জানেন, যত দিন 'ডন' প্রেসিডেন্ট পদে আছেন ততদিন তার পক্ষে এই বিয়ে ভেঙে দেয়া সম্ভব নয়। তাই প্রেসিডেন্ট পদে ট্রাম্পের মেয়াদ শেষ হওয়ার অপেক্ষায় আছেন তিনি।

ওমারোসা এম নিউম্যান লিখেছেন, 'ট্রাম্প প্রেসিডেন্ট পদে থাকাকালীন মেলানিয়া যদি বিবাহ বিচ্ছেদের পথে গেলে তার বিপদ হতে পারত। সে ক্ষেত্রে কোনো একটা পথ খুঁজে ট্রাম্প তাকে শাস্তি দিতে পারতেন। আমার মতে, মেলানিয়া সঠিক মুহূর্ত খুঁজছেন। ট্রাম্প প্রেসিডেন্ট পদ থেকে সরে যাওয়ার মুহূর্তের মধ্যে তিনি তাকে ডিভোর্স দেবেন।' কিন্তু কিসের ভয় পাচ্ছেন মেলানিয়া, সে কথাও বইতে উল্লেখ করা হয়েছে। মেলানিয়ার জন্ম স্লোভেনিয়ায়। পরে তিনি আমেরিকান নাগরিকত্ব পান। লেখিকার মতে, স্ত্রী কীভাবে যুক্তরাষ্ট্রের স্থায়ী নাগরিকত্ব পেয়েছেন তা (বাকি অংশ ৩৮ পাতায়)



ফ্লয়েড হত্যায় জড়িত ৪ পুলিশের একজন জামিনে মুক্ত

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রের কৃষ্ণাঙ্গ যুবক জর্জ ফ্লয়েডকে হত্যায় জড়িত চার পুলিশের একজনকে বুধবার জামিনে মুক্তি দেয়া হয়েছে। রয়টার্সের খবরে বলা হয়, সাবেক পুলিশ কর্মকর্তা থমাস লেইনকে (৩৭) হেন্নেপিন কাউন্টি কারাগার থেকে ছেড়ে দেয়া হয়েছে। গত ২৫ মে মিনিয়াপোলিসে জর্জ ফ্লয়েডের ঘাড় ৯ মিনিট হাঁটু দিয়ে চেপে রেখে হত্যা করা হলে বিশ্বজুড়ে বিক্ষোভ শুরু হয়। দম বন্ধ হয়ে আসলে জর্জ বলেন, আমি শ্বাস নিতে পারছি না। লেনের জামিন নিয়ে জানতে চাইলে তার (বাকি অংশ ৫৫ পাতায়)

করোনা নেগেটিভ হয়ে আবার পজিটিভ!

বাংলা পত্রিকা, ঢাকা ডেস্ক: গায়ে জ্বর, তীব্র মাথাব্যথা এবং সামান্য কাশির উপসর্গ নিয়ে গত ১১ মে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে (বিএসএমএমইউ) করোনাভাইরাস পরীক্ষা করান আবদুল্লাহ আল ইমরান ও তার স্ত্রী সানজিদা পারভীন। ওই দিনই জানতে পারেন, তারা দুজনই করোনা 'পজিটিভ'। এরপর বিশেষজ্ঞ ডাক্তারের তত্ত্বাবধানে ঘরেই চিকিৎসা নেন তারা। ২০ দিন পর গত ৩১ মে দুজনেরই 'নেগেটিভ' প্রতিবেদন আসে। কিন্তু তিন দিনের মাথায় চূড়ান্ত নমুনা পরীক্ষায় স্ত্রী সানজিদা পারভীন নেগেটিভ হলেও আবদুল্লাহ আল ইমরান 'পজিটিভ' হন। গাইবান্ধায় সুস্থ হয়ে ফিরে যাওয়ার ১২ দিন পর আবারও করোনা পজিটিভ প্রতিবেদন পাওয়া গেছে এক তরুণের। এ ব্যাপারে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের ভাইরোলজি বিভাগের প্রধান অধ্যাপক ডা. সাইফ উদ্দিন মুন্সি বলেন, 'এমন ঘটনা আমরা আরও কয়েকটি পেয়েছি। বিরল এই ঘটনাগুলো নিয়ে আমরা মেডিকেল গবেষণায় কাজে লাগাচ্ছি। নেগেটিভ হওয়ার কয়েকদিন পরেই পজিটিভ আসছে, এর মানে হতে পারে রোগী পুরোপুরি ভাইরাসমুক্ত হননি। অথবা অকার্যকর আরএনএ রয়ে গেছে শরীরে। কেউ কেউ একে বলছেন, রি-ইনফেকশন। এটা আবার রিঅ্যাকটিভেশনও হতে পারে।' মানুষের শরীরে প্রবেশ করে রূপ বদলে জটিল হয়ে উঠছে করোনাভাইরাস। মার্চেই আক্রান্ত ব্যক্তির শরীরে ৭০০ বার স্টেন (রূপ) পরিবর্তন হয়েছে প্রোটিনে। ফলে আগের তুলনায় শক্তিশালী হয়ে আক্রান্ত ব্যক্তিকে কাবু করে ফেলেছে প্রাণঘাতী এই ভাইরাস। উপসর্গ না থাকলেও করোনা আক্রান্ত হচ্ছে মানুষ। দ্বিতীয়বার করোনা (বাকি অংশ ৪৬ পাতায়)

'গণহত্যার প্রতীক' কলম্বাসের মূর্তির মাথা ভাঙা হলো

বাংলা পত্রিকা ডেস্ক: একই দিনে যুক্তরাষ্ট্রের দুটি জায়গায় ক্রিস্টোফার কলম্বাসের মূর্তির মাথা ভেঙে দিলেন বর্ণবাদ-বিরোধী বিক্ষোভকারীরা। ভার্জিনিয়া ও বস্টনে। তিনিই আমেরিকা মহাদেশকে চিনিয়েছিলেন ইউরোপ তথা গোটা বিশ্বের কাছে। ১৪৯২ সালে। কিন্তু আমেরিকায় বিক্ষোভকারীদেরমতে, কলম্বাস হলেন গণহত্যার প্রতীক। তিনি আমেরিকার আদি বাসিন্দাদের নির্বিচারে হত্যা করেছিলেন। তাই একই দিনে দুই শহরে কলম্বাসের মূর্তির মাথা ভাঙা হলো। আমেরিকায় কলম্বাসের বিরুদ্ধে এই অভিযোগ নতুন নয়। সেখানে দীর্ঘদিন ধরেই কলম্বাস দিবস পালনের বিরুদ্ধেও সোচ্চার হয়েছেন অনেকে।

জর্জ ফ্লয়েডের হত্যার পর আমেরিকাজুড়েই বিক্ষোভ চলছে। সেই ক্ষোভ এ বার আছড়ে পড়েছে কলম্বাসের মূর্তির ওপর। ভার্জিনিয়া ও বস্টনে। ভার্জিনিয়ায় মূর্তির মাথা ভেঙে বিক্ষোভকারীরা তাতে আগুন ধরিয়ে দেন। তারপর মূর্তিটি একটি লেক-এ ফেলে (বাকি অংশ ৫৭ পাতায়)

উদ্বোধন ১ জুলাই

পার্কচেস্টারে সুন্দরবন হালাল মিট এন্ড ফিস

বাংলা পত্রিকা রিপোর্ট: করোনা পেন্ডামিক ভীতিতে নিউইয়র্কের বিভিন্ন স্থানে যখন ব্যবসা বাণিজ্যের মন্দা নিয়ে সবাই চিন্তিত সেখানে ব্রুকসের পার্কচেস্টারে দেখা গিয়েছে ভিন্ন চিত্র। উদ্বোধন হতে যাচ্ছে নুতন নুতন ব্যবসা প্রতিষ্ঠান। এরই ধারাবাহিকতায় ১৪৪০ ইউনিয়ন পোর্ট রোডে আগামী ১ জুলাই চালু হচ্ছে বাংলাদেশী মালিকানায় নতুন ব্যবসা প্রতিষ্ঠান 'সুন্দরবন হালাল মিট এন্ড ফিস'। এতে মাছ, মাংস ছাড়াও সব ধরনের গ্রোসারী সামগ্রী এখানে পাওয়া যাবে।

প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী স্বপন তালুকদার জানান, এ বছরের শুরুর দিকে প্রতিষ্ঠানটি চালুর পরিকল্পনা ছিলো। কিন্তু অনভিপ্রেতভাবে করোনা প্যান্ডামিক শুরু হওয়ায় উদ্বোধনে বিলম্ব হয়েছে। সিটির বাধ্যবাধকতার অবসান হলে আগামী ১ জুলাই থেকে প্রতিষ্ঠানটি চালু করতে পারবো বলে আশা করছি। তিনি সুন্দরবন হালাল মিটের ফ্রেশ মাছ-মাংস এবং তরিতরকারী ক্রয়ের জন্য প্রবাসীদের প্রতি আহবান জানান।

এবার মহাত্মা গান্ধীর বিরুদ্ধে বর্ণবাদের অভিযোগ, মূর্তি অপসারণের দাবি

বাংলা পত্রিকা ডেস্ক: বর্ণবাদের অভিযোগের মুখে পার্লামেন্ট স্কয়ারে মহাত্মা গান্ধীর ভাস্কর্য ইস্পাতের পাত দিয়ে ঢেকে দেওয়া হয়েছে। ছবি: টুইটারের সৌজন্যেবর্ণবাদের অভিযোগের মুখে পার্লামেন্ট স্কয়ারে মহাত্মা গান্ধীর ভাস্কর্য ইস্পাতের পাত দিয়ে ঢেকে দেওয়া হয়েছে। ছবি: টুইটারের সৌজন্যেএবার 'ব্ল্যাক লাইভস ম্যাটার' আন্দোলনের পক্ষ থেকে মহাত্মা গান্ধীর বিরুদ্ধে বর্ণবাদের অভিযোগ তুলে তাঁর মূর্তি অপসারণের দাবি তোলা হয়েছে। ইংল্যান্ডের লিচেস্টার শহরে থাকা গান্ধীর মূর্তি অপসারণের দাবিতে করা একটি আবেদনে এরই মধ্যে প্রায় পাঁচ হাজার (বাকি অংশ ৪৬ পাতায়)



করোনা যুদ্ধে বাজারে হিজাব-মাস্ক

বাংলা পত্রিকা ডেস্ক: আন্তর্জাতিক ফ্যাশন দুনিয়ায় হালিমা আদেন একটি স্বতন্ত্র নাম। শালীন পোশাকও যে ফ্যাশন স্টেটমেন্ট হয়ে উঠতে পারে সেই রাস্তা তিনি দেখিয়েছেন। এবার নতুন এক উদ্ভাবনী চিন্তার মধ্যে দিয়ে শিরোনামে এসছেন ফ্যাশন দুনিয়ার এই একমাত্র হিজাব পরিহিতা মডেল। করোনা আবহে স্বাস্থ্য কর্মীদের সাহায্য করার জন্য হিজাবের সঙ্গে সামঞ্জস্য রেখে মাস্ক ডিজাইন করে ফেলেছেন। সোমালীয় বংশোদ্ভূত (বাকি অংশ ৩৮ পাতায়)



বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika
Editor : **Abu Taher**
Tel: 718-482-9923, 718-482-1169
Fax: 718-482-9935

সম্পাদকীয়

অমানবিকতা সীমানা মানে না

যুক্তরাষ্ট্রে যখন পুলিশের নির্যাতনে কৃষ্ণাঙ্গ নাগরিক জর্জ ফ্লয়েড হত্যায় বিক্ষোভের দাবানল জ্বলছে ঠিক একই সময়ে বাংলাদেশে একই কায়দায় একটি হত্যা ও একটি নির্যাতন দেখে আমরা শিউরে উঠেছি। দুই দেশের প্রেক্ষাপট ভিন্ন নিঃসন্দেহে কিন্তু দৃশ্যপট প্রায় একইরকম। পুলিশ জর্জ ফ্লয়েডকে হাঁটু দিয়ে চেপে ধরে হত্যা করে, ঘাড় চাপা দেওয়ায় তার শ্বাস বন্ধ হয়ে যায়। অনেক কাকুতি-মিনতি করে ফ্লয়েড মৃত্যুকালে বলেছিলেন- আমি নিঃশ্বাস নিতে পারছি না। তার সমবেদনায় সামাজিক যোগাযোগমাধ্যমে কীভাবে এ আকৃতি ছড়িয়ে পড়ে তা আমরা দেখেছি।

বাংলাদেশে এ মাসের শুরুর দিকে গোপালগঞ্জের কোটালী-পাড়ায় কৃষক নিখিল তালুকদারকে নির্মমভাবে হত্যা করে পুলিশের সহকারী উপপরিদর্শক শামীম হাসান। পিঠের শিরদাঁড়া হাঁটু দিয়ে চাপ প্রয়োগ করে ভেঙে দিলে নিখিলের মৃত্যু ঘটে। ইতোমধ্যে ওই উপপরিদর্শক ও পুলিশের 'তথ্যদাতা' মো. রেজাউল আটক হয়েছে বটে, প্রশ্ন হলো কীভাবে এমন নির্মম নির্যাতন চালানো সম্ভব। এমনকি তেমন কোনো গুরুতর অভিযোগে নিখিলের সঙ্গে নির্দয় আচরণ করা হয়নি; তাস খেলার সময় পুলিশের উপস্থিতি টের পেয়ে যখন চারজন পালিয়ে যাচ্ছিলেন তখন নিখিল তালুকদার ধরা পড়লে পুলিশের ওই উপপরিদর্শক তাকে মারধরের পাশাপাশি হাঁটু দিয়ে পিঠে ও মেরুদন্ডে আঘাত করে। অপরাধ গুরুতর কিংবা লঘুতর যা-ই হোক আইনরক্ষাকারী বাহিনীর কোনো সদস্য এভাবে আইন নিজের হাতে তুলে নিতে পারে কী?

লালমনিরহাটের ঘটনা আরও গুরুতর। গত ১১ জুন বৃহস্পতিবার ঢাকার সমকালের প্রথম পাতায় 'কিশোরকে নির্মম নির্যাতন' শিরোনামের প্রতিবেদনে আমরা দেখছি, চুরির অভিযোগে কিশোরকে মাটিতে ফেলে পা দিয়ে মুখ ও গলা চেপে ধরে এক ব্যবসায়ী। বাঁচার জন্য মমিনুল ইসলাম নামে ওই কিশোর অনেকের পা জড়িয়ে ধরে কাকুতি-মিনতি করলেও কেউ সাহায্যের জন্য এগিয়ে আসেনি। এ ঘটনায় কিশোরটি মারা না গেলেও যুক্তরাষ্ট্রের জর্জ ফ্লয়েড কিংবা গোপালগঞ্জের নিখিল তালুকদারের কায়দায় যে নির্যাতন চালানো হয়েছে, তা অমানবিক। নির্যাতন করেই ক্ষান্ত হয়নি, ব্যবসায়ী তা ভিডিওতে ধারণও করেছে। এমনকি সামাজিক যোগাযোগমাধ্যমে তা পোস্ট করতেও দ্বিধাবোধ করেনি। এ ঘটনায় ব্যবসায়ী আশরাফ আলী ও তার দুই সহযোগীকে অবশ্য গ্রেপ্তার করা হয়েছে। মানসিকতা কতটা অসুস্থ হলে এ ধরনের অপরাধ সংঘটিত করা সম্ভব। আমরা মনে করি, যুক্তরাষ্ট্রের ওই পুলিশের বর্ণবাদী মানসিকতার সঙ্গে যারা এ ধরনের অপরাধ করছে তাদের মানসিকতার তাৎপর্যপূর্ণ কোনো পার্থক্য নেই। পুলিশের দায়িত্ব আইনশৃঙ্খলা রক্ষা করা। এ সেবাকর্ম সম্পাদনের ক্ষেত্রে পুলিশ বা আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর কোনো সদস্যের এটা চিন্তা করার কারণ নেই যে তিনি সাধারণ নাগরিকের চেয়ে শ্রেষ্ঠতর। একইসঙ্গে যারা শিশু-কিশোরদের নির্যাতন করে, তাদেরও এটা ভাবা অন্যায় যে, ছোট বলে তাদের সঙ্গে যা ইচ্ছা তা করতে পারবে।

এমনিতেই এক দুর্যোগে আমরা বিপর্যস্ত। আজ পুরো বিশ্বই ভয়াবহ করোনাভাইরাসের বিরুদ্ধে লড়াই করছে, যখন করোনা ধনী-গরিব, ধর্ম-বর্ণ নির্বিশেষে সব মানুষকে একই সমতলে নিয়ে এসেছে, আর এ দুর্যোগ মোকাবিলায় এক হয়ে পরস্পরের প্রয়োজনে সবাই পাশে দাঁড়াচ্ছে। এমনকি সৃষ্টি করছে নানা মানবিক দৃষ্টান্ত। ঠিক এ সময়ে এমন অমানবিক আচরণ কোনোভাবেই কাম্য নয়। এর আগেও আইনশৃঙ্খলা বাহিনীর কোনো কোনো সদস্য দ্বারা সাধারণ মানুষের নির্যাতনের ঘটনা ঘটেছে। আবার কিশোর রাকিব, রাজনের ওপর 'সমাজের' নির্মম নির্যাতনের ঘটনাও আমাদের সামনে এসেছে। আমরা চাই এসব ক্ষেত্রে অপরাধী যেই হোক তাকে আইনের আওতায় নিয়ে আসতে হবে। একটি মানবিক সমাজ নিশ্চিতে এর বিকল্প নেই।

স্বপ্নের দেশ আমেরিকায় এসব কী হচ্ছে?

মাছুম বিল্লাহ

আব্রাহাম লিংকন ১৮৬০ সালে আমেরিকার প্রেসিডেন্ট নির্বাচিত হওয়ার পর দক্ষিণের এগারটি রাজ্যে স্বাধীনতা ঘোষণা করেন। শুধু যে দাসপ্রথার বিলুপ্তির প্রস্তাবে তারা পৃথক হতে চেয়েছিল তা নয়, উত্তরের শিল্পোন্নত রাজ্যগুলোর সঙ্গে আর্থিক বিষয়ে মতানৈক্য ছিল তাদের।

উত্তাল গোটা আমেরিকার রাজপথ। কিন্তু কেন? শুধু কি একজন কৃষ্ণাঙ্গ হত্যার কারণে? না, এর পেছনে আরও কারণ আছে? ২৫ মে মিনিসোটা অঙ্গরাজ্যের মিনিয়াপোলিস শহরে ডেরেক চৌবিন নামের এক পুলিশ কর্মকর্তা জর্জ ফ্লয়েড নামের এক কৃষ্ণাঙ্গকে পাশবিক কায়দায় হত্যা করে। গোটা পৃথিবী তা প্রত্যক্ষ করেছে সোশ্যাল মিডিয়ার সুবাদে। তাকে ২৯ মে গ্রেপ্তার করা হলেও মাত্র ৫০০ ডলার মুচলেকায় জামিন দেওয়া হয়েছে। গোটা মার্কিন মুল্লুকে বর্ণবাদবিরোধী ব্যাপক প্রতিবাদ চলছে সহিংস কায়দায়। ট্রাম্প পুলিশের সঙ্গে সংঘর্ষে ক্ষয়ক্ষতির ঘটনায় ক্ষিপ্ত হয়ে বিক্ষোভকারীদের বিরুদ্ধে দমন অভিযান চালানোর পক্ষে সায় দিয়েছেন, কিন্তু জনগণ সবকিছু উপেক্ষা করে রাজপথে অবস্থান নিয়েছেন। ডেমোক্রেট দলীয় সিনেটর এবং যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্ট পদপ্রার্থী মি. হ্যারিস বলেছেন, 'মার্কিন রাজপথ কৃষ্ণাঙ্গদের খুনে ঢেকে গেছে।' ক্লিনটনের সময়কার শ্রমমন্ত্রী রবার্ট রাইস বলেছেন, আজকের আমেরিকার যে আর্থ-সামাজিক ব্যবস্থা, তার সঙ্গে দক্ষিণ আফ্রিকার বর্ণবাদী 'অ্যাপারথেইড' ব্যবস্থার মধ্যে কোনো পার্থক্য নেই। এ দেশে দাসপ্রথার অবসান হয়েছে কিন্তু তার পরিবর্তে অন্য এক দাসপ্রথা চালু আছে। রাষ্ট্রের পরতে পরতে সাদা-কালো বৈষম্য বিরাজ করছে। এটি ইতিহাসের জঘন্যতম অধ্যায়। আমাদের মনে আছে ২০১৪ সালেও একবার নিউইয়র্কে শ্বেতাঙ্গ পুলিশ দম বন্ধ করে হত্যা করেছিল এরিক গার্নার নামক এক কৃষ্ণাঙ্গকে। খুচরা সিগারেট অবৈধভাবে বিক্রি করার সন্দেহে তাকে গ্রেপ্তার করা হয়েছিল। এছাড়া কেন্টাকিতে চিকিৎসাবিষয়ক এক প্রকৌশলীকে তার ফ্ল্যাটে ঢুকে হত্যা করা হয়েছিল। ফ্লয়েডের মৃত্যুর ঘটনায় মিনিয়াপোলিস পুলিশ বিভাগ তাদের চার কর্মকর্তাকে তাৎক্ষণিকভাবে বরখাস্ত করেছে। এদের মধ্যে ফ্লয়েডের গলায় হাঁটু তুলে দেওয়া ৪৪ বছর বয়সি ডেরেক চৌবিনও আছেন। কিন্তু তারপরও ক্রমেই যুক্তরাষ্ট্রকে ছাড়িয়ে বিক্ষোভের আগুন ছড়িয়ে পড়ছে দুনিয়াজুড়ে। যুক্তরাজ্য, কানাডা, জার্মানি, ডেনমার্ক, ইতালী, অস্ট্রেলিয়া, নিউজিল্যান্ডসহ দুনিয়ার নানা প্রান্তে মানুষ রাজপথে নেমে এসেছে। জার্মানি, ব্রিটেন, কানাডা, চীনসহ বিভিন্ন দেশে যুক্তরাষ্ট্রের দূতাবাসগুলোর সামনে প্রতিবাদ হয়েছে। এ হত্যাকাণ্ডের ন্যায়বিচার নিশ্চিতের পাশাপাশি বৈষম্য ও বর্ণবাদের বিরুদ্ধে আওয়াজ তুলছে তারা। কিন্তু প্রেসিডেন্ট ট্রাম্প দমার পক্ষে নন। দেশটির গভর্নরদের শক্তি প্রয়োগ এবং বিক্ষোভকারীদের কাছ থেকে রাস্তাগুলো দখলের আহ্বান জানিয়েছেন। অবশ্য কয়েকটি শহরে আইন প্রয়োগকারী কর্মকর্তাদের বিক্ষোভকারীদের সঙ্গে মিছিল করতে এবং হাঁটতে দেখা গেছে। তবে অন্যত্র দাঙ্গা পুলিশ তাদের শক্তির ব্যবহার বৃদ্ধি অব্যাহত রেখেছে।

বিক্ষোভকারীদের গ্রেপ্তারের সংখ্যা ১০ হাজার ছাড়িয়ে গেছে। দশম দিনের মতো বিক্ষোভ চলছে। অঙ্গরাজ্যের গর্ভনররা ন্যাশনাল গার্ড মোতায়েনে রাজি না হলে ট্রাম্প নিজেই সেনাবাহিনী মোতায়ন করবেন বলেও হুঁশিয়ারি দেন। তিনি বলেছেন, 'যদি কোনো শহর বা অঙ্গরাজ্য বাসিন্দাদের জানমালের সুরক্ষায় প্রয়োজনীয় ব্যবস্থা নিতে অস্বীকৃতি জানায়, তাহলে আমিই যুক্তরাষ্ট্রে সেনাবাহিনী মোতায়েন করে তাদের হয়ে দ্রুততম সমাধান নিয়ে আসব।' কিন্তু সেনা মোতায়েনে বিরোধিতা করেছেন স্বয়ং প্রতিরক্ষামন্ত্রী মার্ক এসপার। এছাড়াও আমেরিকাজুড়ে চলমান বিক্ষোভ এবং আন্দোলনকারীদের সমর্থন জানিয়েছেন সাবেক চার মার্কিন প্রেসিডেন্ট- বারাক ওবামা, জিমি কার্টার, বিল ক্লিনটন ও জর্জ ডব্লিউ বুশ। জিমি কার্টার বলেছেন, নীরবতাও সহিংসতা থেকে আত্মঘাতী হয়ে উঠতে পারে। ক্ষমতা, সুবিধাজনক অবস্থা আর নৈতিক সচেতনতার উর্ধ্বে তুলে ধরে বৈষম্যের বিরুদ্ধে দাঁড়ানোর জন্য তিনি সবার প্রতি আহবান জানিয়েছেন। ডেমোক্রেটিক দলের সাবেক তিনজন প্রেসিডেন্ট শুধু নন, সাবেক রিপাবলিকান প্রেসিডেন্ট জর্জ ডব্লিউ বুশ ও সাবেক ফার্স্ট লেডি লরা বুশ ফ্লয়েডকে নির্মমভাবে শ্বাসরোধে হত্যার নিন্দা জানিয়েছেন। ট্রাম্পকে উদ্দেশ করে তিনি বলেন, 'এখন বক্তৃতা দেয়ার সময় নয়, কথা শোনার সময়।'

আব্রাহাম লিংকন ১৮৬০ সালে আমেরিকার প্রেসিডেন্ট নির্বাচিত হওয়ার পর দক্ষিণের এগারটি রাজ্যে স্বাধীনতা ঘোষণা করেন। শুধু যে দাসপ্রথার বিলুপ্তির প্রস্তাবে তারা পৃথক হতে চেয়েছিল তা নয়, উত্তরের শিল্পোন্নত রাজ্যগুলোর সঙ্গে আর্থিক বিষয়ে মতানৈক্য ছিল তাদের।

আব্রাহাম লিংকন দৃঢ়তার সঙ্গে সেই গৃহযুদ্ধ মোকাবিলা করেন এবং দক্ষিণের রাজ্যগুলো পরাজিত হলে ১৮৬৫ সালে গৃহযুদ্ধের অবসান হয় এবং তিনি দাসপ্রথা বিলুপ্ত করে দেন। কৃষ্ণাঙ্গ নেতা মার্টিন লুথার কিং জুনিয়র আমেরিকায় কালোদের মানবাধিকার, রাজনৈতিক, অর্থনৈতিক ও বৈষম্যের বিরুদ্ধে সিভিল রাইটস (বাকি অংশ ৪০ পাতায়)



ক্রান্তিকালের দুই বাজেট

আবদুল মান্নান

গত বৃহস্পতিবার ১১ জুন বাংলাদেশের অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল জাতীয় সংসদে বাংলাদেশের ৪৯তম জাতীয় বাজেট পেশ করলেন। অর্থমন্ত্রী হিসেবে দায়িত্ব নেওয়ার পর এটি মুস্তফা কামালের তৃতীয় বাজেট, যদিও গত বাজেট তাঁর অসুস্থতার কারণে তাঁর পরিবর্তে সংসদ নেতা ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা তা সংসদের সামনে উপস্থাপন করেছেন। এটি বাংলাদেশের ইতিহাসে একটি নজিরবিহীন ঘটনা। একবার সংসদে বাজেট উত্থাপন করার পর একজন অর্থমন্ত্রী অসুস্থ হয়ে পড়লে তাঁকে তাৎক্ষণিক হাসপাতালে স্থানান্তর করা হয়। বাংলাদেশের সার্বিক অর্থনীতি যখন তরতর করে এগিয়ে যাচ্ছিল, যখন আন্তর্জাতিক আর্থিক ও উন্নয়ন সংস্থাগুলো স্বীকার করে নিল বাংলাদেশ এশিয়ার সর্বাধিক ও বিশ্বের প্রথম ১০টি বিকাশমান অর্থনীতির একটি, তখনই বিশ্বের অনেক সম্পদশালী দেশসহ প্রায় সব দেশের সঙ্গে বাংলাদেশও কভিড-১৯ নামের এক অজানা মহামারির কারণে বড় ধরনের হোঁচট খেল। থমকে গেল সব দেশের অর্থনৈতিক পথ চলা। শুরু হলো এক মহাদুর্যোগের সময়। ঠিক এই সময় বাংলাদেশের মতো একটি ছোট উন্নয়নশীল দেশের পরবর্তী বছরের জন্য বাজেট ঘোষণা সাহসের কাজ বৈকি। বলা যেতে পারে, এটি বাংলাদেশের ৫০ বছরের ইতিহাসে দ্বিতীয় ক্রান্তিকালের বাজেট। প্রথমটি ঘোষণা করা হয়েছিল জাতির জনক বঙ্গবন্ধুর শাসনকালের প্রথম অর্থবছরে (১৯৭২-৭৩)। দ্বিতীয়টি কাকতালীয়ভাবে তাঁর কন্যা শেখ হাসিনার আমলে।

১৯৭২ সালের জানুয়ারী মাসের কথা। বঙ্গবন্ধু পাকিস্তানের কারাগার হয়ে ১০ জানুয়ারী দেশে ফিরলেন। পরদিন ১১ তারিখ শাসনতান্ত্রিক আদেশ জারি হলো। ১২ তারিখ বঙ্গবন্ধুকে প্রধানমন্ত্রী ও অস্থায়ী সরকারের প্রধানমন্ত্রী তাজউদ্দীন আহমদকে অর্থমন্ত্রীর দায়িত্ব দিয়ে মন্ত্রিসভা গঠিত হলো। রাষ্ট্রপতির দায়িত্ব দেওয়া হলো স্বাধীনতার আগে ঢাকা বিশ্ববিদ্যালয়ের দায়িত্ব পালনরত উপাচার্য বিচারপতি আবু সাঈদ চৌধুরীকে। সেদিন একজন সাংবাদিক বঙ্গবন্ধুর কাছে জানতে চেয়েছিলেন, 'আজকের এই ঐতিহাসিক দিনে জাতির প্রতি আপনার বাণী কী?' বঙ্গবন্ধু রবীন্দ্রনাথের কবিতা আওড়ে বলেছিলেন, 'উদয়ের পথে শুনি কার বাণী/ভয় নাই ওরে ভয় নাই/নিঃশেষে প্রাণ যে করিবে দান/ক্ষয় নাই তার ক্ষয় নাই।' বঙ্গবন্ধু জানতেন, পাকিস্তান সেনাবাহিনী পুরো বাংলাদেশকে যে ধ্বংসস্তূপ বানিয়ে রেখে গেছে, তার ওপর দাঁড়িয়ে তিনি ও তাঁর মন্ত্রিসভা দায়িত্ব নিয়েছে, তাদের সামনে যে চ্যালেঞ্জ তা অভিনন্দনীয়। ৯ মাসের যুদ্ধে পুরো বাংলাদেশ এক বিরানভূমিতে পরিণত হয়েছে। যোগাযোগব্যবস্থা সম্পূর্ণ ভেঙে পড়েছে। দেশের প্রধান দুটি সমুদ্রবন্দর চট্টগ্রাম ও মোংলা পাকিস্তান সেনাবাহিনী ভাসমান মাইন বসিয়ে সম্পূর্ণ অকেজো করে রেখে গেছে। জাহাজ চলাচল সম্পূর্ণ বন্ধ। কোনো ব্যাংকে বৈদেশিক মুদ্রা নেই। পাকিস্তানী যে মুদ্রা ছিল তা ব্যাংকের ভল্ট থেকে বের করে জ্বালিয়ে দিয়েছে প্রায় সবখানে। তখন অন্যান্য দেশেও অর্থনৈতিক মন্দা চলছে। এই কঠিন সময়ে ভারত তার সাহায্যের ধারাবাহিকতায় ১৬ মে বাংলাদেশকে ২৪ কোটি টাকার ঋণ ঘোষণা করে। অন্যান্য বন্ধুপ্রতিম দেশ, যেমন- সাবেক সোভিয়েত ইউনিয়ন, জাপান, অস্ট্রেলিয়া, পূর্ব ইউরোপের কিছু দেশ, ব্রিটেন, ফ্রান্স ও ইরাক বাংলাদেশকে বেশ কিছু পণ্য সাহায্য করে, যার মধ্যে অস্ট্রেলিয়া ও সোভিয়েত ইউনিয়নের গম অন্যতম।

আর্থিক বছরের শেষ দিন ৩০ জুন অর্থমন্ত্রী তাজউদ্দীন আহমদ ৭৮৬ কোটি টাকার ১৯৭২-৭৩ সালের বাজেট ঘোষণা করলেন। তখন দেশের উত্তর-পূর্বাঞ্চলে বন্যা দেখা দিয়েছে। বাজেট যদিও দেশের আয়-ব্যয়ের (বাকি অংশ ৪০ পাতায়)

নামাজের সময়-সূচী

জুন	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	২০
ফজর	৩.৫৫	৩.৫৫	৩.৫৫	৩.৫৪	৩.৫৪	৩.৫৪	৩.৫৫
সূর্যোদয়	৫.২৪	৫.২৪	৫.২৪	৫.২৪	৫.২৪	৫.২৪	৫.২৫
জোহর	১২.৫৮	১২.৫৯	১২.৫৯	১২.৫৯	১২.৫৯	১২.৫৯	১.০০
আসর	৬.১০	৬.১১	৬.১১	৬.১১	৬.১১	৬.১২	৬.১২
মাগরিব	৮.৩১	৮.৩১	৮.৩২	৮.৩২	৮.৩২	৮.৩২	৮.৩৩
এশা	১০.০০	১০.০১	১০.০২	১০.০২	১০.০২	১০.০২	১০.০৩

বাজেট ২০২০-২১ : বরাদ্দ বাড়লেও বাস্তবায়নে চ্যালেঞ্জ

ড. আতিউর রহমান: বিশ্বজুড়েই চলছে করোনা সংকট। বাংলাদেশও তার বাইরে নেই। এরই মধ্যে অনেক মূল্যবান জীবন চলে গেছে। সর্বত্র ভয়ের পরিবেশ। তাই জীবন ও জীবিকা নিয়ে ঝুঁকির শেষ নেই। এমনই এক বাস্তবতায় অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল এ বছরের বাজেট দিয়েছেন। সংকটের সবচেয়ে গুরুত্বপূর্ণ দিকটি পুরো সমাজে ছড়িয়ে পড়েছে করোনাভাইরাস। অন্যদিকে লকডাউন ও সামাজিক দূরত্বের কারণে উৎপাদন, কর্মসংস্থান, আয়-উপার্জনে ধস, বিশ্বমন্দায় রপ্তানি ও প্রবাসী আয় পড়ে যাওয়া এবং ক্রমবর্ধমান বেকারত্ব ও দারিদ্র্যের পরিপ্রেক্ষিতে মানুষের জীবন ও জীবিকা দুইই হুমকির মুখে। এই সময়ে আমাদের সবচেয়ে বড় চ্যালেঞ্জ হচ্ছে কী করে এই মহামারি দ্রুত নিয়ন্ত্রণে আনা যায় এবং একইসঙ্গে অর্থনীতির পুনর্জীবনের ভিত্তি নির্মাণ করা যায়।

মনে রাখতে হবে, অত্যন্ত অনিশ্চিত পরিবেশে আমাদের এই চ্যালেঞ্জ মোকাবিলা করতে হচ্ছে। কবে এই ভাইরাসকে আমরা পরাজিত করতে পারব তা কেউ বলতে পারছেন না। এমন অনিশ্চয়তায় কৃষি উৎপাদন বাড়িয়ে খাদ্য নিরাপত্তা নিশ্চিত করা, সামাজিক সুরক্ষা আরও জোরদার করা, সবার জন্য স্বাস্থ্য ব্যবস্থার সুস্পষ্ট দিকনির্দেশনা দেওয়া এবং আগামী দিনের সমাজ ও অর্থনীতির পুনর্জাগরণের জন্য প্রযুক্তিনির্ভর দক্ষ মানবপুঁজির উন্নয়ন অত্যন্ত জরুরি হয়ে পড়েছে। একইসঙ্গে গত ১০-১২ বছর ধরে আমরা যে ম্যাক্রো অর্থনীতির স্থিতিশীলতা ও দারিদ্র্য নিরসনে ব্যাপক সাফল্য অর্জন করেছিলাম সেসব যাতে এই করোনাকালে ধুয়েমুছে না যায় সেজন্য নিজেদের সক্ষম করে তোলার কোনো বিকল্প নেই।

উদ্ভূত পরিস্থিতিতে বিশেষজ্ঞ মহলসহ সাধারণ মানুষ যে রকম 'আউট অফ দ্য বক্স' বাজেট আশা করেছিলেন প্রস্তাবিত বাজেটে সে রকম উদ্ভাবনী উদ্যোগ ওই মাত্রায় নেই এ কথা মানতেই হবে। তবে সম্ভবত সরকার মধ্যমমেয়াদি বাজেট কাঠামোর ধারাবাহিকতা বজায় রাখতে ওই পরিমাণ সৃষ্টিশীল বা উদ্ভাবনী উদ্যোগ নিতে সক্ষম হয়নি। সম্পদের সীমাবদ্ধতা মাথায় রেখেই অগ্রাধিকার পুনর্বিন্যাসের পরামর্শ ছিল। তবে দ্রুততম সময়ের মধ্যে তা করা হয়তো সম্ভব হয়নি।

৫ লাখ ৬৮ হাজার কোটি টাকার ঘোষিত বাজেটের আকার নিয়ে কিছু বলার নেই। তবে বাজেট ঘাটতি নিয়ে আলোচনার সুযোগ রয়েছে। অনুদানসহ সামগ্রিক ঘাটতি জিডিপির ৬ শতাংশের নিচে রাখা হয়েছে। চলতি অর্থবছরে এ অনুপাত ৫ দশমিক ৩ শতাংশ। আমি মনে করি এক দশকের মধ্যে বাজেট ঘাটতি ৫ শতাংশের আশপাশে ধরে রাখা গেছে, এবং আমাদের সামষ্টিক অর্থনৈতিক সক্ষমতার বিচারে বাজেট ঘাটতি ৭ শতাংশ পর্যন্ত করা যেত। বাড়তি অর্থ আমরা স্বাস্থ্য, সামাজিক সুরক্ষা ও কৃষির জন্য ব্যয় করতে পারতাম।

তবে এই বাড়তি অর্থের জন্য (অর্থাৎ জিডিপির আরও ১ শতাংশ বাজেট ঘাটতির অর্থায়নের জন্য) অভ্যন্তরীণ ঋণের ওপর নির্ভর করার সুযোগ নেই। বরং আন্তর্জাতিক অর্থায়নকারী (যেমন: বিশ্বব্যাংক, এডিবি, আইএমএফ) প্রতিষ্ঠানের দ্বারস্থ হওয়া উচিত আরও বেশি মাত্রায়। করোনাজনিত আর্থিক স্থবিরতা মোকাবিলা এবং বৈদেশিক ঋণ পরিশোধে ধারাবাহিকতার বিবেচনায় এসব প্রতিষ্ঠানের কাছ থেকে তুলনামূলক সহজ শর্তে ঋণ পাওয়া আমাদের জন্য সহজই হওয়ার কথা। প্রস্তাবিত বাজেটে প্রায় ৮৯ হাজার কোটি টাকা বৈদেশিক ঋণ হিসেবে নেওয়ার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। আমি মনে করি, কার্যকর অর্থনৈতিক কূটনীতির মাধ্যমে এ অনুপাত দ্বিগুণ করা সম্ভব।

বাজেট অর্থায়নের জন্য সরকার খুব বেশি পরিমাণে দেশের ব্যাংকগুলো থেকে ঋণ নিলে ব্যক্তি খাতের বিনিয়োগ বাধাগ্রস্ত হবে। এছাড়াও ইতোমধ্যে ঘোষিত প্রণোদনাগুলোও বহুলাংশে ব্যাংকনির্ভর। কাজেই ব্যাংকগুলোর ওপর বাজেট অর্থায়নের চাপ খুব বেশি না দেওয়াই কাম্য। চলতি অর্থবছরের সংশোধিত বাজেট অনুসারে সরকার ৮২ হাজার কোটি টাকার বেশি অভ্যন্তরীণ ব্যাংক থেকে ঋণ নিয়েছে। আর প্রস্তাবিত বাজেটে এ পরিমাণ বেড়ে দাঁড়াবে প্রায় ৮৫ হাজার কোটি টাকা। অর্থাৎ ব্যাংক ব্যবস্থা থেকে নেওয়া ঋণের অনুপাত বেড়েছে ৪ শতাংশের কম। মোট জাতীয় বাজেটের আকার বেড়েছে ১৩ শতাংশের বেশি। সে হিসেবে বলা যায়, সরকার সচেতনভাবেই অভ্যন্তরীণ ব্যাংকগুলোর ওপর কম চাপ দেওয়ার পরিকল্পনা করেছে।

খাতওয়ারি বরাদ্দের ক্ষেত্রে চলতি অর্থবছরের মতো আসন্ন অর্থবছরেও সর্বোচ্চ বরাদ্দ গিয়েছে শিক্ষা ও প্রযুক্তি এবং পরিবহন ও যোগাযোগ খাতে (যথাক্রমে ১৫.১ শতাংশ এবং ১১.৪ শতাংশ)। অনেকেই মনে করেন পরিবহন ও যোগাযোগ খাতে বরাদ্দ কিছুটা কমিয়ে সেটা করোনা মোকাবিলার অগ্রাধিকার খাতগুলোতে বরাদ্দ দেওয়া যেত। তবে এটাও মনে রাখতে হবে করোনাজনিত আর্থিক মন্দা কাটিয়ে উঠতে দেশি-বিদেশি বিনিয়োগের পরিবেশ উন্নত করার একান্ত প্রয়োজনীয়। সে বিচার থেকেই হয়তো পরিবহন ও যোগাযোগকে এ রকম অগ্রাধিকার দেওয়া হয়েছে।

স্বাস্থ্য খাতে বড় বরাদ্দ আশা করেছিলেন প্রায় সকলেই। তবে বাজেটের শতাংশ হিসেবে বেড়েছে সামান্যই। চলতি বছরের ৪ দশমিক ৯ শতাংশ বেড়ে আসন্ন অর্থবছরে ৫ দশমিক ১ শতাংশ হয়েছে। আকস্মিকভাবে বরাদ্দ বাড়ালে তা কার্যকরভাবে ব্যয় করা কতোটা সম্ভব সে বিবেচনার জায়গা থেকেই হয়তো এমন বরাদ্দ এসেছে স্বাস্থ্য খাতে। আশা থাকবে বাজেট চূড়ান্ত হওয়ার আগে এ বিষয়ে বিস্তারিত ব্যাখ্যা পাওয়া যাবে মাননীয় অর্থমন্ত্রীর কাছ থেকে। বাজেট অধিবেশনের আলোচনা সাপেক্ষে হয়তো এ বরাদ্দ কিছুটা বাড়তেও পারে।

সামাজিক সুরক্ষা খাতের বরাদ্দ মোট বাজেটের ৪ দশমিক ৯ শতাংশ থেকে বেড়ে ৫ দশমিক ৬ শতাংশে প্রস্তাব করা হয়েছে। করোনায় নতুন করে দরিদ্র হওয়া মানুষকে রক্ষা করতে এ খাতে বরাদ্দ বৃদ্ধি প্রত্যাশিত। তবে আরও বেশি মাত্রায় বাড়ানো যেত বলে আমরা মনে করি। মোট বাজেটের অন্তত ১০ শতাংশ এ খাতে বরাদ্দ করলে দারিদ্র্য নিরসনে গত এক দশকের অর্জন ধরে রাখা সুনিশ্চিত হতো।

করোনাজনিত আর্থিক স্থবিরতা কাটিয়ে ওঠার ক্ষেত্রে কৃষিই আমাদের রক্ষাকবচ। গত এক দশক ধরে কৃষিতে ধারাবাহিক সরকারি-বেসরকারি বিনিয়োগের সুফল আমরা পেয়েছি দারিদ্র্য নিরসন, কর্মসংস্থান সৃষ্টি, এমন কি রপ্তানি আয় বৃদ্ধির ক্ষেত্রে। করোনা পরিস্থিতির শুরুতেই মাননীয় প্রধানমন্ত্রী কৃষির জন্য প্রণোদনা ঘোষণা করায়, আশা করা হয়েছিল আসন্ন বাজেটেও তার ধারাবাহিকতা থাকবে। ২০২০-২১ অর্থবছরের প্রস্তাবিত বাজেটে এর কিছুটা প্রতিফলিত হয়েছে। চলতি বছর বাজেটের ৪ শতাংশের কম এ খাতে বরাদ্দ থাকলেও, প্রস্তাবিত বাজেটে এ অনুপাত বেড়ে দাঁড়িয়েছে ৫ দশমিক ৩ শতাংশে। তবে অন্য কিছু খাতে বরাদ্দ কিছু কমিয়ে এ খাতের বরাদ্দের অনুপাত আরও কয়েক শতাংশ বাড়ানো যেত বলে মনে হয়।

অগ্রাধিকার খাতে বরাদ্দ বাড়ানো যাচ্ছে না, কারণ বাড়তি বরাদ্দ ব্যয় করার মতো দক্ষতা সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও বিভাগগুলোর নেই- এমন শোনা যাচ্ছে। আসন্ন অর্থবছরে বাড়তি বরাদ্দ কার্যকরভাবে ব্যয় করার দক্ষতা যেন বাড়ে সে দিকে বিশেষ মনোযোগ দিতে হবে। কারণ করোনা পরবর্তী পরিস্থিতিতে অন্তত আরও কয়েক বছর স্বাস্থ্য, সামাজিক সুরক্ষা ও কৃষি খাতকে অগ্রাধিকার দিতে হবে, এবং সে অনুসারে বরাদ্দও দিতে হবে।

লেখক: অর্থনীতিবিদ, সাবেক গভর্নর বাংলাদেশ ব্যাংক ও বঙ্গবন্ধু চেয়ার ঢাকা বিশ্ববিদ্যালয়

কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল'



এটর্নী মঈন চৌধুরী
Moin Choudhury, Esq.
Hon. Democratic District Leader at Large, Queens, NY
মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।
সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইঙ্ক.
917-282-9256
Moin Choudhury, Esq
Email: moinlaw@gmail.com
Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দুর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দুর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্য
ফেডারেল ডিজএবিলিটি
(ফোস অগ্রিম ফি নেয়া হয় না)
Immigration
(To Schedule Appointment Only)



Timothy Bompart
Attorney at Law
Call:917-282-9256
E-mail: moinlaw@gmail.com
Moin Choudhury
Attorney at Law
Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372
Manhattan Office By Appointment Only.
Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076
Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court



ব্রঙ্কসে সিনেটর লুইস সিপুলভিদা এবং অ্যাসেম্বলীওম্যান কারিনা রেইস'র খাদ্য সামগ্রী

(শেষের পাতার পর)

শতাধিক মানুষের কাছে এই খাদ্য সামগ্রী বিতরণ করা হয়। এ সময় সিনেটর লুইস সিপুলভিদা, অ্যাসেম্বলীওমান কারিনা রেইস ছাড়াও কমিউনিটি লিডার রেভারেন্ড ফেলিসিয়া, স্টেট কমিটিওম্যান আমান্ডা ফারিয়াস, কমিউনিটি লিডার রেমন কাবরাল, কমিউনিটি লিডার জাস্টিন জাস্টিন ওয়েস্টবরুক উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে সিনেটর লুইস বলেন, নিউইয়র্ক সিটির পক্ষ থেকে ধর্ম, বর্ণ, স্টেটাস নির্বিশেষে সবার জন্য খাদ্য সরবরাহ নিশ্চিত করা হয়েছে। করোনা দুর্যোগ সময়ে আমরা আপনাদের পাশে ছিলাম এবং আগামী দিনেও আপনাদের পাশে থাকবো। যে কোন প্রয়োজনে যে কেউ আমার অফিসে যোগাযোগ করতে পারেন। তিনি আগামী ২৩ জুনের নির্বাচনে অ্যাসেম্বলীওম্যান কারিনা রেইস সহ তার টিমের সকলকে ভোট দিয়ে তাদের বিজয়ী করার জন্য আহবান জানান।

বাংলাদেশী কমিউনিটির পক্ষ থেকে বক্তব্য রাখেন বাংলাদেশী আমেরিকান ওয়েলফেয়ার অর্গানাইজেসানের সভাপতি আবদুস শহীদ, সহ সভাপতি এডভোকেট নাসির উদ্দীন, সাধারণ সম্পাদক মো: জামাল হোসাইন প্রমুখ। এসময় অন্যান্যদের মধ্যে বাংলা পত্রিকার বার্তা সম্পাদক হাবিবুর রহমান সহ সাংবাদিক শিবলী চৌধুরী কায়েস, সাংবাদিক দিদার চৌধুরী প্রমুখ উপস্থিত ছিলেন।

পরে সিনেটর লুইস এবং অ্যাসেম্বলীওম্যান কারিনা উপস্থিত ব্যক্তিবর্গের হাতে খাদ্য সামগ্রীর বক্স তুলে দেন।

ব্রঙ্কসে ইকনা'র খাদ্য সামগ্রী বিতরণ

(শেষের পাতার পর)

রোববার (১৪ জুন) বিকাল ৬টায় ব্রঙ্কসের পার্কচেস্টারে খলিল বিরিয়ানীর সামনে কয়েক শতাধিক মানুষের কাছে এই খাদ্য সামগ্রী বিতরণ করা হয়। ব্রঙ্কস কমিউনিটি কাউন্সিল ফাউন্ডার এবং চেয়ারমান সাব্বির আহমদ গুল করোনায় নিহতদের রুহের মাগফেরাত কামনা করেন।

বাংলাদেশী কমিউনিটির পক্ষ থেকে বক্তব্য রাখেন বাংলাদেশী আমেরিকান কমিউনিটি কাউন্সিলের সভাপতি এডভোকেট এন. মজুমদার, জালাল চৌধুরী, এ.ইসলাম মামুন প্রমুখ। এসময় কমিউনিটি নেতৃবৃন্দের মাঝে মনজুর চৌধুরী জগলুল, আবু খায়ের আকন্দ, সরকার আব্দুল মতিন, মোতাসিম বিল্লাহ তুশার, আলাউদ্দীন, নাদিম তালুকদার, খলিলুর রহমান, মো: নুরুল ইসলাম রতন, কাজী মনিরুজ্জামান রতন, মো: নজরুল ইসলাম বাবুল, পার্থ সাহা, ঝন্টু বনিক, মো: শাহজাহান মোল্লা, মাসুম সিকদার প্রমুখ উপস্থিত ছিলেন।

পরে সাব্বির গুল, এডভোকেট এন মজুমদার, এ.ইসলাম মামুন, তুশার, মতিন উপস্থিত ব্যক্তিবর্গের হাতে খাদ্য সামগ্রীর বক্স তুলে দেন। উল্লেখ্য, ইকনা'র উদ্যোগে প্রতি সপ্তাহে বিভিন্ন স্পটে ত্রাণ সামগ্রী বিতরণ করা হয়।

EFFICIENT MEDICAL CARE DHAKA DENTAL P.C.

ডা. বর্ণালী হাসান এমডি ও ডেন্টিস্ট মাহফুজুল হাসান ডি.ডি.এস
দুটি অফিসের মাধ্যমে দীর্ঘদিন ধরে চিকিৎসা সেবা দিয়ে আসছেন


DR. MAHFUJUL HASAN D.D.S


DR. BORNALI HASAN MD

চিকিৎসা সেবায় আগ্রহী ব্যক্তিরা যেকোন একটি অফিসে যোগাযোগ করতে পারেন।
প্রায় সব ধরনের মেডিকেইড, প্রাইভেট এবং ইউনিয়ন ইনসিওরেন্স গ্রহণ করা হয়।

মেডিকেইড, ফিডালিস কেয়ার, হেলথ ফার্স্ট ও এ্যাফিনিটি ইনসিওরেন্সের গ্রাহকেরা তাৎক্ষণিক ভাবে দাঁতের চিকিৎসা নিতে পারেন।

আমাদের শাখা দু'টি

JAMAICA
170-09 Hillside Ave. Jamaica, NY 11432
Tel: (718) 291-2710 (MEDICINE),
(718) 480-8877 (DENTAL)

SUNNY SIDE
40-14 Green Point Ave. Sunnyside, NY 11104
Tel: (718) 392-2858 (MEDICINE),
(718) 779-1300 (DENTAL)

General Dentist :
Dr. Hatim Gandhi, D.D.S
Dr. Frederik Fisher, D.D.S

উভয় অফিসে এপয়েন্টমেন্টের জন্য আমাদের সাথে যোগাযোগ করুন

ম্যানহাটনে বাংলাদেশী এটর্নী



● ইমিগ্রেশন ● রিয়েল এস্টেট
● এক্সিডেন্ট ● ম্যারিজ-ডিভোর্স
● ক্রিমিনাল ● ডিভোর্স সহ বিভিন্ন


সকল ধরণের আইনগত সহায়তার জন্য যোগাযোগ করুন।

মোহাম্মদ এ. আজিজ Esq.
এটর্নী এট ল'
For Appointment: (917)-434-3336
Tel: 212-695-0095, Fax: 212-695-0095, Email: azizlit1@yahoo.com
421 7th Avenue, Suite# 906, New York, NY 10001

বাংলা পত্রিকা
পড়তে
ভিজিট করুন
banglapartikausa.com

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ

অফিসের অধীনে শেভনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেনী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।



অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এট ল'

আমেরিকায় যে কোন নতুন ব্যবসায় ন্যূনতম বিনিয়োগের মাধ্যমে Treaty (E-2) ভিসার অধীনে এদেশে ব্যবসা করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হতে পারেন।

তাছাড়া ১ মিলিয়ন বা ন্যূনতম ৫ লাখ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।

বৈধভাবে এদেশে আপনার বিনিয়োগের অর্থ আনয়নে আমাদের সাথে পরামর্শ করতে পারেন।

দেশে কোন কোম্পানীর মালিক/পরিচালক হলে আপনি ও আপনার পরিবার ৭ বছরং'র সুবিধা নিতে পারেন এবং দু'বছর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।

আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?

* আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এসাইলামসহ সর্বপ্রকার রিয়েল এস্টেট ক্লোজিং, পার্সোনাল ইনজুরি, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিগ্যালাইজেশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
* আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
* আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।

Law Offices of Ashok K. Karmaker, P.C.
Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282. Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klpllc@gmail.com, Web: www.k-lpllc.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711

বাংলাদেশ কম্যুনিটিতে এখন সবচেয়ে বিশ্বস্ত ট্রাভেল এজন্সি

ডিজিটাল ট্রাভেলস এস্টোরিয়া



SUPER WINTER SALE

আমরা IATA অনুমোদিত

ফোন: 718-721-2012

উমরাহ্ স্পেশাল

★ হোটেল ★ ভিসা ★ ট্রান্সপোর্টেশান

KUWAIT AIRWAYS

Emirates
QATAR AIRWAYS
TURKISH AIRLINES
السعودية SAUDIA

আমাদের অফিস শুধুমাত্র এস্টোরিয়ায়

ডিজিটাল ট্রাভেলস এস্টোরিয়া
Digital Travel Astoria

2578, 31st Street, Astoria, NY 11102
সাবওয়েতে N ও W ট্রেনে 30th Avenue Station
Cell: 917-459-7181
website: www.digitaltraveltour.com

We are on Facebook



ব্রঙ্কসে কংগ্রেসওম্যান ওকাসিওর খাদ্য সামগ্রী বিতরণ

(শেষের পাতার পর)

শতাধিক মানুষের কাছে এই খাদ্য সামগ্রী বিতরন করা হয়। খাদ্য বিতরনে সহায়তা করেন আমেরিকান বাংলাদেশী ওয়েলফেয়ার অর্গানাইজেসনের নেতৃবৃন্দ।

অনুষ্ঠানে কংগ্রেসওমান ওকাসিও বলেন, এই সিটিতে ধর্ম, বর্ণ, স্টেটাস নির্বিশেষে আমরা সবার জন্য খাদ্য সরবরাহ নিশ্চিত করতে চাই। করোনা দুর্যোগ সময়ে আমরা আপনাদের পাশে ছিলাম এবং আগামী দিনেও আপনাদের পাশে থাকবো। তিনি আগামী ২৩ জুনের নির্বাচনে ভোট দিয়ে তাদের বিজয়ী করার জন্য আহবান জানান।

অনুষ্ঠানে সংক্ষিপ্ত বক্তব্য রাখেন বাংলাদেশী ওয়েলফেয়ার অর্গানাইজেসনের সভাপতি আবদুস শহীদ, সহ সভাপতি এডভোকেট নাসির উদ্দীন, আল মামুন সরকার, মেহের চৌধুরী, রেজা আবদুল্লাহ স্বপন, নুরুল ইসলাম, খলিলুর রহমান প্রমুখ। অনুষ্ঠানটি পরিচালনা করেন সংগঠনের সাধারণ সম্পাদক মো: জামাল হোসাইন।

পরে কংগ্রেসওম্যান ওকাসিও উপস্থিত ব্যক্তিবর্গের হাতে খাদ্য সামগ্রী তুলে দেন। অনুষ্ঠান শেষে ওকাসিও বাংলাদেশী বিপনী কেন্দ্রগুলো ঘুরে দেখেন। খলিল বিরিয়ানী হাউজের সৌজন্যে তাকে আপ্যায়িত করা হয়।

বাড়ী ক্রয়ের প্রস্তুতি

(শেষের পাতার পর)

বাড়ীর মালিককে অন্তত ড্রিল মেশিন চালানোর যোগ্যতা থাকলেই তিনি বাড়ী ক্রয়ের জন্য প্রস্তুত বলেই ধরে নেয়া যায়। মনে রাখতে হবে ছোট-খাটো অনেক কাজ থাকে যা মালিক নিজেই করতে পারেন। তানাহলে একদিকে বাড়ীর যেমন সঠিকভাবে খাকবে না, তেমনী বাড়ীর মূল্যও কমে যাবে।

হঠাৎ ঘরের তালা নষ্ট হয়ে যেতে পারে, বাথরুমে সমস্যা দেখা দিতে পারে। বৈদ্যতিক কানেকশনে সমস্যা দেখা দিতে পারে। ইত্যাদি ছোট-খাটো সমস্যাগুলো বড় সমস্যার সৃষ্টি করতে পারে। তাই সংশ্লিস্ট বাড়ীর মালিককে ছোট-খাটো কাজ নিজেকেই করতে হতে পারে। এক্ষেত্রে ইউটিউবের সাহায্য নেয়া যেতে পারে। প্রয়োজনে বন্ধু-বান্ধবের সাহায্য নেয়া যেতে পারে। তবে সর্বোত্তম হচ্ছে বাড়ী ক্রয়ের অগে বা বাড়ীর মালিক হওয়ার পূর্বে বাড়ী সুন্দর ও ভালো রাখার ছোটখাটো সমস্যাগুলো আগেভাগেই জেনে নেয়া ভালো।

নিউইয়র্কে আপনার ক্রেডিট স্কোর, ক্রেডিট রিপেয়ার, মর্টগেজ সহ বাড়ী ক্রয়-বিক্রয়ে আমরা পরামর্শ দিয়ে থাকি। প্রয়োজনে কল করুন: ৭১৮-৫০৭-লোন (৫৬২৬)

কানাডা-আমেরিকা সীমান্তে কড়াকড়ির মেয়াদ বাড়তে পারে

(শেষের পাতার পর)

বিধিনিষেধ আরোপ করা হয়েছে। দু'দেশের মধ্যে সীমান্তের জলে ভ্রমণকে সীমাবদ্ধ করেছে নিউইয়র্ক। গত ২১ জুনের মেয়াদ শেষ হওয়ার আগে যুক্তরাষ্ট্র-কানাডিয়ান সীমান্ত অতিক্রম করতে ইচ্ছুক ব্যক্তিদের উপর অপরিহার্য ভ্রমণ বিধিনিষেধ আরোপ করা হয়েছে। কানাডা এবং যুক্তরাষ্ট্র অপরিহার্য ভ্রমণের উপর জুলাইয়ের শেষের দিকে নিষেধাজ্ঞার মেয়াদ বাড়িয়ে দিতে প্রস্তুত, কারণ উভয় দেশই করোনভাইরাসটির বিস্তার নিয়ন্ত্রণ করতে চায়।

সীমান্তে কড়াকড়ি হওয়ায় দুই দেশের মধ্যে যাতায়াত কমেছে। কানাডা জানিয়েছে, গত মাসে যুক্তরাষ্ট্র থেকে কানাডায় আসাদের সংখ্যা গত বছরের তুলনায় ৯৫ শতাংশ কমেছে। গত বছর মে মাসে সীমান্ত দিয়ে কানাডায় গেছে ১ লাখ ১৯ হাজার ৩০০ জন। এ বছর সেই সংখ্যা দাঁড়িয়েছে মাত্র ২ হাজার ৫০০ জনে।

কানাডা ও যুক্তরাষ্ট্রের সীমান্ত খুলে দেওয়া নিয়ে অনেকেই শঙ্কা প্রকাশ করেছেন। স্থানীয়রা মনে করছেন, স্বাস্থ্যের কথা চিন্তা করে আরও কিছুদিন সীমান্ত বন্ধ রাখা উচিত।

জীবন থেমে থাকেনা!

(শেষের পাতার পর)

ঘুমায় না, সেই ম্যানহাটন ছিলো জনমানবহীন! গত তিনমাস লকডাউন ছিলাম আমরা। প্রতিটা দিন আতংকের মধ্য দিয়ে পার করেছি। এতোএতো মৃত্যুর খবর আমাদের ভীষণ কষ্ট দিয়েছে। সেই কষ্ট সইতে সইতে নিউইয়র্কে আমরা আবার একটু স্বাভাবিক হওয়ার চেষ্টা করছি, কিন্তু এখন বাংলাদেশের খবর আমাদেও আবার সেই ভয়াল দিনগুলোতে ফিরিয়ে নিয়েছে! প্রতিদিনই অনেক মৃত্যু সংবাদ পাচ্ছি বাংলাদেশে।

গত এপ্রিলে যেমন করোনা প্যানডেমিক এর এপিসেন্টার ছিলো নিউইয়র্ক! এখন মনে হচ্ছে ঢাকা, বাংলাদেশ! আমেরিকা এতো উন্নত দেশ, সেখানেই হসপিটালে জায়গা ছিলোনা! ভেন্টিলেটরছিলোনা! হসপিটালে ধারণ ক্ষমতার চেয়ে অনেক বেশী রোগী ছিলো! চিকিৎসা না পেয়েওয়েটিং রুমেই মরে গিয়েছে কতোজন! সেই একই চিত্র এখন বাংলাদেশে! কী-যে ভয় লাগছে!

তবুও জীবনতো থেমে থাকে না! জীবন গতিশীল। সাময়িক সব কিছু স্থবির হয়েগিয়েছিলো। আবার নিউইয়র্ক সচল হওয়ার পথে। আমরা নতুন পরিবর্তিত পরিস্থিতিতে নিজেদেরকে মানিয়ে নেয়ার চেষ্টা করছি। আবার আমরা অফিস শুরু করার আপেক্ষায়! আবার বাংলা পত্রিকা'য় "শুক্রবারের বাংলা আড্ডা" আয়োজনে সবাইকে দেখতে পাবো সেই স্বপ্নে ভিভোর! আবার শিশুরা স্কুলে যাবে, মাঠে খেলবে!

সব ভয়, সব বাধা পেরিয়ে আবার মুখরিত হবে বাংলা পত্রিকা'র নিউজরুম! আবার সবাই একসাথে চা খাবো! বন্ধুরা আবার দলবেধে ঘুরতে যাবো, গল্প করবো, আবার ফিরে পাবোসেই সুন্দর দিনগুলো। সেই আকাঙ্খায় বেঁচে আছি!

সাবেক মন্ত্রী নাসিম ও প্রতিমন্ত্রী আব্দুল্লাহ'র মৃত্যুতে শোক প্রকাশ

(শেষের পাতার পর)

শোক ও সমবেদনা প্রকাশ করেছেন। পৃথক পৃথক বিবৃতিতে নেতৃবৃন্দ তাদের শোক বার্তায় তারা উভয়ের বিদহী আত্মার মাগফেরাত কামনা এবং শোক সন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা প্রকাশ করেন। তারা বলেন, তাদের মৃত্যুতে দল, দেশ ও জাতি ক্ষতিগ্রস্ত হলো।

সাবেক মন্ত্রী মোহাম্দ নাসিম ও প্রতিমন্ত্রী মোহাম্মদ আব্দুল্লাহ'র মৃত্যুতে শোক প্রকাশকারী নেতৃবৃন্দের মধ্যে রয়েছেন যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সভাপতি ড. সিদ্দিকুর রহমান, ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক আব্দুস সামাদ আজাদ, উপদেষ্টা ডা. মাসুদুর রহমান, ড. প্রদীপ কর, সাংগঠনিক সম্পাদক আব্দুর রহীম বাদশা ও মহিউদ্দিন দেওয়ান, প্রচার সম্পাদক হাজী এনাম, মানবাধিকার বিষয়ক সম্পাদক মিসবাহ আহমেদ, শিল্প ও বাণিজ্য বিষয়ক সম্পাদক ফরিদ আলম, শিক্ষা বিষয়ক সম্পাদক জাহাঙ্গীর করীম, নিউইয়র্ক ষ্টেট আওয়ামী লীগের সভাপতি মজিবুর রহমান মিয়া ও সাধারণ সম্পাদক শাহীন আজমল, নিউইয়র্ক মহানগর আওয়ামী লীগ নেতা জাকারিয়া চৌধুরী, এমদাদ চৌধুরী, সৈয়দ ইলিয়াস খসরু, কুইন্স আওয়ামী লীগের সাধারণ সম্পাদক একেএম শফিকুল ইসলাম, যুবলীগ নেতা সেবুল মিয়া, ইফজাল আহমেদ চৌধুরী প্রমুখ।



BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET

বিসমিল্লাহ হালাল লাইভ পোল্ট্রি, মিট এন্ড ফিস মার্কেট

New Price

বিশাল মূল্যছাড়

রেড/ব্লাক চিকেন $3.25/lb

১০টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ৩টি ফ্রি

৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি (৩টি রেড হার্ড চিকেন ফ্রি)

৩টি হার্ড চিকেন $12.99 (১টি রেড হার্ড চিকেন ফ্রি)

প্রতিদিন জবেহ করা হালাল মাংসের মধ্যে রয়েছে-

রেগুলার গোট $4.49/lb বেবি গোট $6.49/lb

বিমানে আসা তাজা মাছসহ আমাদের এখানে পাবেন লাইভ ফিস

এছাড়াও আমাদের এখানে সুলভ মূল্যে পাওয়া যাবে বাংলাদেশের যাবতীয় ব্লকের মাছ

বোয়াল, আইড়, কোরাল, পাবদা, স্টার বাইন, লং বাইন, চিতল, কাতলা, বাহা ও শোল

সাইজ তেলাপিয়া	$3.49/lb
সাইজ বাবেলো	$3.49/lb
আমেরিকান ইলিশ	$1.99/lb
দেশী রুই	$1.79/lb
Herring Fish (চাপিশা মাছ)	$2.49/lb
Porgy	$1.49/lb

লাইভ ওটকিস, শাপলা, স্কুইড ফ্যাং, ঈকস, স্পেন, ছুরিং, ফ্রাই, বাংলাদেশী পদ্মা টিংড়ি এবং ইলিশ মাছ

স্পেশাল

দেশী আলমাস বাইন	$ 17.99
আমিন বালাহাটি বাইন	$ 17.99
আমিন বালাহাটে বাইন	$ 9.99
ভোলার বালাহাটি বাইন	$ 18.99
বাছাই বালাহাটি বাইন	$ 13.99
হালদার বালাহাটি বাইন	$ 12.99

ফ্রি ডেলিভারী মিনিমাম ৫০ ডলার

EBT & Foodstamp

Open 7 Days: 8:00am to 7:30pm

Direction: R, Q, Via 46 to Northern Blvd

37-15, 55th Street, Woodside, NY 11377 (Bet. 37&38 Ave)

718.205.7200 917.295.4011

Hakim & Co Multiservices

One Stop Solutions For Community Needs



TAX & Immigration Service



Rukon Hakim
Tax Preparer
917-362-2442

Manna Muntasir
Tax Preparer
929-332-9125

এখান থেকে বাংলাদেশে টাকা পাঠানো হয়

Money Transfer

Ria MONEY TRANSFER

Individual Tax Filing

- Tax Files
- Real Estate
- Citizenship Application
- Immigration Visa Application
- Green Card Renewal Applicat
- Passport Application
- Bill Payments
- Notary Public
- Affordable Housing Application
- Medicaid & Medicare Application

& much more...

INSTANT CASH PICK-UP

IRS e-file

APPROVED

INSTANT Refund

Hajj & Umrah Services

SEND MONEY WORLDWIDE Authorized Money Transfer Agent

SUNMAN

vigo by Western Union

AB Bank রূপালী ব্যাংক

নির্ভরযোগ্য ভ্রমনের জন্য আজই আসুন

নুন্যতম মূল্যে সর্বোত্তম সেবার প্রতিশ্রুতি

Airline Tickets

(এয়ার লাইন টিকেট)

INTERNATIONAL & DOMESTIC FLIGHTS

বাংলাদেশ সহ বিশ্বের যেকোন স্থানে ভ্রমণের জন্য সুলভ মূল্যে বিমান টিকেট পেতে আমাদের সেবা নিন

718-775-3436

WE ARE OPEN 7 DAYS

আমরা সপ্তাহে ৭ দিন ই খোলা

3156 Bainbridge Ave, Bronx NY 10467

www.hakimmultiservices.com

দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়

আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী

বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।

বিনামূল্যে ব্লাড সুগার মনিটর

২৫% ছাড় কুপন সহ যে কোন পণ্য ক্রয়ে

প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নহে

ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই



এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়

নিউইয়র্ক লটারী খেলার ব্যবস্থা রয়েছে

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহণ করে থাকি।



- প্রতিদিন সর্বোচ্চ কমমূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়,
- সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ্ কেয়ার, প্রসাধন সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ্ এন্ড বিউটি কেয়ার
- ফটোকপি ৫ সেন্ট,
- ফ্যাক্স সার্ভিস,
- ৯৯ সেন্ট-এ উপহার কার্ড,
- ফিল্ম প্রসেসিং

PARKCHESTER FAMILY PHARMACY

১৪৪৫ ইউনিয়ন পোর্ট রোড (জে এন্ড কে বুফের পাশে) ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২ (347) 851-2688

আমাদের অন্য কোন শাখা নেই

আমরা অন্য ফার্মেসী থেকে আপনার সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।

ইমিগ্রেশন ও আপনি



এটর্নী শাকিল এইচ কাজমী
এবং
এটর্নি জন রিভস

বাংলা পত্রিকা'র ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্যে রইলো শুভচ্ছা ও ধন্যবাদ।

আশা করি করোনাভাইরাসের ভয়াল আগ্রাসন থেকে আপনারা সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবনই আমাদের কাম্য।
আর তাই ইমিগ্রেশন বিষয়ে যেকোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্যে প্রস্তুত। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনারা এতোটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো।

নিউইয়র্ক থেকে ফারুক হোসেনের প্রশ্নঃ
আমার স্ত্রী দুই বছর হলো এদেশে এসেছে। এখানে আসার পরে আমি তার ওয়ার্ক পারমিট ও সোসাল সিকিউরিটি নম্বরের জন্যে আবেদন করায় সে ওয়ার্ক পারমিট ও সোসাল সিকিউরিটি নম্বর পেয়েছিলো। আমি তার স্ট্যাটাস এডজাস্টমেন্টের জন্যে আবেদন করেছি। এর মধ্যে আমার সিটিজেনশীপ পাবার কথা আছে। আমার স্ত্রীতো কোন কাজ করে না। সেকারণে তার জন্যে ওয়ার্ক পারমিট নবায়ন করতে হবে কিনা? তার ওয়ার্ক পারমিটের মেয়াদ শেষ হয়ে যাবে বলে আপনার কাছে আমার এই জিজ্ঞাসা। আশাকরি উত্তর পাবো।

ফারুক হোসেনের প্রশ্নের উত্তরঃ
আমরা সবসময় যে কথাটি বলে থাকি তা হচ্ছে যে ওয়ার্ক অথারাইজেশন কার্ড কাউকে বৈধ বা অবৈধ বলে সনাক্ত করেনা। আপনার স্ত্রীর ওয়ার্ক পারমিটের মেয়াদ শেষ হয়ে যাবার অর্থ তিনি অবৈধ নন। আবার ওয়ার্ক পারমিট থাকলেও যদি তার কেস বন্ধ হয়ে যায় তবে তিনি স্ট্যাটাসহীন বলে বিবেচিত হবেন। তবে আমরা অধিকাংশ এরকম ক্ষেত্রে ওয়ার্ক পারমিট নেবার জন্যে পরামর্শ দিয়ে থাকি। এর কারণ হচ্ছে এটা এক ধরনের বৈধ আইডি। মনে রাখতে হবে যে ওয়ার্ক পারমিট নেয়া আবশ্যিক নয়। এটা অপশনাল। এর অর্থ হচ্ছে বৈধ আইডি রাখা ভালো কিন্তু জরুরী নয়।

নিউইয়র্ক থেকে এস, আহমেদের প্রশ্নঃ
আমি একজন ইউএস সিটিজেন। একজন ইউএস সিটিজেন হিসেবে আমি অনেক বছর যাবত আমার স্ত্রী সন্তানসহ এদেশে বাস করছি। বাংলাদেশে আমার ভাই-বোন আছে। একজন ইউএস সিটিজেন হিসেবে আমি আমার ভাই-বোনদের জন্যে আবেদন করতে ইচ্ছুক। ইমিগ্রেশন বিষয়ে আমি তেমন কিছু জানিনা বলে আপনার পরামর্শের জন্যে লিখলাম। উল্লেখ্য, যে আমার ভাই বিবাহিত বলে কোন সমস্যা হতে পারে কিনা?

এস আহমেদের প্রশ্নের উত্তরঃ
আপনি একজন ইউএস সিটিজেন। বাংলাদেশে বসবাসকারী আপনার বিবাহিত ভাইয়ের জন্যে আবেদন করতে চান। আপনার প্রশ্নের উত্তরে আমরা প্রথমেই উল্লেখ করতে চাই যে একজন ইউএস সিটিজেন কাদের জন্যে আবেদন করার ব্যাপারে উপযুক্ত বলে বিবেচিত হনঃ
১। স্পাউস (স্বামী/স্ত্রী)
২। সন্তান
৩। মা-বাবা এবং
৪। ভাইবোন।
ইমিগ্রেশন আইন অনুযায়ী একজন ইউএস সিটিজেন হিসেবে আপনি আপনার বাংলাদেশে বসবাসকারী বিবাহিত/অবিবাহিত ভাইবোনের জন্যে আবেদন করতে পারেন। তবে একজন ইউএস সিটিজেনের স্পাউস, মা-বাবা এবং ২১ নিম্ন বয়সের অবিবাহিত সন্তানেরা প্রথম প্রেফারেন্সে পড়ে। প্রথম প্রেফারেন্স অর্থাৎ এই ক্যাটেগরীর আত্মীয়দের অপেক্ষা করতে হয় না। কাগজপত্র প্রস্তুত হতে যতটা সময় লাগে সে পর্যন্তই অপেক্ষা করতে হয়।
জানা গেছে, করোনাভাইরাসে বিপর্যস্ত আমেরিকায় নীনা আহমেদের নির্বাচিত হওয়া মোটেই সহজ ছিল না। পেনসিলভেনিয়ায় ডেমোক্রেটিক দলের রাজনীতির নিয়ন্ত্রক ডেমোক্রেট শ্বেতাঙ্গদের চরম বিরোধিতায় পড়েছিলেন তিনি। রাজ্যের অনগ্রসর কমিউনিটির নানা শ্রমিক সংগঠন তাকে সমর্থন করে। দলের রাজ্য পর্যায়ের বড় বড় নেতাদের বিরোধিতার কারণে দৃশ্যত তার নির্বাচিত হওয়া অনিশ্চিত হয়ে পড়েছিল। আসছে নভেম্বরে সাধারণ নির্বাচনের আনুষ্ঠানিকতার পর রাজ্যের দ্বিতীয় গুরুত্বপূর্ণ পদ অডিটর জেনারেলের দায়িত্ব গ্রহণ করবেন নীনা আহমেদ।

নীনা আহমেদ একজন নারীবাদী ও প্রথম প্রজন্মের বাংলাদেশী-আমেরিকান। সাবেক প্রেসিডেন্ট বারাক ওবামার সময়ে তিনি একজন উপদেষ্টা হিসেবে কাজ করেছেন। এর আগে নীনা আহমেদ ফিলাডেলফিয়া নগরে মেয়র জিম কেনির অধীনে পাবলিক এনগেজমেন্টের ডেপুটি মেয়র হিসেবে দায়িত্ব পালন করেছেন। নারী কমিশন, ব্ল্যাক মেল এনগেজমেন্ট অফিস ও যুব কমিশনের তদারকি করেছেন এবং এলজিবিটি বিষয়ক কার্যালয়ের সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করেছেন।

তিনি এশীয় আমেরিকান ও প্রশান্ত মহাসাগরীয় দ্বীপপুঞ্জবাসীর বিষয়ে রাষ্ট্রপতি ওবামার উপদেষ্টা কমিশন এবং এশিয়ান আমেরিকান বিষয়ক মেয়র নাটারের কমিশনেও দায়িত্ব পালন করেন।



সৌদির পতিতালয় থেকে ৭ বাংলাদেশী গ্রেপ্তার

(প্রথম পাতার পর)

পতিতালয় অবস্থিত। সৌদির পুলিশ বলছে, আল মানাখ জেলায় দুই বাংলাদেশি মিলে পতিতাবৃত্তির নেটওয়ার্ক তৈরি করেছে। দেশটির গণমাধ্যম গালফ নিউজ এ খবর প্রকাশ করেছে। প্রতিবেদনে বলা হয়, গৃহকর্মী নারীদের প্ররোচিত করে পতিতালয় দুটিতে যৌনকর্মী হিসেবে নিয়োগ দেওয়া হতো। রিয়াদ পুলিশের মুখপাত্র কর্ণেল শাকের আল তু-ওয়াইজরি গালফ নিউজকে বলেন, 'আল মানাখ থেকে সাত বাংলাদেশি নাগরিককে গ্রেপ্তার করা হয়েছে। তাদের মধ্যে দুজন সেখানে দুটি পতিতালয় গড়ে তুলেছেন। তারা গৃহকর্মীদের যৌনকর্মী হতে প্ররোচিত করেন।'

গৃহকর্মীদের তাদের মালিকের (কোফিল) কাছ থেকে ফাঁকি দিয়ে পালাতেও সাহায্য করেন অভিযুক্তরা। পরে তাদের আল মানাখে এনে পতিতাবৃত্তিতে বাধ্য করতেন অভিযুক্তরা।

ঘটনার সময় পতিতাবৃত্তির অভিযোগে দশ নারীকে গ্রেপ্তার করা হয়। গ্রেপ্তারকৃতরা সবাই এশিয়ার বিভিন্ন দেশের নাগরিক। তাদের বয়স ৪০ থেকে ৫০ এর মধ্যে। এদের সবাইকে রিমান্ডে নেওয়া হয়েছে।

কামরান আর নেই

(প্রথম পাতার পর)

(ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাহী রাজেউন)। সিলেট পাইলট স্কুলে ছাত্ররাজনীতির সঙ্গে যুক্ত হন বদর উদ্দিন আহমদ কামরান। ছাত্র অবস্থায় ১৯৬৯- এর গণঅভ্যুত্থানে রাজপথ মাতিয়েছেন। এরপর সত্তরের নির্বাচনের সময় ছাত্র অবস্থায় মাঠ কাঁপিয়েছেন। এরপর আর রাজনীতি ছাড়েননি। বিভিন্ন আন্দোলন সংগ্রামে দীর্ঘ তিন দশক সিলেটের রাজনীতিতে নেতৃত্ব দিয়েছেন বদর উদ্দিন আহমদ কামরান।

সিলেট আওয়ামী লীগের সঙ্গে বদর উদ্দিন আহমদ কামরানের নাম যেন যুক্ত হয়ে গেছে। আওয়ামী লীগের জন্য কাজ করে কর্মী থেকে প্রশংসিত হয়ে ক্রমে শীর্ষে পৌঁছান তিনি। ছাত্ররাজনীতি থেকে শহর, নগর থেকে কেন্দ্রীয় আওয়ামী লীগের নেতৃত্বে পৌঁছেছেন। সিলেট সিটি করপোরেশন গঠনের পর পৌর চেয়ারম্যান থেকে ভারপ্রাপ্ত মেয়র, এরপর নির্বাচিত মেয়র হিসেবে তাঁর নাম উঠে আসে।

১৯৮৯ সালে শহর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হিসেবে সিলেটের আওয়ামী রাজনীতির শীর্ষ নেতৃত্বে আসেন কামরান। ১৯৯২ সালে এবং ১৯৯৭ সালে পুনরায় সাধারণ সম্পাদক নির্বাচিত হন। ২০০২ সালে প্রথমবারের মত সিলেট মহানগর আওয়ামী লীগের সভাপতি নির্বাচিত হন তিনি। ২০০৫ এ সম্মেলনের মাধ্যমে এবং ২০১১ সালে গঠিত কমিটিতে মহানগর আওয়ামী লীগের পুনরায় সভাপতির দায়িত্ব পান। গত বছরের ডিসেম্বরে অনুষ্ঠিত সিলেট মহানগর আওয়ামী লীগের সর্বশেষ সম্মেলনে সভাপতির পদ হারান কামরান। প্রায় তিন দশক কামরানবিহীন পথচলা শুরু হয় সিলেট আওয়ামী লীগের। তবে পরবর্তী কেন্দ্রীয় কমিটির সম্মেলনে নির্বাহী সদস্য করা হয় কামরানকে।

এদিকে, রাজনীতিতে যেমনটি দলের নেতাকর্মীর কাছে জনপ্রিয় ছিলেন কামরান, তেমনী জনপ্রতিনিধি হিসেবে সাধারণ মানুষের মনে ঠাঁই করে নিয়েছিলেন। ১৯৭২ সালে উচ্চ মাধ্যমিকের ছাত্র থাকা অবস্থায় সিলেট পৌরসভার সর্বকনিষ্ঠ কমিশনার হয়ে চমক দেখান জনতার কামরান। সেই থেকে সিলেট পৌরসভার অবিচ্ছেদ্য অংশ হয়ে পড়েন তিনি। পরবর্তীতে আর পেছনে ফিরে তাকাতে হয়নি তাকে। টানা ১৫ বছর ছিলেন পৌরসভার কমিশনার। মাঝপথে খানিকটা বিরতি ছিল প্রবাসে যাওয়ায়। সেবার নির্বাচন থেকে বিরত ছিলেন। প্রবাস থেকে ফিরে ১৯৯৫ সালে পৌরসভার চেয়ারম্যান নির্বাচিত হন।

২০০২ সালে দু'টি পাতার একটি কুঁড়ির দেশ সিলেট সিটি করপোরেশনে উন্নীত হলে তিনি হন ভারপ্রাপ্ত মেয়র। ২০০৩ সালে প্রথম সিটি নির্বাচনে তিনি বিএনপির প্রার্থীকে হারিয়ে বিপুল ভোটে বিজয়ী হন। সিলেট সিটি করপোরেশনের প্রথম মেয়র নির্বাচিত হয়ে ইতিহাসে নাম লেখান তিনি। ১/১১'র সময়ে দুইবার কারাবরণ করেন কামরান। ২০০৮ সালে কারাগার থেকে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করে বিপুল ভোটে মেয়র নির্বাচিত হন তিনি। সর্বশেষ দুটি সিটি নির্বাচনে ক্ষমতাসীন দলের হয়ে প্রতিদ্বন্দ্বিতা করে বিএনপির প্রার্থী আরিফুল হক চৌধুরীর কাছে পরাজিত হন কামরান।

করোনাভাইরাসে আক্রান্ত হয়ে ঢাকার সম্মিলিত সামরিক হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় রোববার (১৪ জুন) দিবাগত রাত আড়াইটার দিকে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন তিনি।

জানা যায়, গত ৫ মে সিলেটের সাবেক মেয়র বদরউদ্দিন আহমদ কামরান করোনা শনাক্ত হন। এ সময় তিনি নিজ বাসাতেই ছিলেন। স্ত্রী আসমা কামরান তার আগে ২৭ মে করোনা আক্রান্ত হন। স্ত্রীকে নিয়ে দুশ্চিন্তা ছিল কামরানের। নিজে করোনা আক্রান্ত হওয়ার পর বাসাতে থাকাকালেই তার শ্বাস-প্রশ্বাসে সমস্যা দেখা দেয়। এ কারণে ওই রাতে বাসাতে রেখেই অক্সিজেন সাপোর্ট দেয়া হয়। ৬ মে শারীরিক অবস্থার অবনতি হলে তাকে সিলেটের আইসোলেশন সেন্টার শহীদ শামসুদ্দিন আহমদ হাসপাতালে ভর্তি করা হয়। সেখানে চিকিৎসাধীন থাকা অবস্থায়ও তার শারীরিক অবস্থার অবনতি হওয়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশে উন্নত চিকিৎসার জন্য এয়ার এম্বুলেন্সযোগে রাজধানীর সিএমএইচে নিয়ে যাওয়া হয়। গত ৮ মে তার শরীরে প্লাজমা থেরাপি দেয়া হয়। এদিকে সুস্থ হওয়ার পথে রয়েছেন সিলেটের বাসায় থাকা স্ত্রী আসমা কামরান। এখন তার শরীরে করোনার কোনো উপসর্গ নেই। কামরানের পরিবারের ঘনিষ্ঠজন ও সিলেট মহানগর যুবলীগ নেতা মেহেদী কাবুল জানিয়েছেন, বাসায় চিকিৎসা নিচ্ছেন কামরানের স্ত্রী আসমা কামরান। তাকে দু'একদিনের মধ্যে ফলোআপ টেস্ট করা হবে।



করোনা যুদ্ধে বাজারে হিজাব-মাস্ক

(৩ পাতার পর)

আমেরিকান এই মডেলের নয়া ডিজাইন বিশ্ব ফ্যাশ-নবাজারে ঝড় তুলেছে। বিখ্যাত আমেরিকান ফ্যাশন ম্যাগাজিন ওলুর এবং পোশাক প্রস্তুতকারী সংস্থার এনিওয়েয়র-এর সঙ্গে গাঁটছড়া বেঁধে হালিমা তৈরি করেছেন নতুন ধরণের পিপিই। জানা গেছে, এই সমস্ত কিছু সীমিত সময়ের জন্য তৈরি করা হচ্ছে। বিশেষ করে হিজাব পরিহিতা মুসলিম মহিলাদের কথা মাথায় রেখেই প্রস্তুত করা হচ্ছে এই ধরণে মাস্ক-হিজাব সেট।

প্রতিটি সেট বিক্রির অর্থ দিয়ে করোনা যুদ্ধে সামনে থেকে লড়াইয়ে চালানো স্বাস্থ্যকর্মীদের জন্য বিনামূল্যে পিপিই দান করা হবে। হ্যাশট্যাগ ব্যাডিংটুগেদার নামে এই পরিকল্পনার প্রচার চালানো হচ্ছে সোশ্যাল মিডিয়ায়। ইন্সটাগ্রামে ইতিমধ্যে হালিমার পদক্ষেপের অনেকেই প্রশংসা করেছেন। তার তৈরি পিপিই কিনে হালিমার এই মহৎকার্যের সঙ্গে অনেকে যুক্ত হচ্ছেন। তারাও পরোক্ষভাবে করোনা লড়াইয়ে হালিমার সঙ্গ দিচ্ছেন।

সম্প্রতি নিজের ইন্টাগ্রাম হ্যান্ডলে হালিমা বিষয়টি নিয়ে প্রচার চালিয়েছেন। এই পরিকল্পনা নিয়ে উচ্ছ্বাস প্রকাশ করে হালিমা লেখেন, 'ওলুর এবং এনিওয়েয়র-ডিজাইনের সঙ্গে হ্যাশট্যাগ ব্যানডিংটুগেদার প্রোজেক্টের সঙ্গে যুক্ত হতে পেরে আমি খুবই উচ্ছ্বসিত। আপনি যখনই আমার এই সীমিতভাবে আসা ফেস মাস্ক এবং হিজাব সেট কিনবেন, এনিওয়েয়রডিজাইন একটি হেডব্যান্ড, হিজাব সেট বা মেডিক্যাল টুপি করোনা যুদ্ধে লড়াই চালানো একজন চিকিৎসক, নার্স অথবা স্বাস্থ্যকর্মীকে দান করবে। তাই লিঙ্ক গিয়ে আমার এই বিশেষ উদ্যোগে যুক্ত হন।'

এনিওয়েয়রডিজাইনের ইন্টাগ্রাম প্রোফাইলে গেলেই দেখা যাবে হালিমার বিশেষ ধরণের হ্যাডবেন্ড, টুপি, ব্যান্ডেনাস এবং মুখ ঢাকা বোতাম লাগানো মাস্ক। এগুলি সমস্তই ভেষজ কাপড় দিয়ে তৈরি। মসলিন কাপড়ের এই মাস্ক প্রতিদিনের ব্যবহারের জন্য তৈরি করা হয়েছে। হালিমার সঙ্গে এই উদ্যোগ যুক্ত হয়েছেন আরও দুই আন্তর্জাতিক ফ্যাশন দুনিয়ার সেলিব্রেটি। হেয়ারস্টাইলিস্ট ক্রিস ম্যাকমিলান এবং মেকআপ আর্টিস্ট ডেনিয়েল মার্টিন।

ফের বিয়ে ভাঙতে চলেছে ট্রাম্পের?

(৩ পাতার পর)

প্রেসিডেন্টের অজানা নয়। এখন মেলানিয়া বিবাহ বিচ্ছেদ চাইলে সেই অস্ত্রই প্রয়োগ করতে পারেন ট্রাম্প। যদিও কী কারণে (বাকি অংশ ০০ পাতায়)

(৩ পাতার পর)

আমেরিকার ফার্স্ট লেডি ডিভোর্স চাইছেন, সে বিষয়ে ওই বইতে খোলসা করে কিছু জানানো হয়নি।

যদিও গোটা বিষয়টি ফুৎকারে উড়িয়ে দিয়েছেন মেলানিয়া। নিজের স্বার্থ চরিতার্থ করার জন্য নিউম্যান তাঁর বইতে এই সমস্ত অবান্তর ও মনগড়া কথা লিখেছেন বলেও তার দাবি। ফার্স্ট লেডির মুখপাত্র এক বিবৃতিতে বলেছেন, মেলানিয়ার হোয়াইট হাউজের কর্মী ছিলেন ঠিকই কিন্তু মেলানিয়ার সঙ্গে তার সাক্ষাৎ হয়নি বললেই চলে। ফলে নিজের বইতে তিনি ট্রাম্প দম্পতির দাম্পত্য জীবন নিয়ে যে সমস্ত কথা লিখেছেন সবটাই আষাঢ়ে গল্প ছাড়া আর কিছু নয়।

Highland Medical Care, PLLC



Nazmul H. Khan, MD, FACP
Board Certified in Internal Medicine

Address
87-30, 167th St. Jamaica, NY 11432
Phone: 718-262-8991
Fax: 718-262-8992

Bronx Office
1268 Whitepalins Road.
Bronx,
NY 10472
718-792-6991

Jackson Heights Office
37-33 77th St. & 1,
Jackson Heights
NY 11372
718-476-6100



* স্বল্পমূল্যে চিকিৎসার ব্যবস্থা
* জীবানুমুক্ত অস্ত্রপাতি
* সর্বাধুনিক প্রযুক্তি। অভিজ্ঞ ডাক্তার
* মেডিকেইড। ইন্সুরেন্স। ইউনিয়ন - কার্ড গ্রহণ
* Visa / Master Card / American Express / Discover বা অন্যান্য ক্রেডিট কার্ড গ্রহণ
* সর্বাধুনিক প্রযুক্তি ডেন্টাল Implant / Braces চিকিৎসা

আপনাদের সেবায়

D.D.S.



DR. M. M. ABDUR ROB D.D.S.

কম্বাইন্ড রিজিওনাল বোর্ড কর্তৃক স্বীকৃত বাঙ্গালি ডেন্টিস্ট বাংলাদেশ আর্মির প্রাক্তন ডেন্টাল সার্জন

আমরা সর্বনিম্ন মূল্যে সর্বাধুনিক প্রযুক্তিতে দাঁত ও মাড়ির সব ধরনের চিকিৎসা করে থাকি।


আমরা মেডিকেইড, ইন্সুরেন্স ও ইউনিয়ন প্লান গ্রহন করি



আপনাদের সেবায় আমাদের দুটি শাখা

QUEENS DENTAL CARE
28-55, 34St, 2Floor, Astoira
(at the corner of 30 AVE. & 34St)
718-204-0672
বিকেল ৫টা থেকে রাত ৯টা, রোববার এপয়েন্টমেন্ট নিতে হবে

BRONX OFFICE
780E. Tremont Ave. Bronx
718-731-6176
সকাল ৯:৩০ থেকে বিকেল ৪:৩০, রোববার বন্ধ।



ড্রাইভিং লাইসেন্সের ১০০% গ্যারান্টি

ড্রাইভিং শিখতে ভয় পাচ্ছেন? বারবার ফেল করছেন? তাদেরকে চুক্তিতে থিয়োরি দিয়ে ও প্র্যাকটিক্যালি সরলভাবে শতভাগ নিশ্চয়তা সহকারে শেখানো হয়।



যোগাযোগ:
রাজীব খান
347-279-8327
mukdu345@gmail.com

Vital Accounting Inc.

File your Tax with experienced professional.

* Income tax:
* Individual/ Personal Tax (All states)
* Business Tax (Corporation, Partnership)
* Sales tax (Food Vendor, Corporation)
* Payroll Tax
* Business Incorporation
* Immigration Services



Atikur Rahman
Masters in Economics
MBA (Accounting), MAFM
Tel: 718-820-2212

37-22 73rd Street, 2nd Fl (Suite # 2D), Jackson Heights, NY 11372

ক্রান্তিকালের দুই বাজেট

(৪ পাতার পর)

একটি আগাম ধারণা, তবে এর উল্লেখযোগ্য দিক হচ্ছে, বাজেটে উল্লিখিত ব্যয় কোথায় কোথায় হবে আর এই ব্যয়ের অর্থ জোগান কিভাবে হবে তার উল্লেখ। বর্তমান বিশ্বে সবাই জোর দিচ্ছে অভ্যন্তরীণ উৎস থেকে ব্যয়ের অর্থ আহরণ করতে। কারণ বাইরের উৎস থেকে সুদে টাকা ধার করলে আর তা সময়মতো পরিশোধ করতে না পারলে তখন দেশটি দেউলিয়া হয়ে যেতে পারে। একটি দেশ দেউলিয়া হয়ে পড়লে বুঝতে হবে, তার বিপদ সন্নিকটে। শুরুতে বাংলাদেশের নিজস্ব আয়ের তেমন কোনো উৎস ছিল না। কৃষকদের খাজনা মওকুফ করে দেওয়া হয়েছে। রপ্তানিযোগ্য পণ্য বলতে একমাত্র পাট ও চা। তারও ক্রেতা সীমিত। আবার দুটি সমুদ্রবন্দর বন্ধ থাকায় কোনো কিছু রপ্তানি করা সহজ ছিল না। ব্যাংকে কোনো অর্থ নেই। আজকের প্রজন্মের কাছে এটি অবিশ্বাস্য ঠেকবে যে বাংলাদেশ শুরুতে বেশ কিছু দেশের সঙ্গে তখন পণ্য বিনিময় চুক্তি স্বাক্ষর করেছিল, যার ফলে ঘোষিত বাজেটের কিছু অর্থায়ন করা সম্ভব হয়েছিল। জাপান এগিয়ে এসেছিল কিছুটা আর্থিক সহায়তা নিয়ে। রাজস্ব বাজেটের একটি বড় অংশ ব্যয় হয় সরকারি কর্মচারীদের বেতন-ভাতা খাতে। তখন প্রথম শ্রেণির গ্রেড শুরু হতো ৪৫০ টাকা দিয়ে। বঙ্গবন্ধু জানতেন, এই বেতনে সংসার চালানো কঠিন। তিনি প্রধানমন্ত্রী হিসেবে কোনো বেতনই নিতেন না। তিনি সরকারি কর্মচারীদের জন্য রেশন ব্যবস্থা চালু করলেন। মাসের ১৫ দিন অন্তর জনপ্রতি দুই কেজি গম আর আধাকেজি চিনি। এই গম ও চিনি বেশির ভাগই বিদেশ থেকে প্রাপ্ত রিলিফ। সরকারের রাজস্ব বাজেটের অর্থের জোগান দেওয়ার যিকঞ্চিৎ ব্যবস্থা। বঙ্গবন্ধুর শাসনামলের তিন বছরের মাথায় যখন একটি ধ্বংসপ্রাপ্ত দেশ উঠে দাঁড়ানোর স্বপ্ন দেখা শুরু করেছে, ঠিক তখনই বঙ্গবন্ধু ও জাতীয় চার নেতাকে হত্যা করা হয়। তবে বঙ্গবন্ধু শেখ মুজিব তাঁর জীবদ্দশায় দেশের ক্রান্তিকাল অতিক্রম করতে পেরেছিলেন।

তাঁর কন্যার আমলে গত বৃহস্পতিবার অর্থমন্ত্রী পাঁচ লাখ ৬৮ হাজার টাকার বাজেট ঘোষণা করলেন, যা গত আর্থিক বছরের তুলনায় ১৩.২৪ শতাংশ বেশি। এর মধ্যে অভ্যন্তরীণ আয় ধরা হয়েছে তিন লাখ ৮২ হাজার ১৬ কোটি টাকা, যার অর্থ ঘাটতি দাঁড়াবে এক লাখ ৯০ হাজার কোটি টাকা। দেশের গড় প্রবৃদ্ধি ধরা হয়েছে ঠিক গত বছরের মতো ৮.২ শতাংশ। বিশ্বব্যাংক বলেছে, কভিড-১৯-এর কারণে বিশ্বের প্রতিটি অঞ্চলের প্রবৃদ্ধি এই বছরসহ আগামী কয়েক বছর কমতে থাকবে। দক্ষিণ-পূর্ব এশিয়ায় (বাংলাদেশসহ) গড়ে কমবে ২.৭ শতাংশ। তবে বিশ্বব্যাংকসহ অনেক আন্তর্জাতিক প্রতিষ্ঠান বলেছিল, বাংলাদেশের প্রবৃদ্ধি ২ শতাংশ পর্যন্ত হতে পারে। শত্রুর মুখে ছাই দিয়ে সেই প্রবৃদ্ধি ৫.২ শতাংশ (২০২০-২১) পর্যন্ত হতে পারে (বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো), যদিও মহামারি শুরুর আগে বাংলাদেশ তার প্রত্যাশিত ৮.২ শতাংশ প্রবৃদ্ধির দিকে এগিয়ে যাচ্ছিল।

বাজেট নিয়ে এরই মধ্যে অনেক বিজ্ঞজন, সর্বদা অর্ধেক গ্লাস পানি নিয়ে ঘোরাঘুরি করা পন্ডিতরা তাঁদের মতামত দেওয়া শুরু করেছেন। আমি সেদিকে যেতে চাই না। শুধু দু-একটি গুরুত্বপূর্ণ বিষয়ে নজর দিতে চাই। এই মহামারির কারণে সব দেশেই অনেক মানুষ বেকার হয়ে গেছে। বর্তমানে সরকারি হিসাব মতে, যুক্তরাষ্ট্রে আনুমানিক ১৫ শতাংশ মানুষ কর্মহীন, যা গত ফেব্রুয়ারীতে ছিল ৩.৮ শতাংশ। বেসরকারি হিসাবে এই সংখ্যা ২৩ শতাংশ। বাংলাদেশে এই মুহূর্তে ৫১ শতাংশ পরিবার আয়হীন বা বেকার, এরা প্রান্তিক জনগোষ্ঠী। ২০১৯ সালে বাংলাদেশে বেকারত্বের সংখ্যা ছিল ৪.৯ শতাংশ। এখন তা প্রায় দ্বিগুণ হবে বলে ধারণা করা হচ্ছে। বর্তমানে যারা আয়হীন তাদের অনেকে দিন আনে দিন খায়। সরকারের প্রথম কাজ হচ্ছে তাদের কর্ম বা আয়ের ব্যবস্থা করা। বেসরকারি খাতের ওপর আস্থা রাখা যায় না, তা তৈরি পোশাক শিল্পের মালিকরা প্রমাণ করে দিয়েছেন। তাদের আয়ের ব্যবস্থা সরকারকে করতে হবে, তবে সব সময় প্রণোদনা দিয়ে চলতে পারে না। বাংলাদেশ কোনো ওয়েলফেয়ার স্টেট, কল্যাণ রাষ্ট্র নয়। তা হবে বাংলাদেশের জন্য বিলাসিতা।

প্রধানমন্ত্রী সব সময় একটি কথা বলেন- বাংলার মানুষ আওয়ামী লীগ ক্ষমতায় গেলে কিছু পায়। তাঁর দাবিটি অহেতুক নয়। পাকিস্তানের ২৩ বছরে আওয়ামী লীগ ১৩ মাস কেন্দ্রে আর পূর্ব পাকিস্তানে দুই বছর ক্ষমতায় ছিল। ১৯৫৬ সালে পূর্ব পাকিস্তানে মারাত্মক খাদ্যাভাব দেখা দিয়েছিল। অনেকটা দুর্ভিক্ষাবস্থা। পূর্ব পাকিস্তানের গভর্নর শেরেবাংলা এ কে ফজলুল হক আওয়ামী লীগ নেতা আতাউর রহমানকে ভুখা মিছিল থেকে ধরে এনে পূর্ব পাকিস্তানের মুখ্যমন্ত্রী বানিয়েছিলেন। নতুন মুখ্যমন্ত্রী দেখলেন যে মানুষের হাতে টাকা-পয়সা নেই; সুতরাং বাজারে চাল থাকলেও তা তারা কিনতে পারছে না। তিনি বুঝলেন, মানুষের হাতে টাকা পৌঁছাতে হবে। তিনি কালক্ষেপণ না করে সারা পূর্ব পাকিস্তানে টেস্ট রিলিফের কাজ শুরু করেছিলেন। কেন্দ্র থেকে প্রধানমন্ত্রী হোসেন শহীদ সোহরাওয়ার্দী ২০০ কোটি টাকা পূর্ব পাকিস্তানের জন্য বরাদ্দ করেছিলেন। ২০০ কোটি টাকা তখন কম টাকা নয়। এই টেস্ট রিলিফের কারণে সারা বাংলাদেশে তখন একটি গ্রামীণ সড়ক যোগাযোগ নির্মাণ ব্যবস্থা শুরু হয়েছিল। মানুষের হাতে টাকা গেলে তখন মানুষ তার নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদি ক্রয় করার সক্ষমতা ফিরে পেয়েছিল। আসল কথা, এই সময় অর্থনীতির চাকা সচল রাখতে হলে সরকারকে টাকা খরচ করতে হবে, তা জনগণের কাছে যেতে হবে। সেই টাকা আসবে প্রধানত দুর্নীতি বন্ধ করলে। তারপর দেশের আয়কর আহরণ বাড়াতে হবে। অর্থপাচার বন্ধ করতে হবে। দেশের মানুষের নিত্যপ্রয়োজনীয় নয় এমন পণ্যের ওপর কর বৃদ্ধি করলে সাধারণ মানুষের ক্ষতিবৃদ্ধি নেই। সিগারেট, কসমেটিকস, তারকা খচিত হোটেলে খাওয়া, বিদেশ থেকে আমদানি করা ফলমূল ইত্যাদির ওপর কর বৃদ্ধি একটি যৌক্তিক ব্যবস্থা। তবে মোবাইল ফোনের ওপর কর বৃদ্ধি সমীচীন নয়। বাংলাদেশের শিক্ষাব্যবস্থা এখন ধসে পড়ছে। এটি থামানোর জন্য অনলাইন শিক্ষাব্যবস্থা অচিরেই চালু করতে হবে। দেশে প্রায় সাড়ে পাঁচ কোটি শিক্ষার্থী বর্তমানে এক ধরনের অলস জীবন কাটাচ্ছে। এর জন্য এক ভয়াবহ সমস্যা দেখা দিতে পারে। তাদের অনলাইন শিক্ষাব্যবস্থার কোনো বিকল্প শিগগির বের করা যাবে না। এর জন্য শিক্ষকদের অ্যানালগ যুগ থেকে ডিজিটাল যুগে নিয়ে আসতে হবে আর ছাত্রদের কাছে ইন্টারনেটের সুযোগ ও স্মার্ট মোবাইল সুবিধা সহজলভ্য করে অনলাইন শিক্ষা ও পরীক্ষা দ্রুত শুরু না করে দিলে তা দেশ ও সমাজের বড় ধরনের ক্ষতি ডেকে আনবে। এর জন্য শিক্ষার্থীদের প্রয়োজনে নির্ধারিত ইন্টারনেট সংযোগ চালু করা যেতে পারে। শিক্ষক ও ছাত্রদের স্বল্পমূল্যে ল্যাপটপ ও স্মার্টফোন সরবরাহ করা যেতে পারে। অস্ট্রেলিয়ায় স্কুল থেকে বিশ্ববিদ্যালয়গুলোসবই এখন অনলাইনে। শিক্ষকদের জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে। কেমব্রিজ বিশ্ববিদ্যালয় বলেছে, তাদের ২০২৩ সাল পর্যন্ত সব ক্লাস ও পরীক্ষা অনলাইনে হবে। বাংলাদেশে এই করোনা-কালে বেশ কিছু বেসরকারি বিশ্ববিদ্যালয় ও হাতে গোনা সরকারি বিশ্ববিদ্যালয় এই কাজটি করে পথ দেখিয়েছে। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন তাদের শেষ হয়ে যাওয়া হেকেপ প্রকল্পের অধীনে প্রায় ২২টি বিশ্ববিদ্যালয়ে অপটিক্যাল ফাইবার লাইন (তিন হাজার ৫০০ কিলোমিটার) দিয়ে যে সুবিধা করে দিয়েছে, তা খুব কম সরকারি বিশ্ববিদ্যালয় কাজে লাগায়। সরকারের প্রতি অনুরোধ থাকবে, দেশের ভবিষ্যৎ চিন্তা করে এই বিষয়টা গুরুত্ব সহকারে বিবেচনা করতে হবে।

কৃষি একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ খাত। এ খাতে যত রকমের সহায়তা করা যায় ততই মঙ্গল। স্বাস্থ্য খাতে যত টাকাই দেওয়া হোক না কেন, তা কোনো কাজে লাগবে না যদি এর সর্বগ্রাসী দুর্নীতি বন্ধ করা না যায়। ১০০ টাকার জিনিস হাজার টাকায় আর হাজার টাকার জিনিস লাখ টাকায় আর লাখ টাকার জিনিস কোটি টাকায় ক্রয় বন্ধ না করলে এ খাতের কোনো উন্নতি হবে না। বাংলাদেশে এই সময়ে এত ভয়াবহ দুর্নীতি অন্য কোনো খাতে নেই। এটি যে এই সরকারের আমলে চালু হয়েছে, তা কিন্তু নয়। এটি এক দশক ধরে চলছে। জাতির কল্যাণে এ খাতকে বাঁচাতে হবে। অনেক দেশে দুর্নীতির জন্য মৃত্যুদণ্ডের বিধান আছে। বাংলাদেশে প্রয়োজনে আইন করে এই বিধান চালু করার এখন সময় এসেছে।

বঙ্গবন্ধুর হাত ধরে একটি চিতাভস্ম থেকে উঠে আসা জাতি হাঁটতে শিখেছে। মানুষের আশা, তাঁর কন্যার হাত ধরে সেই জাতি আবার দৌড়াতে শুরু করবে। জাহাজের নাবিক যদি দক্ষ হয়, তাঁর দৃষ্টি যদি স্থির থাকে, তাহলে শত ঝড়ঝাপটা উপেক্ষা করে জাহাজ বন্দরে পৌঁছবেই। এই মুহূর্তে বঙ্গবন্ধুকন্যাই হতে পারেন সেই নাবিক।

শেষ করার আগে বঙ্গবন্ধুকন্যার উদ্দেশে বলিড় আপনিও পিতার মতো বলুন, 'উদয়ের পথে শুনি কার বাণী/ভয় নাই ওরে ভয় নাই/নিঃশেষে প্রাণ যে করিবে দান/ক্ষয় নাই তার ক্ষয় নাই।'

লেখক : বিশ্লেষক ও গবেষক

স্বপ্নের দেশ আমেরিকায় এসব কী হচ্ছে?

(৪ পাতার পর)

মুভমেন্ট গড়ে তোলেন। ১৯৬৩ সালে লিংকন মেমোরিয়ালের সামনে লাখ লাখ মানুষের উপস্থিতিতে লুথার কিং তার বিখ্যাত 'আই হ্যাভ এ ড্রিম' ভাষণ দেন। কিন্তু ১৯৬৮ সালে উগ্র শ্বেতাঙ্গদের গুলিতে তিনি নিহত হন। বিগত পঞ্চাশ বছর যাবত কৃষ্ণাঙ্গদের বঞ্চনা নিয়ে কথা হচ্ছে। আইন তৈরি হয়েছে ঠিকই কিন্তু তারা সে অর্থে সমঅধিকার এখনো ভোগ করতে পারছে না; সর্বত্র অর্থাৎ বর্ণবাদ আছে ছদ্মবেশে। তবে, কৃষ্ণাঙ্গ সন্তান বারাক ওবামা আমেরিকার প্রেসিডেন্ট নির্বাচিত হয়েছিলেন। জনপ্রিয় ও পররাষ্ট্রমন্ত্রী সাবেক প্রেসিডেন্ট বিল ক্লিনটনের স্ত্রী হিলারি ক্লিনটনের চেয়েও ওবামা বেশি জনপ্রিয় ছিলেন বলে প্রেসিডেন্ট পদপ্রার্থী হতে পেরেছিলেন এবং দু' দু'বার প্রেসিডেন্ট নির্বাচিত হয়েছিলেন। এটি একটি চমৎকার উদাহরণ। একইভাবে ভারতের রাষ্ট্রপতি হিসেবে আমরা অন্য ধর্মের লোক দেখেছি। এটিইতো গণতন্ত্রের সৌন্দর্য্য। কিন্তু সেই সৌন্দর্য্য মাটি করে দেয়, ধুলিসাৎ করে দেয় বর্ণবাদীরা, ধর্মান্ধরা। যেমনটি করেছে আমেরিকায়, আর ভারতে। আমেরিকার সব শ্বেতাঙ্গরাই যে বর্ণবাদী তা নয়, তার প্রমাণ হচ্ছে ৭২ শতাংশ শ্বেতাঙ্গ হয়েও ১৪ শতাংশ কৃষ্ণাঙ্গ বারাক ওবামাকে প্রেসিডেন্ট বানানো এবং এখনো বর্ণবাদের বিরুদ্ধে কৃষ্ণাঙ্গদের সঙ্গে বিক্ষোভে, আন্দোলনে আছেন শ্বেতাঙ্গরাও। তার মানে হচ্ছে সব আমেরিকান বর্ণবাদী নয়। যারা বর্ণবাদী তারা একজোট হয়ে সেই ২০১৬ সালে অস্থির প্রকৃতির ও প্রকৃত রাজনীতিবিদ নয়, এমন ব্যক্তিকে আমেরিকার হোয়াইট হাউসে বসিয়েছেন। যুক্তরাষ্ট্রে কর্মরত (বাকী অংশ ৪৯ পাতায়)

রিমোট লার্নিং অব্যাহত রয়েছে,
এবং NYC DOE এখনও আপনার পরিবারের পাশে আছে!

আরও তথ্য পেতে এবং আপনার সন্তান বাড়িতে স্কুলের লেখাপড়ার জন্য ইন্টারনেট সংযোগসহ একটি ডিভাইস ধার করতে, schools.nyc.gov ওয়েবসাইট দেখুন অথবা 311 নম্বরে ফোন করুন।



NYC Department of Education

Bronx Bangladesh society



Senior vice president of Bronx Bangladesh society Ny

Member:
Internation Foundetion Moulvizer USA(IFM)

Member: Moulovibazer Education Development Foundetion USA(MEDF)

Out Reach Member of MUNA

Jalal Chowdhury
Phone: 929-386-6805

Tax & Immigration Services

Tax
Immigration
Real Estate
Mortgage
Notary



Mohammad Pier
Lic. Realestate Asso. Broker
EA, IRS, RTRP & Notary Public
Cell: 917-678-8532

Income Tax
Income Tax Service & Direct Deposit
Quick Refund & Electronic Filing

Immigration Services
Citizenship & Family Application
Affidavit of Support & all forms available

Real Estate
For Buying & Selling Houses
Mortgage Services

IRS e file

PIER TAX AND EXECUTIVE SERVICES
37-18, 73 Street, Suiteff 202, Jackson Heights, NY 11372
Tel: 718-533-6581 Cell: 917-678-8532 Fax: 718-533-6583
Email: piertax@gmail.com

মেঘনা ট্রাভেলস

ঝামেলামুক্ত ও সুলভ মূল্যে টিকেটের একটি বিশ্বস্থ প্রতিষ্ঠান

OUR SERVICES
International & Domestic Tickets
Hajj & Umrah Special Package
Visa Processing
Money Transfer

APPROVED IATA
KUWAIT AIRWAYS
ETIHAD AIRWAYS
BRITISH AIRWAYS
Emirates



ওমরা ও হজ্জের যাবতীয় ব্যবস্থা করে থাকি

We Accept
VISA MasterCard AMERICAN EXPRESS DISCOVER

৩৭-৬৬ ৭৪ ষ্ট্রীট, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক
ফোন: ৭১৮-৪৭৮-১৯২০,
৭১৮-৯৩০-১৪৯৪, ৭১৮-৪৭৮-১৮৩০
e-mail: meghnacorp@gmail.com



এস্টোরিয়ার প্রাণকেন্দ্রে বাংলাদেশী ফার্মেসী

আমিন ফার্মেসী

সর্বদা ১০% Off

আমরা মেডিকেইড (বেনিফিট), সিবিএস এন্ড কেয়ারমার্ক, মেডিকেয়ার, বি এবং ডি, সহ সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করি।

MONSUR CHOWDHURY
Pharm D.R.Ph.
Supervising Pharmacist

29-03, 36th Ave, Astoria, NY 11106
Tel: (718) 786-6611
Fax: (718) 786-6613



ট্যাক্স ফাইলিং আপনার আমেরিকার জীবনে খুবই গুরুত্বপূর্ণ



আমাদের এখানে সিপিএ দ্বারাও ট্যাক্স ফাইল করা হয়

তাই নির্ভুল এবং যথাযথ ফাইলিং করে পরবর্তীতে আফসোস থেকে রক্ষা পেতে দীর্ঘ ৩০ বছরের বেশী অভিজ্ঞতা সম্পন্ন প্রফেসর এহতেশামুল হক

সাউথইস্ট ইউএসএ ইনকাম ট্যাক্স সার্ভিসেস

৭ মাসের মধ্যেই আপনার ক্রেডিট লাইন বাড়ি ক্রয় করার উপযোগী করা সম্ভব



আমেরিকায় আপনার জীবনের অন্যতম গুরুত্বপূর্ণ হচ্ছে ক্রেডিট স্কোর

Tax Professional
Top 500 Intuit-
IRS Authorized

যুক্তরাষ্ট্রে গাড়ি ও বাড়ি ক্রয়, এপার্টমেন্ট ভাড়া, যেকোন প্রকার ঋণ পেতে প্রয়োজন ভালো ক্রেডিট স্কোর। যদি আপনার ক্রেডিট খারাপ থাকে, তাহলে নিশ্চিন্তে ভালো করতে আমাদের সহায়তা নিন। বিনামূল্যে ক্রেডিট বিষয়ক পরামর্শের প্রয়োজনে যোগাযোগ করুন।
প্রফেসর এহতেশামুল হক



ফ্রি ক্রেডিট রিপেয়ার সেমিনার

সাইথ ইষ্ট ইউএসএ গ্রুপের উদ্যোগে
ফ্রি ক্রেডিট রিপেয়ার সেমিনার

- শনিবার : দুপুর ১২ টা থেকে ২টা
- রবিবার : ৩ টা থেকে ৫ টা
- শুক্রবার : ৩ টা থেকে ৬ টা
- বৃহস্পতিবার : ৪ টা থেকে ৫ টা

যোগাযোগ : **প্রফেসর এহতেশামুল হক**
৩০ বছরের অভিজ্ঞতা সম্পন্ন

ঠিকানা : ৭৪-০৯, ৩৭ এভিনিউ
জ্যাকসন হাইটস, সুইট ২০৬
ফোন : ৭১৮-৬৩৯-৬২০৭, ৯১৭-৫৬৬-১৬১২

সাউথইস্ট ইউএসএ গ্রুপ ইন্ক-এর কাছে আসুন
Southeast USA Group Inc.

JACKSON HEIGHTS OFFICE
74-09 37th Avenue, 2nd Floor #206
Jackson Heights, NY 11372
Tel: 718-639-6207, Fax: 718-412-3249

Cell: 917-566-1612
E-mail: Usa.bd54@gmail.com

BRONX OFFICE
1445 Unionport Road (Inside Parkchester Family Pharmacy)
Bronx, NY 10462,
Tel: 347-621-0378, Cell: 718-427-5919

নন ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্থায়ীভাবে বসবাসের জন্য বিনামূল্যে প্রয়োজনীয় সহযোগিতা ও পরামর্শ প্রদান

B1 / B2 ভিসায় আমেরিকায় আগতদের স্থায়ীভাবে বসবাসের জন্য ফ্রি পরামর্শ এবং সোশাল সিকিউরিটি কার্ড, ওয়ার্ক পারমিট, ব্যাংক একাউন্ট, সিটি আইডি, চিকিৎসা বেনিফিট ও বেসব ইন্সুরেন্স পেতে সার্বিক সহযোগিতা করা হয়।

- L1A / E2
- ASYLUM
- RE-ENTRY PERMIT
- AFFIDAVIT OF SUPPORT
- REMOVE CONCILIATION TO GREEN CARD

"আমেরিকায় অবস্থানরত বৈধ কাগজ-পত্রহীনদের যে কোন আইনী প্রক্রিয়ায় মাধ্যমে গ্রিনকার্ড আপডেট দাখা অফার"

যোগাযোগ :
917-982-5682
Email: radninnahamood@yahoo.com

Hillside Accounting Services Inc.
Tax, Accounting, Immigration & Multi Services

Tax
Accounting
Immigration




*বিনা পরীক্ষায় ও বিনা ফিতে সিটিজেনশীপ
*Tax Amendment/ITIN
*সকল প্রকার ইমিগ্রেশন কাজ করা হিসাবে

Shafi Chowdhury
Consultant

167-13 Hillside Ave 2nd Floor, Jamaica, NY 11432
Cell: 646-493-6969, Tele/Fax: 917-770-7367
e-mail: hillsideaccounting@gmail.com
F to 169 St, Station than close to Aprar Pharmacy

As Seen On TV

SPRING IS HERE: ARE YOU WORKING IN CONSTRUCTION?



Perry D. Silver
ATTORNEY LICENSED TO PRACTICE LAW IN THE COURTS OF THE STATE OF NEW YORK

Office: 212.661.8400
60 East 42nd Street, Suite 2212, New York, NY 10165 • Fax: 212.661.1242

DEBT SOLUTIONS BANKRUPTCY

- আমরা গ্যারান্টি সহকারে আপনার কার্ড বিল কমিয়ে দিতে পারি।
- মাত্র ১২ থেকে ৩৬ মাসে আপনি সম্পূর্ণভাবে দেনামুক্ত হতে পারবেন।



BHUIYAN
917-832-7619

BT & T GROUP LLC
37-12, 75th Street, Suite #203, Jackson Heights, NY 11372
Phone: 917-832-7619 | Fax: 718-425-9293

তড়িৎ বাড়ী বিক্রি করে ফোরক্লোজার বন্ধ করুন এবং ক্রেডিট কার্ড রক্ষা করুন এই বিষয়ে আমরা সততার সাথে সাহায্য করি।

Omni Realty
The Realty People



Nurul Huda Harun
Real Estate
Associate Broker

118-18 101 Avenue
Richmond Hill,
NY 11419

Tel: 718-441-7000
Fax: 516-441-3548
Cell: 917-238-4161

nurul@omnirealty.com

আমাদের কমিউনিটির জন্য ২০২০ আদমশুমারি পূরণ করুন।



যুক্তরাষ্ট্রে যারা বসবাস করেন তাদের সকলকে ২০২০ আদমশুমারিতে গোনা হচ্ছে। আগামী দশ বছরে, স্বাস্থ্যকেন্দ্র, জরুরি পরিষেবা এবং শিক্ষা ক্ষেত্রে প্রতি বছর কয়েক শতকোটি ডলার তহবিল কীভাবে ব্যয় করা হবে তা নির্ধারণে সাহায্য করার জন্য আজই আদমশুমারি পূরণ করুন। **অনলাইনে কিংবা ডাক যোগে এটি করতে পারেন। কীভাবে করবেন তা 2020CENSUS.GOV/bn এই ওয়েব সাইটে জেনে নিন।**

2020CENSUS.GOV/bn

অর্থায়ণ: ইউ.এস. আদমশুমারি ব্যুরো

Shape your future START HERE >

United States® Census 2020




আমেরিকান বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

Dr. Tahera Nasreen, MD
Board Certified in Internal Medicine
Affiliated with Brooklyn Hospital Center

Dr. Ataul Osmani, MD
Board Certified in Family Medicine
Affiliated with Interfaith & Kings County Hospital Center

জেনারেল চেক আপ, শারীরিক পরীক্ষা, ডায়াবেটিস, হাইপারটেনশন, হাই কোলেস্টরল এজমা, ইকেজি, বয়স্ক ভেক্সিনেশান, ব্লাড টেস্ট,
TLC/Motor Vehicle Exam,
মহিলা স্বাস্থ্য সহ সবধরনের রোগের চিকিৎসা করা হয়।

আমরা প্রায় সকল ধরনের ইন্সুরেন্স গ্রহন করি

20 Arlington Pl.
Brooklyn NY 11216
Tel: 718-636-0100
718-636-0112

2668 Pitkin Avenue
Brooklyn. NY 11208
Tel: 718-484-3960
Fax: 718-484-3960

MAMUN'S TUTORIAL

: Directed by :
SHEIKH AL MAMUN, Certified School Teacher
MS Math Ed, MA Pure Math, Principal, Mamun's Tutorial



Our Programs:
Summer Program will start from July 5th

SAT
8 Weeks Course
4 Hours Each Class
Total 32 Classes (4 days/week)
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

SHSAT
8 Weeks Course
5 days/week
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

COMMON CORE MATH & ENGLISH
1st Grade to 6th Grade
8 weeks course
3 Hrs./day, 4 days/week
Cost : $900.00

Get **25%** Discount

Admission going on
K-6 & Common Core Regents Classes

Bronx Branch:
1504 Olmstead Avenue, Bronx, NY 10462
Phone :347-657-0530, 917-561-1090

Jackson Heights Branch:
37-21 72nd Street, Jackson Heights, NY 11372
Phone : 718-507-2118, 917-561-1090
Quality Education is Our Priority



Al-Hera Travel & Tours Inc.

আল হেরা
ট্রাভেল এন্ড ট্যুরস ইন্ক



হজ্জ ও ওমরার জন্য আজই যোগাযোগ করুন-
- হাজীদের জন্য আমাদের পূণ্য সহযোগিতা
- হজ্জ বিষয়ক নির্দিষ্ট দিক নির্দেশনা
- থাকা ও খাওয়ার সুব্যবস্থা (৫ স্টার হোটেল), এবং
- সার্বিক পরিচালনা ও কাফেলার স্থায়িত্বে অভিজ্ঞ এবং নির্ভরশীল গাইড

ওমরা-হজ্জ ২০১৯

TURKISH AIRLINES
Emirates
SINGAPORE AIRLINES



সৈয়দ আনজুম

হজ্জ, ওমরা ও ভ্রমণের নির্ভরযোগ্য বিশ্বস্ত প্রতিষ্ঠান

(আলহেরা ট্রাভেলস এ্যান্ড ট্যুরস সৌদী হজ্জ মন্ত্রনালয়ের অনুমোদিত এজেন্ট)
- ওমরা ভিসাসহ ইকোনমি প্যাকেজ, ট্রানজিট ভিসা, বিজনেস ভিসা-র (সৌদি আরব)
- জন্য আলহেরা ট্রাভেলস এ্যান্ড ট্যুরস একটি নির্ভরশীল প্রতিষ্ঠান।
- ওমরাসহ মসজিদুল আল-আকসায় যাওয়ার সু-ব্যবস্থা রয়েছে।
- আমাদের একক ও গ্রুপে ওমরা করার সু-ব্যবস্থা রয়েছে।

3747 73rd St, Suite 211,
Jackson Heights, NY 11372
Email: alheratravel@yahoo.com
www.alheratravels.com
৩৪৭-২৫৬-৩২৮৩, ৭১৮-৮২৮-০১৮০



এবার মহাত্মা গান্ধীর বিরুদ্ধে বর্ণবাদের অভিযোগ, মূর্তি

(৩ পাতার পর)

লোক সই করেছেন। অনলাইন ওই পিটিশনে মহাত্মা গান্ধীর বিরুদ্ধে 'বর্ণবাদের' অভিযোগ তোলা হয়েছে। বিবিসি অনলাইনের প্রতিবেদনে বলা হয়, ব্রিস্টলে ব্ল্যাক লাইভস ম্যাটার আন্দোলনকারীরা সপ্তদশ শতকের দাস ব্যবসায়ী এডওয়ার্ড কোলস্টনের মূর্তি নামিয়ে ফেলার পরপরই গান্ধীর মূর্তি অপসারণে পিটিশন দাখিলের বিষয়টি প্রথম সামনে আসে। এর আগে গত বছর ম্যানচেস্টারের কিছু শিক্ষার্থী একই দাবি তুলেছিলেন। সেখানেও গান্ধীর বিরুদ্ধে 'কৃষ্ণাঙ্গদের বিরুদ্ধে সুস্পষ্ট বর্ণবাদী মনোভাবের' অভিযোগ তোলা হয়। আর ২০১৮ সালের ডিসেম্বরে এই একই অভিযোগ তুলে হওয়া আন্দোলনের মুখে ঘানার ঘানা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস প্রাঙ্গণে থাকা গান্ধীর মূর্তি অপসারণ করা হয়। এবার লিচেস্টারের মূর্তিটি অপসারণেরও আন্দোলন হচ্ছে।

লিচেস্টার ইস্টের এমপি ক্লডিয়া উইবি সাম্প্রতিক এই পিটিশনকে 'ভয়াবহ বিভ্রান্তি' আখ্যা দিয়ে বলেন, এটি ব্ল্যাক লাইভস ম্যাটার আন্দোলনকে পথচ্যুত করবে। তিনি বলেন, 'মার্টিন লুথার কিংয়ের মতো করেই একটি আন্দোলনের জন্ম দিয়েছিলেন গান্ধী। ব্ল্যাক লাইভস ম্যাটার যেমন, তেমনি তাঁর অহিংস আন্দোলনের পথ পরিবর্তনের এক অনন্য শক্তি।'

এ বিষয়ে অক্সফার্ড বিশ্ববিদ্যালয়ের ইতিহাসের অধ্যাপক ফয়সাল দেবজি বিবিসিকে বলেন, 'গান্ধীর মূর্তি অপসারণ নিয়ে এই বিতর্ক অবান্তর। অন্য সবার মতোই তাঁর ভুল থাকতে পারে। কিন্তু তাঁকে অন্য দাস ব্যবসায়ীদের সঙ্গে মিলিয়ে ফেলাটা বাড়াবাড়ি।'

লিচেস্টারে গান্ধী মূর্তিটি আরেকটি কারণে গুরুত্বপূর্ণ বলে উল্লেখ করেন ফয়সাল দেবজি। তিনি বলেন, 'এই অঞ্চলে থাকা গুজরাটিদের প্রতিনিধিত্ব করছে এই মূর্তি। গান্ধী নিজে ছিলেন গুজরাটের মানুষ। এখানকার গুজরাটি জনগোষ্ঠীর একটি বড় অংশ স্বৈরশাসক ইদি আমিনের সময় উগান্ডা থেকে নির্যাতনের শিকার হয়ে এখানে এসেছিলেন।'

ঊনবিংশ শতকের শেষপাদে দক্ষিণ আফ্রিকায় বসবাসকালে মোহনদাস করমচাঁদ গান্ধী বা মহাত্মা গান্ধী কৃষ্ণাঙ্গদের বিষয়ে বিভিন্ন সময়ে বিতর্কিত মন্তব্য করেছিলেন। আর এ বিষয় নিয়েই গান্ধীর বিরুদ্ধে এই বর্ণবাদের অভিযোগ উঠেছে। এমন নয় যে, এমন অভিযোগ এই প্রথম উঠল। ২০১৭ সালে প্রথম বিষয়টি নিয়ে ব্যাপক হইচই হয়। এমনকি মহাত্মা গান্ধীর জীবনীকার ও পৌত্র রাজমোহন গান্ধী এর আগে এ সম্পর্কে বলেছিলেন, এটা সত্য যে তিনি কখনো কখনো দক্ষিণ আফ্রিকার কৃষ্ণাঙ্গদের বিষয়ে সংস্কারগ্রস্ত ছিলেন।

অভিযোগের মূলে রয়েছে গান্ধীর কিছু মন্তব্য।

উপনিবেশবিরোধী আন্দোলন, ধর্মীয় চিন্তক ও অগ্রসর মানুষ হিসেবে সর্বজনশ্রদ্ধেয় মহাত্মা গান্ধী সারা জীবন অহিংস নীতিতে আস্থা রেখেছেন। তাঁর জীবনে ছিল নানা চড়াই-উতরাই। এই চড়াই-উতরাইয়ের একটি অংশ কেটেছে তাঁর দক্ষিণ আফ্রিকায়। দেশটিতে গান্ধী ১৮৯৩ থেকে ১৯১৪ সাল পর্যন্ত অবস্থান করেছিলেন। সেখানে তিনি ভারতীয়দের অধিকার নিয়ে প্রচার চালান ও এর আন্দোলনের সঙ্গে যুক্ত ছিলেন।

কয়েক বছর আগে দক্ষিণ আফ্রিকার দুই গবেষক অশ্বিন দেশাই ও গোলাম বাহেদের একটি বই প্রকাশিত হয়। তাঁরা সাত বছর ধরে গান্ধীর দক্ষিণ আফ্রিকায় অবস্থানকালের সময়টুকু নিয়ে গবেষণা করেন। বইটিতে বেশ কিছু তথ্য নিয়ে ব্যাপক বিতর্ক শুরু হয়। তাঁদের বইয়ে বলা হয়, দক্ষিণ আফ্রিকায় অবস্থানকালে গান্ধী ভারতীয়দের অধিকার নিয়ে আন্দোলন করলেও একে তিনি কৃষ্ণাঙ্গদের অধিকার আদায়ের আন্দোলন থেকে পৃথক রাখেন। বর্ণবাদবিরোধী আন্দোলনের ওই পর্যায়ে তাঁর দৃষ্টিভঙ্গি শ্বেতাঙ্গদের অনুরূপ ছিল। তিনি বিশ্বাস করতেন, রাষ্ট্রক্ষমতা শ্বেতাঙ্গদের হাতেই থাকা উচিত। এমনকি কৃষ্ণাঙ্গ আফ্রিকানদের বোঝাতে তিনি 'কাফির' শব্দটিও প্রয়োগ করেছেন এক জায়গায়।

১৮৯৩ সালে ন্যাটাল পার্লামেন্ট বরাবর লেখা এক নোটে গান্ধী লেখেন, 'বিদ্যমান বিশ্বাসটিই উপনিবেশে টিকে গেল দেখা যাচ্ছে, যেখানে মনে করা হয় আফ্রিকার স্থানীয় বা অসভ্যদের চেয়ে ভারতীয়রা কিছু হলেও উন্নত।'

১৯০৪ সালে জোহানেসবার্গের এক স্বাস্থ্য কর্মকর্তার কাছে লেখা এক চিঠিতে গান্ধী কুলিদের বসবাসের জন্য নির্ধারিত এক এলাকা নিয়ে ক্ষোভ প্রকাশ করেন। সেখানেই তিনি কৃষ্ণাঙ্গদের বোঝাতে 'কাফির' শব্দটি প্রয়োগ করেন। একই সঙ্গে কৃষ্ণাঙ্গ ও ভারতীয়দের একসঙ্গে এক স্থানে থাকা নিয়ে ক্ষোভ প্রকাশ করেন।

কিন্তু গান্ধী তো মহাত্মা গান্ধী হয়ে ওঠার পথটি শুরু করেন ভারতে ফেরার পর। সেই রেলের কামরাই তাঁর জীবনের গতিপথটি বদলে দিয়েছিল, যেখানে তিনি শুধু 'নেটিভ' হওয়ার কারণেই শ্বেতাঙ্গ ব্রিটিশদের অপমানের শিকার হয়েছিলেন। আর নানা দেশে ছড়িয়ে থাকা আজকের যে গান্ধী মূর্তি, তা তো ওই দক্ষিণ আফ্রিকাবাসী মোহন দাস করমচাঁদ গান্ধীর নয়।

এই মূর্তিগুলো মহাত্মা গান্ধীর, যিনি ঔপনিবেশিক শক্তির বিরুদ্ধে লড়াইয়ে অহিংস নীতির ওপর আস্থা রেখেছিলেন। একজন তরুণ আইনজীবী হিসেবে দক্ষিণ আফ্রিকায় যে গান্ধী গিয়েছিলেন, তিন দশক পর সারা বিশ্বে পরিচিতি পাওয়া এবং বিশ্ববাসীর শ্রদ্ধা অর্জন করা গান্ধীজুজন আলাদা মানুষ। এমনকি ভারতে ফেরার পর ব্রিটিশবিরোধী আন্দোলনের পুরোভাগে আসতে আসতেই তিনি কৃষ্ণাঙ্গদের অধিকার আদায়ের আন্দোলনের প্রতি সমর্থন জানান।

করোনা নেগেটিভ হয়ে আবার পজিটিভ!

(৩ পাতার পর)

আক্রান্ত হচ্ছেন অনেকে। যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাইক্রোবায়োলজি বিভাগের অধ্যাপক ড. আনোয়ার হোসেন বলেন, করোনাভাইরাস স্টেন অর্থাৎ রূপ পাল্টে জটিল হচ্ছে। আমরা ৩০ মার্চ পর্যন্ত একটা পর্যালোচনা করে দেখেছি ভাইরাসের এক হাজার ৪০২টি নিউক্লেশন হয়েছে। প্রোটিনে ৭০০ বার অ্যামিনো অ্যাসিড পরিবর্তন হয়েছে। ভাইরাসের ক্লেড, গুচ্ছ বিভাজন অনুযায়ী অনেক ভাগ হয়ে গেছে। তিনি আরও বলেন, তাই শুধু যে ভ্যাকসিন বানালেই সমস্যা সমাধান হয়ে যাচ্ছে তা নয়। স্টেন পাল্টালে এই আরএনএ ভাইরাস আরও শক্তিশালী হয়। এতে করে আক্রান্ত ব্যক্তির দেহে ভাইরাসের কার্যকারিতা দীর্ঘ ও শক্তিশালী হবে। বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য ভাইরাস বিশেষজ্ঞ অধ্যাপক ডা. নজরুল ইসলাম বলেন, ভাইরাস স্টেন পাল্টালে মূলত দুটি সমস্যা তৈরি হয়। প্রথমত, ভাইরাস প্রতিরোধে ভ্যাকসিন স্টেন অনুযায়ী তৈরি হয়। তাই ভাইরাস যদি স্টেন পাল্টে ফেলে তাহলে ওই ভ্যাকসিনের কার্যকারিতা নষ্ট হয়ে যায়। দ্বিতীয়ত, ভাইরাসের একটি স্টেনে কোনো ব্যক্তি আক্রান্ত হয়ে সুস্থ হলে তার শরীরে ওই স্টেনের বিপরীতে অ্যান্টিবডি তৈরি হয়। সে ভাইরাসের ওই স্টেনে দ্বিতীয়বার আক্রান্ত হয় না। কিন্তু স্টেন পাল্টালে আক্রান্ত ব্যক্তির পুনরায় আক্রান্ত হওয়ার ঝুঁকি তৈরি হয়। দেশে করোনাভাইরাসে আক্রান্ত ব্যক্তিদের শরীরে স্টেন পরিবর্তনের এই তথ্য চিন্তার বিষয়।

গাইবান্ধায় পুনরায় করোনা আক্রান্ত হয়েছেন এক তরুণ। যুক্তরাষ্ট্র ফেরত ওই তরুণ ও তার মা গত ২২ মার্চ শনাক্ত হয়ে গাইবান্ধায় চিকিৎসাধীন ছিলেন। গাইবান্ধা সদর হাসপাতালের আইসোলেশন কেন্দ্রে চিকিৎসাধীন থাকার পর গত ১০ এপ্রিল ছেলে (২২) সুস্থ হয়ে বাড়ি ফিরে যান। কিন্তু সুস্থ হওয়ার ১২ দিনের মাথায় তিনি পুনরায় করোনা আক্রান্ত হন। তাকে আবার গাইবান্ধার আইসোলেশন কেন্দ্রে এনে চিকিৎসা দেওয়া হয়। গাইবান্ধা সিভিল সার্জন এ বি এম আবু হানিফ জানান, মা ও ছেলে মার্চের প্রথম সপ্তাহে গাইবান্ধার বাড়িতে আসেন। গত ২২ মার্চ তাদের করোনাভাইরাস পজিটিভ শনাক্ত হয়েছিল। এরপর মা ও ছেলে দুজনেই চিকিৎসা নিয়ে সুস্থ হয়ে বাড়ি ফিরে যান। কিন্তু ছেলে পুনরায় করোনা আক্রান্ত হয়েছিলেন। এ ব্যাপারে প্রধানমন্ত্রীর ব্যক্তিগত চিকিৎসক ও ইউজিসি অধ্যাপক ডা. এ বি এম আবদুল্লাহ বলেন, দ্বিতীয়বার আক্রান্ত হওয়া কিংবা নেগেটিভ হয়ে আবার পজিটিভ ফল আসার মানে ভাইরাস রূপ পাল্টাচ্ছে। এ ধরনের ভাইরাস রূপ বদলাতে পারে। এতে জটিলতা তৈরি হয়। যারা করোনা আক্রান্ত হয়ে সুস্থ হয়ে উঠেছেন তাদেরও সচেতন থাকতে হবে, স্বাস্থ্যবিধি মানতে হবে।

Income Taxes & Immigration

আমরা অত্যন্ত সততা ও দক্ষতার সহিত নির্ভুল তথ্যের ভিত্তেতে ইনকাম ট্যাক্স রিটার্ণ করে থাকি। অধিক রিফান্ডের লোভে ভুল তথ্য দিয়ে ফেডারেল ও স্টেটের অডিটের ঝামেলায় না গিয়ে সঠিক তথ্যের ভিত্তিতে ট্যাক্স রিটার্ণ করে ঝামেলা মুক্ত থাকুন।



নিউইয়র্কে বাড়ি ক্রয় বিক্রয় আবাসিক ও কমার্শিয়াল, রিয়েল এস্টেট এজেন্ট, নোটারী পাবলিক।

Md. Harunur Rashid (Milon)
MSS.Pol.Science
ITP.CUNY, H&R Block
Cell: 718-341-3927
Email: harunur69@aol.com

RASHID ENTERPRISE
Bangladesh Plaza, 2nd Fl., #206, 37-15,73rd Street, Jacksone Heights, NY 11372
Tel: 718-458-0575, Fax: 347-642-3276

আমাদের নিকট নিম্নলিখিত সেবা পাবেনঃ

ইমিগ্রেশনঃ
ফ্যামিলি পিটিশন ও কে-ভিসা
রিমোভ কন্ডিশন
এফিডেভিট অব সাপোর্ট
বিনা পরীক্ষায় সিটিজেনশীপ
এমপ্লয়মেন্ট অথরাইজেশন
সিএসএস লুলাক
রিফিউজি, এসাইলম, গ্রীণকার্ড রিনিউ

AUTHORIZED IRS e-file PROVIDER
IRS authorised e-file provider

ইনকাম ট্যাক্সঃ
ব্যক্তিগত ও ব্যবসা
ট্যাক্সি ক্যাব ও ফুড ভেন্ডার
পার্টনারশীপ, কর্পোরেশন
পেরোল এন্ড সেলস ট্যাক্স
ব্যবসা সেটআপ
কর্পোরেশন ও এলএলসি গঠন

FREE CONSULTATION!!!
I am a tax specialist directly licensed by the IRS



ENROLLED AGENT
Authorized IRS e-file Provider
IRS To Represent Before the Internal Revenue Service

MIR KASHAM
IRS Enrolled Agent, CMA (INT), BBA (Accounting), Baruch CUNY

TAX - ACCOUNTING - NOTARY PUBLIC
IMPUESTOS - CONTABILIDAD - NOTARIO PÚBLICO
ট্যাক্স – একাউন্টিং – নোটারী

Tax Preparation, Tax Planning
& Solving Tax Problems
Business Tax & Accounting
Sales Tax
Payroll & Bookkeeping Services
Typing Services:
Contract Papers
Resumès, Fax, E-mail, Scan etc.



Moon
Multi Services
701 Church Avenue
Brooklyn, NY11218
Tel: 347-533-9030
Cell: 917-501-5750
Fax: 347-533-6703
Email: mirkasham@aol.com



* সম্পূর্ণ হালাল খাবার
* ক্যাটারিং
* লাঞ্চ ডিনার



Joy

পিকনিকসহ বিভিন্ন উৎসব আয়োজনে জয় রেস্টুরেন্টের বিশেষ ঘোষণা

জয় ক্যাটারিং মেন্যু

প্যাকেজ -১
$ 7.00

প্যাকেজ-২
$ 8.00

প্যাকেজ-৩
$10.00

প্যাকেজ-৪
$11.00

148 East 46th Streets, (Between Lexington & 3rd Avenue), New York, NY 10017
Tel: 212-490-1277, (212) 490-1278, Fax: (212) 490-1977

32 West 39 Street (Between 5th and 6th Avenue), New York, NY- 10018.
Tel: 646-559-7527

প্রফেশনাল ভিডিওগ্রাফি ও ফটোগ্রাফির জন্য আজই আসুন



STAR Photography

শহরের সেরা ফটোগ্রাফার এবং ভিডিওগ্রাফার

হাই ডেফিনেশন কোয়ালিটি
কম দাম, দ্রুত ডেলিভারী
বিয়ে, অন্নপ্রাশন, বিজনেস পার্টি
কনফারেন্স প্রোগ্রামসহ সব অনুষ্ঠান

Please contact for all
Your Professional
Photographic Like events
News Conference
Wedding Receptions & Modelling

NEHER SIDDIQUEE
MRS. NEHER
917-476-6628, 718-371-8334
www.neherphotography.weebly.com

গুগল বাফেলোর বাংলাদেশী কমিউনিটি সহ অন্যান্য খবর জানতে
বাফেলোর প্রথম এবং একমাত্র বাংলা সংবাদপত্র
বাফেলো বাংলা
পড়ুন
www.buffalobangla.com

Homeopathy & Herbal
হোমিওপ্যাথিক এন্ড হারবাল
ডাঃ এস.কে.শর্মা
D.H.M.S (B.D) N.H.C (USA) Homeopathic Specialist

আপনি কি যে কোন কঠিন বা পুরাতন রোগে ভুগছেন, তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ সেবন করে দেখুন। আমাদের এখানে সম্পূর্ণ গোপনীয়তা রক্ষা করা হয়।

*Migraine *পাতলা *হাঁপানি *বাঁশি * গার্ণ *পিডনার *Kidney Stone *অম্লরোগের পীড়া *কফের পীড়া *কাশি *বিজনীর পীড়া *লর্স পীড়া * টনসিলাইটিস *দন্তের পীড়া *পেশা বা খেসী রোগ *মনের পীড়া *পেশাগত *Gall Bladder Stone *গ্যাসের পীড়া * প্রষ্টেট- গ্লান্ডের পীড়া *Fatty Liver * ফুসফুসের পীড়া *গ্লান্ড-গ্রোথ *ক্যান্সার * গাণ্ড ব্যাথা * লিভারের পীড়া *গায়োটিস *পাইলাইটিস *পরহৃৎ *শাকে পরিপাক *অর্শিয়া *Blood Cholesterol *চুল পড়া *Fatty Heart *ক্লান্ত *এ কর্মিয়া * পোষ * টাক রোগ * রক্ত গ্রন্থান * অস্থিত * অনিদ্রা *প্যারালিক *নিদ্রায় নাক ডাকা * গায়ের জ্বালা করা * মুখে দুর্গন্ধ * অগ্ন রোগ * হতাশেপুন পেক মুখ অশিত পীড়া ইত্যাদি।

মহিলাদের:* ভানিয়াগিত খাতুস্রাব * স্তনের টিউমার * চুল পড়া * শ্বেতপ্রদর বা লিউকোরিয়িয়া * ডিম্বাশয়ের টিউমার (Ovarin Cyst) * Endometrioth, * জরায়ুর টিউমার (Uterus Tumors), * বন্ধ্যাত্ব * খাতুস্রাবে বিলম্ব ইত্যাদি।

শিশুদের:-শিশু দাঁত উঠিতে হাঁটিতে ও কথা বলিতে বিলম্ব, শিশুর একশিরা, শিশুর কোষ্ঠবদ্ধতা, শিশুর মৃগিয়া বামা পড়া, শিশু না খাইতে চাওয়া (Appetite Problems)

আপনি কি যৌন সমস্যায় ভুগছেন
*premature Ejaculation *Low Libido * Impotence
*পুরুষত্বহীনতা * শীঘ্রপতন *লিঙ্গ শিথিলতা

আমরা আমেরিকার যে কোন ষ্টেটে ডাকযোগে ঔষধ পাঠিয়ে থাকি।

37-15 73rd Street, Jackson heights, NY 11372.
Cell: 917-285-4804, Ph: 718-898-0939
www.vhvshop.com
Business Hours: Monday-Friday: 12:00PM-8:00PM, Saturday-Sunday: 12PM-6PM

স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্ধতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।

পার্কচেস্টারে
অভিজ্ঞ বাংলাদেশি ডাক্তার

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

এখানে বাংলাদেশী মহিলা গাইনোকলজিষ্ট, কার্ডিওলোজী, প্যাল্ট্রো এন্ট্রোলজী, ফিজিক্যাল থেরাপী, পেইন ম্যানেজমেন্ট সহ সব ধরনের চিকিৎসা সুবিধা রয়েছে

ডা. আতাউল মৌলুরী (তুষার) এম.ডি
মেডিসিন বিশেষজ্ঞ (বোর্ড সার্টিফাইড)

ডা. মরিলা রহমান
গাইনোকলজিষ্ট



TEL: 917-634-9600
917-634-9601
FAX: 888-776-0872

We Provide EKG, Echocardiogram, TLC Exam, Different blood test and much more

1268 White Plains Road, Bronx, NY 10602
E-mail: nyccommunitymedicalcare@gmail.com
Web: www.nyccommunitymedicalcare.com
372 East 204th Street, Bronx, NY 10467

ALL YOUR NEED REAL ESTATE BUYING & SELLING.



Tusher Bhuiyan
Licensed Real Estate Agent

▼ বাড়ী ক্রয়-বিক্রয় ব্যাপারে সব রকমের সহযোগিতা করে থাকি!
▼ অল্প ডাউন পেমেন্টে আপনিও বাড়ীর মালিক হতে পারেন!

Century 21
Tri-Boro Terrace Realty
31-08, Astoria Boulevard,
Astoria, New York, NY 11102
Business: (718) 721-2700, Ext. 19
Fax: (718) 721-7033
Cellular: (646) 732-9150
E-Mail: tusherb@aol.com

Each Office is Independently Owned and Operate

ফার্মেসী PHARMACY & SURGICAL STORE
Free Diabetic machine
সীমিত সময়ের জন্য 15% Off
Vitamins, Nutrition & Homeopathic

একই সাথে এখানে পাচ্ছেন ◆ ঔষধপত্র, মেডিক্যাল ও সার্জিক্যাল যন্ত্রপাতি। ◆ বিউটি এবং কসমেটিক্স। ◆ ইলেকট্রনিক্স, গৃহস্থালী মনিহারী, খেলনা সামগ্রী ও ফুল সাপ্লাই।
আমরা ২৫ বছরের বেশি সময় ধরে নিষ্ঠার সাথে কমিউনিটিকে সেবা দিয়ে আসছি। সুতরাং আজই আসুন আপনার সুবিধামত অবস্থানে।
আমরা Medicade, Medicare Part D, Worker compensation সহ ইন্স্যুরেন্স গ্রাম গ্রহণ করি।

ASTORIA PHARMACY
30-14 30th Ave. Astoria, NY 11102
Ph: 718-278-3772
e-mail: rph@astoriapharmacy.com
www.astoriapharmacy.com

JACKSON HEIGHTS PHARMACY
71-34 Roosevelt Ave. Jackson Heights, NY 11372
Ph: 718-779-1444
e-mail: rph@jacksonheightspharmacy.com
www.jacksonheightspharmacy.com

LONG ISLAND CITY CHEMISTS
30-12 36th Ave. Long Island City, NY 11106
Ph: 718-392-8049
e-mail: lichem@yahoo.com
www.drugcabinet.com

OPEN
10 am - 10 pm
Monday to Friday
Saturday
10 am - 5 pm

INSURANCE
New/ Renewal
❖ AUTO, HOME, BUSINESS, BLACK CAR, GREEN CAB
❖ FOOD-FRUITS VENDOR, LIABILITY
❖ COMMERCIAL VAN, STORE LIABILITY.
❖ CONSTRUCTION, WORKERS COMP. & DISABILITY.



BEST PRICE AND SATISFACTION GUARANTEED
TDS Insurance Brokerage Corp.
Tel : 718-483-9310, Fax : 718-483-9311
BROOKLYN OFFICE
118 Beverley Rd. Brooklyn, NY 11218

আবার সকাল হবে

(৩ পাতার পর)

খুব কষ্ট হচ্ছে। কীভাবে, কতদিন পরে আমার মৃত্যু হবে তা জানি না; তবে মৃত্যুর আগে কিছুটা দুর্বিষহ জীবন নিয়ে গেলাম। কোথাও কোনো আঘাত বা কাটাছেঁড়া হলে অনেক সময় অনেক যন্ত্রণা হয়। আমেরিকায় হার্টের রিং বসানোর সময় লেনোকসিল হাসপাতালে আমার শরীরে অভ্যন্তরীণ রক্তক্ষরণ হয়েছিল। অনেক রক্ত জমে গিয়েছিল তলপেটে। মৃত্যুর হাত থেকে কোনোরকমে বেঁচে গিয়েছিলাম।

এক মাস পর্যন্ত পেটের নিচের অংশে ছিল প্রচণ্ড যন্ত্রণা। সেই যন্ত্রণা এবং যে কোনো সময় মৃত্যু হতে পারে- এমন অবস্থায় হাসপাতালের বেডে শুয়েও অনেক স্বপ্ন দেখতাম। আমার বাংলাদেশে আবার ফিরে যাব, আবার সিনেমা বানাব। শুটিং হবে- লাইট, ক্যামেরা, অ্যাকশন, কাট। সিনেমা হলে হাউসফুল বোর্ড। হলভর্তি দর্শকের হাততালি। এফডিসিতে আমার প্রিয় সমিতির সভাকক্ষে আড্ডা, গল্প অথবা আমি ক্যামেরার সামনে অন্য কোনো পরিচালকের উদ্দেশে আঙুল উঁচু করে বলব- না, না; তোমরা যত যাই বলো, জয় আমাদের হবেই। অথবা যেদিন পদ্মা সেতু দিয়ে প্রথম মানুষ চলাচল শুরু হবে, সেদিন ওই সেতুর ওপর দিয়ে চলে যাব মধুমতির পারে, বাঁশঝাড়ের পাশে আম-জাম-সুপারি বাগানের ছায়ায় ঘেরা আমাদের গ্রামের বাড়িতে; যেখানে পাখির কিচিরমিচির ডাকে এখনও ঘুম ভাঙে। যেখানে এখনও টিনের চালে বৃষ্টি পড়ার শব্দ শোনা যায়। দেখা হবে কিশোরকালের বন্ধুদের সঙ্গে। তাড়াইল বাজারে গিয়ে চা খাব ইয়ার আলীর দোকানে।

আমাদের মাননীয় প্রধানমন্ত্রীর আর্থিক সহযোগিতা পেয়েই আমেরিকায় গিয়ে চিকিৎসা করার সৌভাগ্য হয়েছিল আমার। আর সেজন্যই হয়তো বেঁচে আছি আজও। ২০২০ সালের জুন চলছে। শরীরে এখন আর কোনো যন্ত্রণা নেই। তেমন কোনো অসুস্থতাও নেই। তবুও বেঁচে থাকা যে এত বিরক্তিকর ও যন্ত্রণাদায়ক হতে পারে, তা জীবনের এই শেষ প্রান্তে এসে অনুভব করে গেলাম। ভয়াবহ করোনার জন্য সমাজবিচ্যুত হয়ে বেঁচে আছি। পবিত্র ঈদেও কোনো প্রিয়জন আমার কাছে আসেনি। আমিও পারিনি কোথাও কোনো সতীর্থ অথবা প্রিয়জনের কাছে যেতে। বিছানায় শুয়ে এখন আর ভাবতে পারি না সিনেমার কোনো নতুন গল্প। আমার সামনের দিনগুলোর জন্য নেই পরিকল্পনা, নেই কোনো স্বপ্ন। যে পেশার সঙ্গে যুক্ত ছিলাম, সেখানে দারুণ আনন্দ হতো। বয়সের আধিক্যজনিত কারণেও এই পেশায় নেই কোনো অবসরকাল। একজন হেডমাস্টার অথবা সরকারি, আধা-সরকারি কর্মচারীদের মতো কর্মক্ষম সুস্থ থাকা সত্ত্বেও একগুচ্ছ ফুল, একটা ছাতা, একটা লাঠি আর চোখের জল নিয়ে আমাকে কর্মস্থল থেকে বিদায় নিতে হবে না। অথচ কী নিদারুণ দুঃখের বিষয়- করোনাভাইরাস বোধহয় আমাকে বাধ্যতামূলক অবসরে পাঠিয়ে দিল। বারবার মনে হয়, বোধহয় সুস্থভাবে বেঁচে থেকেও সিনেমার শেষ টাইটেল প্লেটের মতো হয়ে গেলাম 'দ্য এন্ড'।

বিনোদনও মানুষের জীবনে একটা বিরাট খাদ্য। তাই বোধহয় আমাদের সিনেমার বেলায় অপ্রিয় হলেও কিছু কথা প্রচলিত ছিল, তা হল- ছবিটা দর্শকরা খাইছে ভালো। সিনেমা হলে গিয়ে সিনেমা দেখে যে বিনোদন, আনন্দ অথবা দর্শকরা যা খেত, তা বোধহয় মানুষের কাছে একসময় গল্পকথাই হয়ে থাকবে। একজন আরেকজন থেকে ৬ ফুট দূরত্বের স্বাস্থ্যবিধি মেনে নিয়ে আর কি কখনও কোনো সিনেমা হল চালু হবে? সিনেমা হলে গিয়ে সিনেমা দেখার যে আনন্দ, তা কি বাংলাদেশের মানুষের জীবন থেকে চলেই যাবে? সিনেমা প্রদর্শনের জন্য নির্মাণ থেকে প্রদর্শন পর্যন্ত যারা কাজ করতেন, তারা কি সবাই চিরকালের জন্য বেকার হয়ে গেলেন? সিনেমা হল কর্তৃপক্ষ হয়তো সিনেমা হল ভেঙে বিপণিবিতান অথবা বহুতলবিশিষ্ট ভবন নির্মাণ করে তাদের ক্ষতি পুষিয়ে নিতে পারবেন। বাংলাদেশের কোনো ব্যাংক এবং ইন্স্যুরেন্স কোম্পানির সহযোগিতা ছাড়াই সিনেমা নির্মাণের জন্য যারা অর্থলগ্নি করতেন, সেই উদ্যোক্তারাও হয়তো এই সেক্টরে অর্থলগ্নি না করে অন্য কোনো সেক্টরে অর্থলগ্নি করবেন। কিন্তু যেসব মেধাবী শিল্পী-কলাকুশলীরা এই কর্মের সঙ্গে যুক্ত ছিলেন, তারা কী করবেন?

এই মুহূর্তে করোনাভাইরাস বিভিন্ন খেলার খেলোয়াড়দেরও হয়তো বেকার করে দিয়েছে। কিন্তু খেলোয়াড়দের স্বপ্ন আছে- স্টেডিয়ামে দর্শক ছাড়াই হয়তো অল্প কিছুদিনের মধ্যে আবার খেলা শুরু হবে। করোনাভাইরাসের নতুন নতুন গতিপ্রকৃতি দেখে সিনেমা নির্মাতাদের মধ্যে লালিত স্বপ্ন বোধহয় হারিয়ে যেতে চলেছে। তাহলে কী হবে? যেমন জানা নেই, করোনা কবে শেষ হবে! তেমনি জানা নেই, বাংলাদেশের প্রধান একটি বিনোদন মাধ্যম সিনেমার কী হবে?

তবুও অনেক আশা- প্রতি চব্বিশ ঘণ্টায় একটা নির্দিষ্ট সময়ের পর অন্ধকার পেরিয়ে যেমন নতুন সকাল হয়, তেমনি আবার সকাল হবে। সেই সকালে খবর পাব, কোভিড-১৯ নিরাময়ের জন্য শতভাগ সাফল্য নিয়ে নতুন ওষুধ আবিষ্কৃত হয়েছে। খবর পাব, শতভাগ সাফল্য নিয়ে এখন ভ্যাকসিন পাওয়া যাচ্ছে সারা পৃথিবীতে। আবার আমরা সবাই চলে যাব আমাদের কর্মস্থলে। না, 'দ্য এন্ড' নয়; আবার শুটিং হবে, আবার হবে অ্যাকশন-কাট। সেই সকালে ঈদের দিনের মতো আবার বুকে বুক মিলিয়ে হবে কোলাকুলি। মুখে মাস্ক নয়, সামাজিক দূরত্ব নয়; আমরা সবাই আবার হব আমাদের...

কাজী হায়াৎ : চিত্রপরিচালক

বাংলাদেশী মেডিকেল গ্রুপ

ডাঃ আতাউল ওসমানি
এম.ডি
ফ্যামিলি মেডিসিন বিশেষজ্ঞ
৭১৮-৬৩৬-০১০০
ডাঃ ফেরদৌস খন্দকার
এম.ডি, এফএসিপি
মেডিসিন বিশেষজ্ঞ
Brooklyn
20 Arlington Place
(Across the Fulton St.)
(Betw. Bedford & Nostrand Ave)
Brooklyn, NY 11216
Tel: 718-363-0100
Fax: 718-636-0112
Jackson Heights
70-17 37th Avenue
(Betw. 70 & 71st Street)
East Side of BQ Express Way
Jackson Heights, NY 11372
Tel: 718-363-0100
Fax: 718-636-0112
আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

উইকেন্ড মাক্তাব ও আফটার স্কুল
আল্লাহর অশেষ মেহেরবাণীতে নিউইয়র্কের সাউথ জ্যামাইকায় আপনার সন্তানের ধর্মীয় শিক্ষার জন্য আল-মানসুর কালচারাল সেন্টারে সুব্যবস্থা হয়েছে, তাই পাবলিক স্কুলগামী ৯৮ভাগ মুসলিম শিক্ষার্থীকে আফটার স্কুল ও উইকেন্ড মাক্তাবের মাধ্যমে প্রয়োজনীয় জাগতিক শিক্ষার পাশাপাশি অত্যাবশ্যকীয় ধর্মীয় শিক্ষালাভের সুযোগ করে দেয়াই আমাদের লক্ষ্য ও উদ্দেশ্য।
ফুলটাইম হিফ্‌জুল কোরআন ক্লাস
ইহা একটি পূর্ণাঙ্গ সিলেবাস সম্বলিত ৫ বছরের কোর্স যেখানে কায়দা-কোরআন শিক্ষার পাশাপাশি দোয়া, আক্বীদা, আখলাক, ফিক্‌হ ও হাদীস এবং ইসলামিক ইতিহাস শিক্ষা দেয়া হয়।
সামার ক্লাস
সামার ভ্যাকেশনের সাথে সামঞ্জস্য রেখে সম্পূর্ণ একটি সিলেবাস।
সপ্তাহে ৪ দিন, জুলাই ০২-আগস্ট ৩০।
সকাল ১০:৩০ - দুপুর ১:৩০
বৈশিষ্ট্য সমূহঃ
বিজ্ঞ আলেমদের তত্ত্বাবধানে পরিচালিত
অভিজ্ঞ শিক্ষক মন্ডলী
সিলেবাস ভিত্তিক শিক্ষা ব্যবস্থা
শিক্ষাদানের ভাষা ইংরেজী
সেমিষ্টার ভিত্তিক শিক্ষা ব্যবস্থা
ছেলে মেয়েদের আলাদা সুব্যবস্থা
ভর্তি চলছে
সম্মানিত সচেতন অভিভাবক! আপনার সন্তানের ধর্মীয় অনুভূতি জাগরণে আপনাকেই নিতে হবে সঠিক সিদ্ধান্ত, আর তা বাস্তবায়ন ও সার্বিক সহযোগিতায় আমরা দৃঢ় প্রতিজ্ঞাবদ্ধ।
পরিচালক ঃ শায়েখ মুফতি মোহাম্মদ আব্দুল্লাহ
প্রাক্তন ইমাম, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট কারেকশনাল সার্ভিস।
Al-Mansoor Cultural Center
Learning • Reflecting • Celebrating
ভর্তি চলছে
Tel: 718-475-0904
646-545-1943
646-545-7924
107-57 154 Street, Jamaica, NY 11433

স্বপ্নের দেশ আমেরিকায় এসব কী হচ্ছে?

(৪০ পাতার পর)

বাংলাদেশী এক অধ্যাপক আমাকে বলেছেন, 'আমেরিকানরা ট্রাম্পকে হোয়াইট হাউসে পাঠিয়ে যে ভুল করেছেন, তার খেসারত তাদের দিতে হবে বহুদিন।'

যুক্তরাষ্ট্রের এক সপ্তাহের বিক্ষোভ, লুণ্ঠন, জ্বালাও পোড়াও যেখানে সাদা-কালো মানুষকে একসঙ্গে দেখা যাচ্ছে তার অর্থ হচ্ছে বর্ণবাদের বিরুদ্ধে অনেকেই আন্দোলন করছেন। ট্রাম্প কি এখান থেকে কোনো ধরনের ফায়দা লুটতে চাচ্ছেন? শ্বেতাঙ্গ- কৃষ্ণাঙ্গ বিভাজন মারাত্মক আকার ধারণ করিয়ে নভেম্বরের নির্বাচনের ফল তার পক্ষে নিতে চাচ্ছেন? বিশ্ব রাজনীতিতে একটি বিষয় লক্ষণীয়। সেটি হচ্ছে বিশ্বের সবচেয়ে বড় গণতান্ত্রিক দুটো দেশ হচ্ছে- আমেরিকা আর ভারত। দুটো দেশই কিন্তু বর্ণবাদ ও ধর্মবাদের টিকিট নিয়ে টিকে আছে। ভারতে, হিন্দু-মুসলিম দাঙ্গা আর বিভেদের ফল পুরোটা ভোগ করছে বিজেপি। এত বড় গণতান্ত্রিক দেশে ধর্মতন্ত্রী সরকার, তার অর্থ হচ্ছে অন্য ধর্মের মানুষ নিগৃহীত হবে, দ্বিতীয় বা তৃতীয় শ্রেণির মর্যাদা পাবে আর তার ফলটা লুটবে ধর্মতন্ত্রী সরকার। ধর্মের বিভেদের সুযোগে বিজেপি সরকার দুই দুইবার দিল্লির মসনদে বসেছে। নিগৃহীত হচ্ছে অন্য ধর্মের মানুষ অর্থাৎ তারা যেন ভারতের নাগরিক নন। ঠিক একই কায়দায় যুক্তরাষ্ট্রে সাদা-কালোদের বিভেদ মানে ট্রাম্পদের মতো বর্ণবাদীদের দ্বিতীয়বার ক্ষমতায় আসার নিশ্চয়তা।

এখানে আর একটি বিষয় হচ্ছে- বিশ্বের ক্ষমতাবানরা অর্থাৎ যারা রাষ্ট্রক্ষমতায় আসীন তারা তাদের নিজস্ব উদ্দেশকে চরিতার্থ করার জন্য, হীন স্বার্থকে বাস্তবায়ন করার জন্য, নিজ দলের এজেন্ডা পাকাপোক্ত করার জন্য হেন কোনো কাজ নেই যে তারা করেন না। প্রতিটি কাজই তাদের নিজ নিজ দেশের বাইরে, আন্তর্জাতিক অঙ্গনে চরম প্রতিবাদের ঝড় তোলে, নিজ দেশের বিরুদ্ধে চরম ঘৃণা কুড়োয় কিন্তু তাতে তাদের কানে, মনেপ্রাণে যেন কিছুই আসে যায় না। তারা তাদের এই হীন স্বার্থ চরিতার্থ করতে গিয়ে নিজ দেশের চরম অপমান, চরম ক্ষতি করছেন সেটি তারা কোনোভাবেই তলিয়ে দেখতে চান না। তারা ক্ষমতায় টিকে থাকেন উগ্রবাদী, ধর্মান্ধ ও বর্ণবাদীদের সহায়তায়, সমর্থনে।

যুক্তরাষ্ট্রকে বিশ্বের সবাই পৃথিবীর স্বর্গ মনে করে, বিশ্বের সবচেয়ে নিরাপদ ও আরামদায়ক জায়গা মনে করে। গোটা পৃথিবী থেকে শিক্ষিত, উচ্চশিক্ষিত, রাজনীতিবিদ সবার যেন শেষ ঠিকানা সেখানে। গোটা পৃথিবী থেকে শিক্ষিত, উচ্চশিক্ষিত মানুষের ঢল আমেরিকার দিকে বৈধ পথে, অবৈধ পথে। কারণ সেখানে রয়েছে সামাজিক নিরপত্তা। যুক্তরাষ্ট্রের রাস্তায় সারা মাস সারা বছর ঘুরলেও পুলিশকে চোখে পড়ে না ট্রাফিক পুলিশ ছাড়া), হাতে লাঠি আর অস্ত্র নিয়ে পুলিশ কিংবা দাঙ্গা পুলিশ তো দূরের কথা- যে দৃশ্য এশিয়া, আফ্রিকাসহ বিশ্বের সব উন্নয়নশীল দেশে দেখা যায়। মানুষের মর্যাদা সেখানে দেওয়া হয়। যখন তখন যেখানে সেখানে পুলিশ কাউকে হয়রানি করার চিত্র নেই যদিও, আন্তর্জাতিক রাজনীতিতে তাদের চেহারা ও কৌশল ভিন্ন। সেই আমেরিকাতে চরম দাঙ্গা, পুলিশ লাঠি দিয়ে বেদম প্রহার করছে মানুষকে। মানুষ রাস্তায় শুধু বিক্ষোভ নয়, লুণ্ঠন করছে দোকান পাট, শত শত গাড়ি ভেঙে চুরমার করছে, গাড়িতে আগুন দিচ্ছে। প্রশ্ন হচ্ছে তাহলে পুলিশকে লেলিয়ে দিয়ে কি রাজনৈতিক ফায়দা লোটার চেষ্টা করছে ট্রাম্প প্রশাসন? গোটা বিশ্বের কাছে আমেরিকার এক উলঙ্গ চিত্র, চরম অসভ্যতার চিত্র, কুৎসিত চেহারা উন্মোচন করছে- এই রাজনীতি, এটি কী তাহলে সাদা-কালো বিভেদ জিইয়ে রেখে পরবর্তী নির্বাচনে জেতার কৌশল? ঠিক ভারতে যেটি ঘটেছে- বিজেপি ক্ষমতায় আসার পর পরই দেশে আগুন লেগেছে, চরম দাঙ্গা হয়েছে, পুরো দেশ অন্য ধর্মের মানুষকে প্রকাশ্য দিবালোক হত্যার উল্লাস মঞ্চ বানিয়েছে, চরম অত্যাচার করে জীবন্ত মেরে ফেলেছে ভিন্ন মতাদর্শীদের। বিশ্বব্যাপী দুর্নাম কামিয়েছে বিশাল গণতান্ত্রিক দেশ, কিন্তু কোনো দিকে তাদের কোনো ভ্রুক্ষেপ নেই, তাদের পার্টির হীন উদ্দেশ্যকে বাস্তবায়ন করতেই হবে, তাতে জাতির কপালে কলঙ্কের তিলক পড়ুক তাতে তাদের কিছু আসে যায় না। ধর্মান্ধ ও বর্ণাবাদগোষ্ঠী এসব কিছুর বিনিময়ে তাদের নিজস্ব এজেন্ডা বাস্তবায়ন করে, নিজেরা ফায়দা লুটে নেয়।

মার্কিন মুল্লুকে করোনায় লক্ষাধিক মানুষ মারা যাওয়ার মধ্যে ৪০ শতাংশই কৃষ্ণাঙ্গ ও অশ্বেতাঙ্গ। করোনাভাইরাসের কারণে চার কোটির বেশি মানুষ আমেরিকায় বেকার হয়ে পড়েছে। স্বাস্থ্য খাতে অদক্ষতা, অর্থনীতি দুর্বলতার দিকে ধাবিত হওয়া, পরবর্তী নির্বাচনে জয়ী হওয়ার চিন্তা সবকিছু মিলে এক লেজেগোবরে অবস্থা। এ কারণে হয়তো ট্রাম্প জনগণের দৃষ্টি অন্যদিকে ফেরানোর কৌশল অবলম্বন করেছেন বলেও মনে হওয়াটা অস্বাভাবিক নয়। তা না হলে মার্কিন মুল্লুকে এসব ঘটনা ঘটবে কেন, যে দৃশ্য আমরা দেখি তৃতীয় বিশ্বের ক্ষুধা দারিদ্র্যপীড়িত দেশগুলোতে? এখানে আর একটি সত্য বেরিয়ে এসেছে। সব মানুষের মধ্যে যে চরম এক পশু ঘুমিয়ে থাকে পরিবেশ পেলেই সেটি জাগ্রত হয়ে নিষ্ঠুর, অমানবিক ও হিংস্র চোহারা উন্মোচন করে পশুর মতো থাবা দেয়। আমেরিকার রাস্তায় যাদের দেখা যাচ্ছে গাড়ি ভাঙতে, গাড়িতে আগুন দিতে, যেসব পুলিশকে দেখা যাচ্ছে মানুষকে প্রহার করতে তারা সবাই সভ্য, সভ্য বলেই তাদের সবাই জানে। কিন্তু কি হয়েছে, কেন হয়েছে, কিসের কারণে হঠাৎ তারা এমন করছে? প্রতিবাদের বহু সভ্য ভাষা তারা জানে; পুলিশও জানে কিভাবে জনগণের সঙ্গে আচরণ করতে হয়। কিন্তু এখন কি দেখছি? আমেরিকায় বড় মিছিলের পেছনে পুলিশের গাড়ি দেখেছি। সে গাড়ি বহু দূরে অবস্থান করে- যাতে মিছিলের কোনো ক্ষতি না হয়, মানুষ যাতে ভয় না পায়। অথচ সেই পুলিশের কি চেহারা! প্রতিবাদকারীদের কি চেহারা! তাই ভিক্টোরিয়ান কবি বরার্ট ব্রাউনিং তার 'দ্যা প্যাট্রিয়ট' কবিতায় বলেছেন, মানুষ বেশিরভাগ সময় এবং বেশিরভাগ মানুষ আবেগের দ্বারা বেশি তাড়িত হয়, কারণ ও যুক্তির দ্বারা খুব কম পরিচালিত হয়। বর্তমান সভ্য আমেরিকার চেহারা তাই বলে দিচ্ছে।

লেখক: শিক্ষা বিশেষজ্ঞ ও গবেষক

হাজার হাজার মানুষকে করোনা থেকে রক্ষা করেছে মাস্ক: গবেষণা

বাংলা পত্রিকা ডেস্ক: করোনার এপিসেন্টার হিসেবে পরিচিত দেশগুলোতে ফেস মাস্ক পরায় হাজার হাজার মানুষ প্রাণঘাতী ভাইরাসটি থেকে রক্ষা পেয়েছেন বলে একটি গবেষণায় বলা হয়েছে। গবেষকরা বলছেন, করোনা প্রতিরোধে সামাজিক দূরত্ব মানা এবং ঘরে থাকার চেয়েও কার্যকরি হলো ফেস মাস্ক পরা। গবেষণাটি দ্য প্রসেডিংস অব দ্য ন্যাশনাল অ্যাকাডেমি অফ সায়েন্সেস অব দ্য ইউএসএ জার্নালে প্রকাশিত হয়েছে।

গবেষণায় বলা হয়, সংক্রমণের হারের নাটকীয় পরিবর্তন হয় যখন গত এপ্রিলের ৬ তারিখ ইতালিতে এবং ১৭ তারিখ থেকে যুক্তরাষ্ট্রের নিউ ইয়র্ক সিটিতে মাস্ক পরা বাধ্যতামূলক করা হয়। গবেষকরা বলেন, মাস্ক পরায় করোনা সংক্রমণের সংখ্যা উল্লেখযোগ্যহারে কমে গিয়েছিলো। মাস্ক পরার কারণে ইতালিতে এপ্রিলের ৬ থেকে ৯ মে পর্যন্ত করোনা আক্রান্তের সংখ্যা প্রায় ৭৮ হাজারের বেশি হ্রাস পায় । এছাড়া এপ্রিলের ১৭ তারিখ থেকে ৯ মে পর্যন্ত নিউইয়র্ক শহরেও আক্রান্তের সংখ্যা প্রায় ৬৬ হাজারের বেশি হ্রাস পায়। গবেষণায় বলা হয়, মাস্ক পরা বাধ্যতামূলক করার পর নিউ ইয়র্কে সংক্রমণের হার দৈনিক ৩ শতাংশ কমে যায়। মাস্ক পরা বাধ্যতামূলক করার আগে ইতালি এবং নিউ ইয়র্কে সামাজিক দূরত্ব, কোয়ারেন্টাইন, আইসোলেশন এবং সকল স্বাস্থ্যবিধি মানা হচ্ছিল। কিন্তু শুধুমাত্র মুখ ঢেকে রাখার কারণে বাতাসের মাধ্যমে ছড়ানো করোনার ভাইরাস থেকে হাজার হাজার মানুষ রক্ষা পেয়েছেন বলে দাবি করেছেন গবেষকরা।

এদিকে গত ১২ জুন শুক্রবার যুক্তরাষ্ট্রের সেন্টার ফর ডিজিজ এন্ড প্রিভেনশনের পক্ষ থেকে শুক্রবার বলা হয়েছে, করোনা ছড়ানোর একটি শক্তিশালী উপায় হলো বাতাসের মাধ্যমে ছড়ানো। এই সংস্থাটির পক্ষ থেকেও করোনা প্রতিরোধে সকলকে মাস্ক ব্যবহার করার আহ্বান জানানো হয়েছে।

করোনা শেষ হতে ঢের বাকি আছে: ফাউসি

বাংলা পত্রিকা ডেস্ক: দুনিয়া থেকে করোনাভাইরাস শেষ হতে ঢের বাকি আছে বলে সতর্ক করে দিয়েছেন যুক্তরাষ্ট্রের শীর্ষ সংক্রামক রোগ বিশেষজ্ঞ অ্যান্থনি ফাউসি। কোভিড-১৯ রোগকে তিনি সবচেয়ে খারাপ দুঃস্বপ্ন বলে আখ্যায়িত করেন। -খবর গার্ডিয়ান ও সিএনএন।

ডা. ফাউসি বলেন, গত চার মাস সময়ে এই ভাইরাসটি পুরো বিশ্বে বিপর্যয় নিয়ে এসেছে। জৈবপ্রযুক্তি উদ্ভাবন সংস্থার একটি সম্মেলনে নির্বাহীদের সামনে দেয়া বক্তৃতায় তিনি বলেন, রোগটি এখনো শেষ হয়ে যায়নি। এখন পর্যন্ত ৭০ লাখের মতো মানুষ করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন। যাদের মধ্যে মারা গেছেন চার লাখ। যুক্তরাষ্ট্রে এক লাখ ১০ হাজারের বেশি মানুষের মৃত্যু হয়েছে ভাইরাসটিতে আক্রান্ত হয়ে। যা বিশ্বের যে কোনো দেশের তুলনায় বেশি। বিভিন্ন এলাকায় আক্রান্তের সংখ্যা বাড়লেও দেশগুলো লকডাউন শিথিল করার উদ্যোগ নিয়েছে।

তিনি বলেন, লাখ লাখ লোক করোনায় আক্রান্ত হয়েছেন। আর এটা এখনো শেষ হয়ে যায়নি। খুব খুবই অল্প সময়ের মধ্যে রোগটি ঘনীভূত হয়েছে। তার মতে, ইবোলা ভীতিজনক ছিল, তবে রোগটি সহজে সংক্রামিত হতে পারে না। ইবোলার প্রাদুর্ভাব সবসময় একেবারেই স্থানীয় হয়। এইচআইভিকে গুরুত্ব দিয়েও ফাউসি জানান, অনেকেই এইডসকে হুমকি মনে করে না। কারণ এটা নির্ভর করে 'আপনি কে, আপনি কোথায় আছেন এবং আপনি কোথায় থাকেন' -এ বিষয়গুলোর ওপর। কিন্তু করোনা পুরো গ্রহকে ছাপিয়ে গেছে।

Sale ! Sale!! বিশেষ মূল্যহ্রাস Sale ! Sale!!



এয়ার লাইন্সের অভিজ্ঞ প্রাক্তন কর্মচারিদের ব্যবস্থাপনায় নিউইয়র্কের বাঙ্গালী অধ্যুষিত জ্যাকসন হাইটস-এ অবস্থিত

ইউনাইটেড ট্রাভেলস ইনক

Umra Hajj-এর টিকেট ও Vissa-এর জন্য যোগাযোগ করুন

ভ্রমন জগতে একটি বিশ্বস্ত নাম

UNITED TRAVELS INC.

37-22 73rd Street, Suit#1C, Jackson Heights, NY- 11372. Tel: 718-899-7799, 718-899-7796, Fax: 347-612-4030

নিউইয়র্কের বাইরের স্টেট থেকেও সহজে টিকিট পেতে হলে যোগাযোগ করুন

After office Please Con Abdul Latif Bhuiyan Cell: 646-



Biman, Emirate, Eithihad Kuwait, Qatar & Soudia সহ বিশ্বের সকল সকল এয়ার লাইন্সের টিকেট বিক্রয় হয়।

বিরাট মূল্যহ্রাস

নিউইয়র্কের সবচেয়ে পুরনো এবং বিশ্বস্ত ট্রাভেল এজেন্ট

Concorde Travels


কনকর্ড ট্রাভেল

২৬ বছর থেকে আপনাদের সেবায় নিয়োজিত

আসন সংখ্যা সীমিত

আজই আপনার আসন সংরক্ষণ করুন







সউদিয়াতে উমরার জন্য বিশেষ সেল চলছে

সবচেয়ে কমদামে ঢাকা-নিউইয়র্ক আসার টিকেট সেল করা হয়

Emirates السعودية SAUDIA الاتحاد ETIHAD

KUWAIT AIRWAYS TURKISH AIRLINES QATAR AIRWAYS

37-47 73rd St, Suite # 211 (King Plaza), Jackson Heights, NY 11372

Tel : 212-563-2800, 347-448-6175, Cell : 917-355-7374 | Email : concordtravel@aol.com

দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন সফল এটর্নী

Accident Cases, Medical Malpractice & Legal Malpractice



Sheikh Salim
Attorney at Law

এটর্নী আপনার বাসায় যাবেন, ইভিনিং এবং উইকএন্ডে এপয়েন্টমেন্টের সুযোগ

- কন্সট্রাকশন দুর্ঘটনা
- স্ক্যাফোল্ড বা মই থেকে পড়ে দুর্ঘটনা
- লেড বিষ সম্বন্ধীয়
- বার্থ রিলেটেড ইনজুরি
- ভুল চিকিৎসা
- মটর গাড়ি দুর্ঘটনা
- কাজের সময় দুর্ঘটনা
- পিছলে পড়া, হোঁচট খাওয়া
- ক্রটিপূর্ণ পণ্য ক্রয়
- অ্যাসবেস্টস থেকে ক্ষতি
- মিনিমাম ওয়েজ বা ওভারটাইম না পাওয়া
- যে কোন ধরনের ইমিগ্রেশন কেস

এছাড়াও ১০০% নিশ্চয়তা সহকারে এসাইলাম কেস পরিচালনা করি

Sheikh Geroulakis & Ladyzhensky, PLLC

Attorneys at Law
225 Broadway, Suite 630, Manhattan, NY 10007
Phone: 212-564-1619 / 347-873-5428

ঘোষণা

প্রিয় পাঠক,

বাংলা পত্রিকা'র বিজ্ঞাপনদাতাদের সুবিধার্থে পত্রিকার বিজ্ঞাপন বিভাগের জন্য নতুন ই-মেইল খোলা হয়েছে। এখন থেকে সকল বিজ্ঞাপনদাতাকে নতুন ই-মেইলে adbanglapatrikausa@gmail.com

তাদের বিজ্ঞাপন পাঠানোর জন্য বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে। এই ই-মেইলটি শুধুমাত্র বিজ্ঞাপনের জন্য। নিউজ প্রেরণের ই-মেইল

banglapatrikausa@gmail.com

ধন্যবাদান্তে-

সম্পাদক

বাড়ি ক্রয়-বিক্রয়ে বিশ্বস্ত এজেন্টের সহায়তা নিন

WIN ZONE Realty Inc.

আমাদের সেবা সমূহ:

- বাড়ি ক্রয়-বিক্রয়
- লোন মোডিফিকেশনে (Loan Modification) ফ্রি সহায়তা
- ফরক্লোজারে (Foreclosure) ফ্রি সহায়তা
- আরইও (REO) বা ব্যাংকের বাড়ি ক্রয়-বিক্রয়
- ট্যাক্সলিনের-এর (Taxlien) বাড়ি ক্রয়-বিক্রয়
- সট সেলের (Short Sale) বাড়ি ক্রয়-বিক্রয়
- বাণিজ্যিক, আবাসিক বা মিক্স ইউজ (Mix Use) বাড়ি ক্রয়-বিক্রয়ে বিশ্বস্ততার সাথে ১৬ বৎসর ধরে কমিউনিটিকে সহায়তা করছি।

বাড়ি ক্রয়-বিক্রয়ে আপনার সহযোগিতায় আমরা আছি আপনার পাশে



MOHAMMED ISLAM (SHAMSU)

81-15 Queens Blvd, Elmhurst, NY 11373
Cell: 917-586-2172, Phone: 718-899-7000, Email: mishamsu@gmail.com

Jumbo Travel, Inc.



Your agent for Air, Cruise, Tour, Vacation, Hajj & Umrah Package



WINTER টিকেটের আকর্ষণীয় মূল্য হ্রাস

সবচেয়ে কম মূল্যে গ্যারান্টিযুক্ত রিটার্ণ টিকেটের জন্য আজই যোগাযোগ করুন

Ali A. Chowdhury
Managing Director

Tell: 718-267-9651
Cell: 917-478-7131
Fax: 718-267-1922

30-10 35th Street
Astoria, NY 11103
jumbotravelusa@aol.com

AFFORDABLE SENIOR CARE OF NEW YORK LLC

Licensed Home Health Care Agency

আমরা বাংলায় কথা বলি

আমাদের অফিস ব্রোকেপন ব্রুকলিনের বাংলাদেশী অধ্যুষিত চার্চ এ্যাভেনিউসহ আশপাশ এলাকায়

CDPAP

- বাড়িতে থেকেই পরিবারের সদস্যদের স্বাস্থ্য সেবা দিন
- আমরা দীর্ঘদিন ধরে বাংলাদেশী কম্যুনিটিকে সেবা দিয়ে আসছি।
- রোগীকে সেবা করার সম্পূর্ণ খরচ সরকার বহন করে।





CDPAP প্রোগ্রামের আওতায় HHA /প্রশিক্ষণ ছাড়াই আপনার বৃদ্ধ, অসুস্থ বা শারিরীকভাবে অক্ষম মা-বাবা, শ্বশুর-শ্বাশুড়ি, আত্মীয়-স্বজন, পাড়া-প্রতিবেশীদের স্বাস্থ্য সেবা দিয়ে আয় করতে পারেন।

✓ প্রশিক্ষণ ও HHA সার্টিফিকেট থাকলে আপনি আমাদের মাধ্যমে যেকোন রোগীকে স্বাস্থ্যসেবা দিতে পারেন।

✓ আপনি কি HHA অথবা PCA হিসেবে চাকুরী খুঁজছেন?

তাহলে আপনি আমাদের প্রতিষ্ঠানে সুযোগ সুবিধাসহ আকর্ষণীয় বেতনে চাকুরী করতে পারেন।

CDPAP প্রোগ্রামের জন্য কোন সার্টিফিকেটের প্রয়োজন নেই।

রোগীর জন্য নিজ গৃহে সেবা পেতে অথবা রোগীকে সেবা দানের বিস্তারিত তথ্য জানতে বাংলায় কথা বলুন।

CDPAP Specialist: Tarin: 347-362-1525, OFF: 718-851-0325

Brooklyn OFFICE

338 East 5th Street, Brooklyn, NY 11218
(Church Ave & East 5 street)
Tarin: 718-851-0325

Jackson Heights OFFICE

37-15, 73rd Street, Jackson Heights Suite # 208
(Bangladesh Plaza)
Solaiman: 302-513-3837

Email: info@ASCofNY.com
www.affordableseniorcarenewyork.com/cdpap.html

Affordable Senior Care of New York, LLC is a Licensed Home Health Care Agency by the New York State Department of Health

Office Hour : Mon.-Friday (9am-5pm)

ট্যাক্স রির্টান নিয়ে ঝামেলা এড়াতে চান?

তাহলে আজই অভিজ্ঞ সিপিএ প্রতিষ্ঠানের পরামর্শ নিন
আমরা আপনাদের সর্বোচ্চ সেবায় নিয়োজিত



উঅকটই অ কঐঅঘ ঈচঅ চঈ

ঈবৎঃরভরবফ ঢ়ঁনষরপ ধপপড়ঁহঃধহঃ রহ ছঁববহং, ঘবি ণড়ৎশ
৭৫৩৫ ৩১ঃঃ আব #২০৬ধ, উধংঃ উষসযঁৎংঃ, ঘণ ১১৩৭০

ঐড়ঁৎং:
ঙঢ়বহ · ঈষড়ংবং ৬চগ
চযড়হব: (৭১৮) ৪২৪-৬৩০০

শিল্পী কাদেরী কিবরিয়া



যোগাযোগ :
267-249-7687,
610-352-7123

ই-মেইল :
শধফবৎরশরনৎরধ@মসধরষ.পড়স

ঠিকানা :
ঝঁৎ ও ইধহবব ঝধহমববঃ অপধফবসু
১৪৬ গধৎষনড়ৎঙঁময জড়ধফ
টঢ়ঢ়বৎ উধৎনু, চঅ ১৯০৮২

AUTHORIZED IRS e-file PROVIDER

মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায় সাফল্যের ২৩ বছর উদযাপন করছে

Empire Accounting & Tax Co.



আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের সন্নিকটে)

- আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
- আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত অমিমাংসা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
- পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ন সংশোধন
- পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ন ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
- আমরা বহুভাষী অফিস খোলা রাখি।

ইমিগ্রেশনের যে কোনো কারণে পুরণে সহায়তা দিয়ে থাকি

- সিটিজেনশীপ
- ক্যানসিল সিটিশন
- NVC Case প্রসেসিং
- স্টেটাস এডজাস্টমেন্ট
- এফিডেভিট অব সাপোর্ট
- এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
- Advanced Parole / Reentry Permit ইত্যাদি

37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm

President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
23 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা

বাংলা পত্রিকা পড়তে ভিজিট করুন
banglapartikausa.com

CREDIT REPAIR

যত দ্রুত সম্ভব ক্রেডিট লাইন রিপেয়ার করুন

আমরা দীর্ঘ অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তিদের মাধ্যমে প্যারান্টি সহকারে ক্রেডিট রিপেয়ার করি।



বাড়ি, গাড়ি কেনা থেকে নিজেকে কেন বঞ্চিত করছেন?
ক্রেডিট লাইনে যে কোন ঝামেলাই আমরা রিমুভ করি।

Southeast USA Group Inc.
74-09 37th Avenue, Suit # 206, Jackson Heights, NY 11372
Phone: 718-639-6207, 917-566-1612 Fax: 718-412-3249

দেশীয় প্রতিষ্ঠানের সাহায্য নিন, কমিউনিটিকে শক্তিশালী করুন



আপনি কি টিএলসি সহ যেকোন গাড়ী, বাড়ী বা ব্যবসা প্রতিষ্ঠানের ইন্স্যুরেন্স নিয়ে ভাবছেন?

নো প্রবলেম

যুক্তরাষ্ট্রে সাউথ এশিয়ান মালিকানাধীন একমাত্র ইন্স্যুরেন্স কোম্পানী

আপনাদের সেবায়

শীঘ্রই যোগাযোগ করুন

সর্বনিম্ন ইন্স্যুরেন্স প্রদানের বিশ্বস্ত প্রতিষ্ঠান

MAC

MAYA ASSURANCE COMPANY

Electronic Policy Insurance System 2010
PO Box 1896, Long Island City, NY 11101
Phone: 718 937 2010 Fax: 718 937 2050

অর্ধেক মূল্যে যাত্রা করুন

জানুয়ারীর শেষের দিক থেকে, স্বল্প উপার্জনকারী নিউ ইয়র্ক সিটি বাসিন্দারা যারা ফেডারেল দারিদ্র সীমা বা তার নিচে আছেন তারা Fair Fares MetroCard ব্যবহার করে অর্ধেক মূল্যের যাত্রার জন্য যোগ্য হতে পারেন।



nyc.gov/fairfares-এ আপনার যোগ্যতা চেক করুন
অথবা 311 নম্বরে কল করুন।

NYC Bill de Blasio মেয়র
NEW YORK CITY COUNCIL স্পিকার COREY JOHNSON
FAIR FARES NYC
#FairestCity

PEOPLE TECH

DevOps | Scrum Master & Product Owner

[100% Scholarship for Training & Job Placement, Condition applied]

Saturday & Sunday
9:00 AM To 2:00 PM Starting from
NOV 02 2019

Saturday & Sunday
2:30 PM To 7:30 PM Starting from
NOV 02 2019

Software Testing (QA) Training & Job Placement

New York In Class Batches

Weekend Morning	Weekdays Evening
9:00 AM To 2:00 PM Selenium Starting from October 19, 2019	6:00 PM To 11:00 PM Selenium Starting from October 22, 2019

VA In Class Batches

Weekend Morning	Weekdays Evening
9:00 AM To 2:00 PM Selenium Starting from November 16, 2019	6:00 PM To 11:00 PM Selenium Starting from November 26, 2019

www.piit.us



বাজারে এসেছে

খলিলের মিষ্টি

ও হেলদি দই


সম্পূর্ণ স্বাস্থ্যসম্মত উপায়ে প্রস্তুত

দক্ষ কারিগর দ্বারা এখন আমরা তৈরি করছি সুস্বাদু রসগোল্লা, কালোজাম, রসমালাই, হেলদি দই সহ নানা ধরনের মিষ্টি।

আমাদের দু'টো শাখাতেই পাওয়া যাচ্ছে

খলিল বিরিয়ানী এন্ড হালাল চাইনিজ
২০৬২ ম্যাকগ্রা এভিনিউ
ব্রঙ্কস, নিউ ইয়র্ক ১০৪৬২
ফোনঃ ৩৪৭-৬২১-২৮৮৪

খলিল বিরিয়ানী হাউজ
১৪৪৫ ওমস্টেট এভিনিউ
ব্রঙ্কস, নিউ ইয়র্ক ১০৪৬২
ফোনঃ ৬৪৬-৭৬৩-৫০৭৩



ফ্লয়েড হত্যায় জড়িত ৪ পুলিশের একজন

(৩ পাতার পর)

আইনজীবী রয়টার্সকে কোনো মন্তব্য করেননি। তবে গণমাধ্যমকে তিনি বলেন, তার মক্কেল ফ্লয়েডকে বাঁচাতে সাহায্য করতে চেয়েছিলেন। এদিকে পুলিশের নৃশংসতা ও নির্যাতন বন্ধ করতে মার্কিন কংগ্রেসের প্রতি আহ্বান জানিয়েছেন পুলিশি হত্যাকাণ্ডের শিকার হওয়া আফ্রিকান-আমেরিকান জর্জ ফ্লয়েডের ভাই ফিলোনিস ফ্লয়েড। -খবর বিবিসি'র। ইউএস প্রতিনিধি পরিষদে সাক্ষ্য দিতে এসে তিনি বলেন, তার ভাই জর্জ যেন নিহত কৃষ্ণাঙ্গদের তালিকায় আরেকটি নাম না হয়। এই দেশ ও বিশ্বের জন্য কাঙ্খিত নেতৃত্ব হয়ে ওঠা প্রয়োজন। গত মে মাসে মিনিয়াপোলিসে জর্জ ফ্লয়েডের ঘাড় এক শ্বেতাঙ্গ পুলিশ কর্মকর্তা হাঁটু দিয়ে ৯ মিনিট চেপে রাখলে শ্বাস বন্ধ হয়ে তার মৃত্যু হয়। এই ঘটনার শেষ মুহূর্তটি ক্যামেরাবন্দি হয়েছে। এ ঘটনায় জড়িত চার পুলিশ সদস্যকে বরখাস্ত ও তাদের বিরুদ্ধে হত্যার অভিযোগ আনা হয়েছে।

এ পরিস্থিতিতে পুলিশের বর্বরতা, অসদাচরণ রুখে দেওয়া, ঘাড়ে চাপপ্রয়োগ নিষিদ্ধ করাসহ নাগরিক অধিকার ভঙ্গের ক্ষেত্রে জবাবদিহিতা ও বিচারের পথ সুগম গত সোমবার মার্কিন কংগ্রেসের ডেমোক্র্যাটরা পুলিশে আমূল সংস্কার আইনের প্রস্তাব পেশ করে। এর দুদিনের মাথায়ই বিষয়টি নিয়ে শুনানিতে নাগরিক অধিকার কর্মী এবং আইন প্রয়োগকারী কর্মকর্তাদের সাক্ষ্য শুনতে শুরু করেছে হাউসের বিচারবিভাগীয় কমিটি। আগামী ৪ জুলাইয়ে প্রস্তাবিত বিলটি হাউসে পাঠাতে চায় কমিটি।

উড়ন্ত বিমানে বজ্রপাত

বাংলা পত্রিকা ডেস্ক: অবতরণের সময় একটি বিমানে তিন দিক থেকে তিনটি বজ্রপাত ছুঁয়ে গেল। এমনই একটি দৃশ্য ধরা পড়ল ক্যামেরায়। এটি লন্ডনের হিথরো বিমানবন্দরের আকাশের ঘটনা। বিমানবন্দরের কাছে একটি বহুতল ভবন থেকে এক ব্যক্তি বিমানটির অবতরণের দৃশ্য ক্যামেরাবন্দী করছিলেন। তখনই এমন ঘটনা তার ক্যামেরাতে ধরা পড়ে। পরে যা সোশ্যাল মিডিয়ায় ছড়িয়ে পড়ে।

ভিডিওতে দেখা যাচ্ছে, মেঘাচ্ছন্ন আকাশ, একটি বিমান গতি কমিয়ে নেমে আসছে। কয়েক সেকেন্ড পরেই কয়েক মুহূর্তের জন্য গোটা আকাশ আলোয় ভরে ওঠে। বিদ্যুতের তিনটি রেখা বিমানটিকে ছুঁয়ে যায়। যিনি সেই দৃশ্য ক্যামেরাবন্দী করছিলেন, এমন ঘটনা দেখতে পেয়ে তিনিও অবাক হয়ে যান। তার মুখ থেকে বিস্ময়সূচক শব্দ বেরিয়ে আসে।

বজ্রের তিনটি রেখা বিমানটিতে স্পর্শ করলেও বিমানটির কোনো ক্ষতি হয়নি। স্বাভাবিকভাবেই অবরতণ করে সেটি। কোনো যাত্রীরও কোনো সমস্যা হয়নি বলে জানা গেছে। আসলে এই বিমানগুলো এমনভাবে তৈরি করা হয়, যাতে বজ্রপাত হলেও কোনো ক্ষতি না হয়। বিমানের বাইরের দিকে এমন একটি আবরণ থাকে, যার ফলে বিমানের কোনো যন্ত্র বা যাত্রীদের ওপর বজ্রপাতের কোনো প্রভাব না পড়ে। -ইন্টারনেট।

বাড়ী ক্রয়-বিক্রয় ও ভাড়া



kamruz Zaman Bachchu
(Licensed Real Estate Salesperson)
kbaccu@c21amhomescom
CENTURY 21
American Homes
Fine Homes & Estates Division

Residential, Commercial, Forclosures
Auction, Hud & Bank Owned/REO
Properties Available in Queens
Bronx, Brooklyn & Long Island
নিউইয়র্কের যেকোন স্থানে
রেগুলার, অকশন,
ব্যাংকের বাড়ী ক্রয় করতে
এবং আপনার বাড়ী বিক্রয়
ও ভাড়ার জন্য আজই কল করুন
Ph: 347-465-3220



76-26 Broadway,Elmhurst,
NY 11435
347-465-3220

বাড়িতে থেকেই পরিবারের সদস্যদের স্বাস্থ্য সেবা দিন
বছরে আয় করুন সর্বোচ্চ $50,000

Hiring HHA & PCA

আমরা দীর্ঘদিন ধরে বাংলাদেশী কম্যুনিটিকে সেবা দিয়ে আসছি।

প্রশিক্ষণ ক্লাসের জন্য যোগাযোগ করুন

সম্পূর্ণ বিনামূল্যে



HouseCalls HOME CARE
Being home never felt better

718-731-9750

আমাদের অফিসে রয়েছে বাংলাদেশী স্টাফ

আপনাদের সুবিধার্থে চারটি অফিস


Jackson Heights:
72-16 Roosevelt Ave, NY 11372



Bronx:
1878 Cross Bronx Expwy, NY 10472



Jamaica:
90-50 Sutphin Blvd, NY 11435



Brooklyn:
2440 Fulton Street, NY 11233



বাংলাদেশী কম্যুনিটিতে একমাত্র 'লাইসেন্সধারী' হোম কেয়ার এজেন্সি



সাবেক স্বাস্থ্যমন্ত্রী নাসিম আর নেই : বনানী কবর স্থানে দাফন

(৬৬ পাতার পর)

তিন ছেলে ও নাতি-নাতনিসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন। সকালে তার মৃত্যুর খবর শুনে হাসপাতালে ছুটে যান দীর্ঘদিনের রাজনৈতিক সহকর্মীসহ আওয়ামী লীগ, যুবলীগ, ছাত্রলীগ, স্বেচ্ছাসেবক লীগসহ বিভিন্ন দলের নেতা-কর্মীরা।

১৯৭৫ সালের ৩ নভেম্বর কারাগারে নিহত জাতীয় চার নেতার একজন শহীদ এম মনসুর আলীর ছেলে মোহাম্মদ নাসিম পঞ্চমবারের মতো সংসদে সিরাজগঞ্জের মানুষের প্রতিনিধিত্ব করেছেন। আওয়ামী লীগ ১৯৯৬ সালে সরকার গঠন করার পর ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের দায়িত্ব পান মোহাম্মদ নাসিম। পরের বছর মার্চে গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের দায়িত্বও তাকে দেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। নাসিম এক সঙ্গে দুই মন্ত্রণালয়ের মন্ত্রীর দায়িত্ব পালন করেন ১৯৯৯ সালের ১০ মার্চ পর্যন্ত। পরে মন্ত্রিসভায় রদবদলে তিনি স্বরাষ্ট্রমন্ত্রীর দায়িত্ব পান। ২০০৮ সালে নির্বাচনে জয়ী হয়ে আওয়ামী লীগ ক্ষমতায় ফিরলেও সেবার মন্ত্রিসভায় জায়গা হয়নি নাসিমের। তবে পরের মেয়াদে ২০১৪ সালে তাকে স্বাস্থ্যমন্ত্রী করেন শেখ হাসিনা। বর্তমান সরকারের মন্ত্রিসভায় না থাকলেও দলীয় কর্মকাণ্ডের পাশাপাশি আওয়ামী লীগ নেতৃত্বাধীন ১৪ দলীয় জোটের মুখপাত্রের দায়িত্ব পালন করেছেন মোহাম্মদ নাসিম।

এদিকে রাজধানী ঢাকার বনানী কবরস্থানে সাবেক স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিমকে সমাহিত করা হয়। রোববার সকাল সাড়ে ১০টার দিকে তার দাফন সম্পন্ন হয়। এর আগে সকাল ৯টায় রাজধানীর সোবহানবাগ জামে মসজিদে মরহুমের প্রথম নামাজে জানাজা হয়। এরপর ১০টা ২০ মিনিটে রাজধানীর বনানী কবরস্থানে দ্বিতীয় নামাজে জানাজা হয়।

জানাজা শেষে ঢাকা জেলা প্রশাসনের পক্ষ থেকে গার্ড অব অনার প্রদান করা হয়। এছাড়া প্রথমে রাষ্ট্রপতির পক্ষ থেকে পুষ্পার্ঘ্য এবং প্রধানমন্ত্রীর পক্ষ থেকে তার সামরিক সচিব নাসিমের প্রতি শ্রদ্ধা জানান।

জানাজায় আওয়ামী লীগের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন। তবে করোনা পরিস্থিতির কারণে সীমিত পরিসরে জানাজার আয়োজন করা হয়। নাসিমের জানাজায় আওয়ামী লীগের কেন্দ্রীয় নেতাদের মধ্যে সভাপতিমন্ডলীর সদস্য আবদুর রাজ্জাক, জাহাঙ্গীর কবির নানক, আবদুর রহমান, যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুব উল আলম হানিফসহ অনেকেই অংশ নেন।

'গণহত্যার প্রতীক' কলম্বাসের মূর্তির মাথা ভাঙা হলো

(৩ পাতার পর)

দেয়া হয়। বস্টনে মূর্তির মাথা ভেঙে পাশে তারই নামাঙ্কিত পার্কে ফেলে দেয়া হয়।

বস্টনের মেয়র মার্টিন জে ওয়ালশ জানিয়েছেন, 'আমরা এর নিন্দা করছি। এই ধরনের কাজ অবিলম্বে বন্ধ হওয়া দরকার।' অতীতে বেশ কয়েকবার এই মূর্তি আক্রান্ত হয়েছে। এ বার মূর্তির মাথা ভাঙার পর প্রশাসন সিদ্ধান্ত নিয়েছে, কারা এই কাজ করেছে তা তদন্ত করে দেখা হবে। আর মূর্তি আপাতত সরিয়ে নিয়ে সারানোর কাজ করা হবে। তবে ওয়ালশ জানিয়েছেন, ''বর্ণবাদের বিরুদ্ধে বর্তমান প্রতিবাদের পরিপ্রেক্ষিতে এই মূর্তির ঐতিহাসিক গুরুত্ব পুনর্বিবেচনা করা হবে।''

বস্টন গ্লোবাল নিউজপেপার জানিয়েছে, ২০০৪ সালে মূর্তিতে লাল রঙ লাগিয়ে লিখে দেয়া হয়, 'খুনি'। ২০০৫ সালে আবার মূর্তির গায়ে লাল রঙ দিয়ে লিখে দেয়া হয়, 'ব্ল্যাক লাইভস ম্যাটার'।

ভার্জিনিয়াতে কলম্বাসের মূর্তি লেকের পানিতে ফেলে দেয়ার পাশাপাশি বিক্ষোভকারীরা লিখে দিয়েছেন, 'কলম্বাস গণহত্যার নায়ক'।

কলম্বাস সম্পর্কে ধারণাও সময়ের সঙ্গে সঙ্গে বদলাচ্ছে। একসময় তাকে অত্যন্ত সাহসী দেশ আবিষ্কারক বলা হতো, যিনি আমেরিকাকে বাইরের লোকের কাছে চিনিয়েছিলেন। কিন্তু পরে অনেক গবেষক তার অন্য রূপের কথা বলেছেন। তারা বলেছেন, কলম্বাস ছিলেন অত্যাচারী, প্রচুর লোককে ক্রীতদাস করেছেন এবং আমেরিকার আদি বাসিন্দাদের নির্বিচারে মেরেছেন। এর আগে যুক্তরাষ্ট্রের রিচমন্ডে ১৮৯১ সালে স্থাপন করা জেনারেল উইলিয়াম কার্টারের মূর্তি, মিশিগানের সাবেক বর্ণবাদী মেয়র অরভিল হুবার্টের মূর্তিসহ বেশ কিছু বিতর্কিত ব্যক্তির মূর্তি বিক্ষোভকারীরা ভেঙে ফেলেছে। ব্রিটেনেও সম্প্রতি ক্রীতদাস ব্যবসায়ীর মূর্তি ভাঙা হয়েছে। এ বার সেই তালিকায় যুক্ত হলেন কলম্বাস।

নির্বাচনে হেরে গেলে 'অন্য কিছু' করবেন ট্রাম্প

(৬৬ পাতার পর)

সেখানে বর্তমান রাষ্ট্রপ্রধানের প্রতিদ্বন্দ্বী ডেমোক্র্যাট দলের বাইডেন। করোনাভাইরাসের কারণে নির্বাচনী প্রচারণা জোরদার না হলেও দু'জনের কথার লড়াই চলছে বেশ ভালোভাবে।

গত ১০ জুন বুধবার রাতে সম্প্রচার হওয়া দ্য ডেইলি শোতে বাইডেন বলেছিলেন, 'নির্বাচন নিয়ে আমার গভীর উদ্বেগ হচ্ছে যে এই প্রেসিডেন্ট নির্বাচনে চুরির চেষ্টা করবে।' তার শঙ্কা, জর্জিয়াসহ বেশ কয়েকটি অঙ্গরাজ্যে ভোটাররা যেন ভোট দিতে না পারে সেই চেষ্টা করা হচ্ছে।

গত মে মসে ট্রাম্পের নির্বাচন সংক্রান্ত এক মন্তব্য নিয়ে ৭৭ বছর বয়সী সাবেক ভাইস প্রেসিডেন্ট বলেছেন, 'এই মানুষ বলেছিলেন, মেইল ইন ব্যালটে জালিয়াতি হবে।' এমনকি ট্রাম্প নির্বাচনে না জিতলেও হোয়াইট হাউজেই থেকে যাবেন এমন শঙ্কা প্রকাশ করেছেন বাইডেন।

এদিকে গত শুক্রবার (১২ জুন) ফক্স নিউজকে দেওয়া সাক্ষাৎকারে ট্রাম্প তার প্রতিদ্বন্দ্বীকে স্বস্তিই দিলেন, 'আচ্ছা আমি যদি না জিতি, আমি যদি না-ই জিতি। আমি কী বলতে চাচ্ছি আপনারা জানেন, জীবন চলে যাবে। অন্য কিছু করব।'

Income Taxes & Immigration

আমরা অত্যন্ত সততা ও দক্ষতার সহিত নির্ভুল তথ্যের ভিত্তেতে ইনকাম ট্যাক্স রিটার্ণ করে থাকি। অধিক রিফান্ডের লোভে ভুল তথ্য দিয়ে ফেডারেল ও স্টেটের অডিটের ঝামেলায় না গিয়ে সঠিক তথ্যের ভিত্তিতে ট্যাক্স রিটার্ণ করে ঝামেলা মুক্ত থাকুন।



নিউইয়র্কে বাড়ি ক্রয় বিক্রয় আবাসিক ও কমার্শিয়াল, রিয়েল এস্টেট এজেন্ট, নোটারী পাবলিক।

Md. Harunur Rashid (Milon)
MSS.Pol.Science
ITP.CUNY, H&R Block
Cell: 718-341-3927
Email: harunur69@aol.com

RASHID ENTERPRISE
Bangladesh Plaza, 2nd Fl., #206, 37-15,73rd Street, Jacksone Heights, NY 11372
Tel: 718-458-0575, Fax: 347-642-3276

আমাদের নিকট নিম্নলিখিত সেবা পাবেনঃ

ইমিগ্রেশনঃ
ফ্যামিলি পিটিশন ও কে-ভিসা
রিমোভ কন্ডিশন
এফিডেভিট অব সাপোর্ট
বিনা পরীক্ষায় সিটিজেনশীপ
এমপ্লয়মেন্ট অথরাইজেশন
সিএসএস লুলাক
রিফিউজি, এসাইলম, গ্রীণকার্ড রিনিউ

AUTHORIZED IRS e-file PROVIDER
IRS authorised e-file provider

ইনকাম ট্যাক্সঃ
ব্যক্তিগত ও ব্যবসা
ট্যাক্সি ক্যাব ও ফুড ভেন্ডার
পার্টনারশীপ, কর্পোরেশন
পেরোল এন্ড সেলস ট্যাক্স
ব্যবসা সেটআপ
কর্পোরেশন ও এলএলসি গঠন

FREE CONSULTATION!!!
I am a tax specialist directly licensed by the IRS



ENROLLED AGENT
Authorized IRS e-file Provider
IRS To Represent Before the Internal Revenue Service

MIR KASHAM
IRS Enrolled Agent, CMA (INT), BBA (Accounting), Baruch CUNY

TAX - ACCOUNTING - NOTARY PUBLIC
IMPUESTOS - CONTABILIDAD - NOTARIO PÚBLICO
ট্যাক্স – একাউন্টিং – নোটারী

Tax Preparation, Tax Planning
& Solving Tax Problems
Business Tax & Accounting
Sales Tax
Payroll & Bookkeeping Services
Typing Services:
Contract Papers
Resumès, Fax, E-mail, Scan etc.



Moon
Multi Services
701 Church Avenue
Brooklyn, NY11218
Tel: 347-533-9030
Cell: 917-501-5750
Fax: 347-533-6703
Email: mirkasham@aol.com



* সম্পূর্ণ হালাল খাবার
* ক্যাটারিং
* লাঞ্চ ডিনার



Joy

পিকনিকসহ বিভিন্ন উৎসব আয়োজনে জয় রেস্টুরেন্টের বিশেষ ঘোষণা

জয় ক্যাটারিং মেন্যু

প্যাকেজ -১
$ 7.00

প্যাকেজ-২
$ 8.00

প্যাকেজ-৩
$10.00

প্যাকেজ-৪
$11.00

148 E 46th Streets, (Between Lexington & 3rd Avenue), New York, NY 10017
Tel: 212-490- 1277, (212) 490-1278, Fax: (212) 490-1977

32 West 39 Street (Between 5th and 6th Avenue), New York, NY- 10018.
Tel: 646-559-7527

ধর্ম প্রতিমন্ত্রী শেখ আবদুল্লাহ আর নেই

(৬৬ পাতার পর)

২০১৮ সালের ৩০ ডিসেম্বরের নির্বাচনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে আওয়ামী লীগ সরকার গঠন করলে এতে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী হিসেবে দায়িত্ব পান শেখ মো. আবদুল্লাহ। প্রতিমন্ত্রীর দায়িত্ব লাভের আগে আওয়ামী লীগের ধর্ম বিষয়ক সম্পাদক ছিলেন তিনি।

গোপালগঞ্জ জেলার মধুমতী নদীর তীরবর্তী কেকানিয়া গ্রামের এক সম্ভ্রান্ত পরিবারে শেখ মো. আবদুল্লাহ ১৯৪৫ সালের ৮ সেপ্টেম্বর জন্মগ্রহণ করেন। তার পিতা মরহুম শেখ মো. মতিউর রহমান এবং মাতা মরহুমা মোসাম্মৎ রাবেয়া খাতুন। চার ভাই ও তিন বোনের মধ্যে দ্বিতীয় ছিলেন তিনি।

এদিকে গোপালগঞ্জে ধর্ম প্রতিমন্ত্রী মুক্তিযোদ্ধা শেখ মোহাম্মদ আব্দুল্লাহর মরদেহ রাষ্ট্রীয় মর্যাদায় দাফন করা হয়েছে। রোববার বাদ আসর তাঁর গ্রামের বাড়ি গোপালগঞ্জ সদর উপজেলার কেকানিয়া গ্রামের পারিবারিক কবরস্থানে বাবা-মায়ের কবরের পাশে তাকে সমাহিত করা হয়। এর আগে অ্যাম্বুলেন্সে করে ধর্ম প্রতিমন্ত্রীর মরদেহ বিকেল ৪টা ২০ মিনিটে ঢাকা থেকে সরাসরি তাঁর গ্রামের বাড়ি গোপালগঞ্জের কেকানিয়া গ্রামে এসে পৌঁছায়। বিকেল ৫ টর দিকে সামাজিক দূরত্ব বজায় রেখে ও স্বাস্থ্য বিধি মেনে গ্রামের বাড়ির মসজিদ প্রাঙ্গণে জানাজা অনুষ্ঠিত হয়। পরে রাষ্ট্রীয় মর্যাদায় তার মরদেহ দাফন করা হয়।

পরিবারের সদস্য, জেলা-উপজেলা প্রশাসন, পুলিশের পদস্থ কর্মকর্তা ও জেলা ও উপজেলা আওয়ামী লীগের নেতৃবৃন্দ, গ্রামবাসী, প্রতিমন্ত্রীর জানাজায় উপস্থিত ছিলেন।

ধর্ম প্রতিমন্ত্রী ও গোপালগঞ্জের সকলের প্রিয় ভাজন শেখ মোহাম্মদ আব্দুল্লাহর মৃত্যুর খবরে জেলার সর্বত্র শোকের ছায়া নেমে আসে। তার মৃত্যুতে নেতা-কর্মিসহ সর্বস্তরের মানুষ শোক প্রকাশ করেছেন। তার মৃত্যুর খবর গোপালগঞ্জে এসে পৌঁছানোর পর তার শহরের কলেজ রোডের বাড়িতে ও কেকানিয়া গ্রামের বাড়িতে দীর্ঘদিনের রাজনৈতিক সহচর, সহকর্মী, নেতা-কর্মী ও স্বজনেরা ছুটে আসেন। তারা শোকার্ত পরিবারের সদস্যদের সমবেদনা জানান। তার মৃত্যুতে আওয়ামী লীগ ও সহযোগী সংগঠনসহ বিভিন্ন শ্রেণী পেশা ও সংগঠন শোক প্রকাশ করেছে।

ট্রাম্প নীরব থাকলেও বর্ণবাদ নিয়ে সরব

(৬৬ পাতার পর)

এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে।


গত রোববার চার তারকা জেনারেল রবার্ট আব্রামস বর্ণবাদ ইস্যুতে কৃষ্ণাঙ্গ সেনা সদস্যদের সঙ্গে উন্মুক্ত আলোচনা করেন। তার সে আলোচনা পরবর্তীতে ফেসবুকেও প্রচারিত হয় এবং তাতে ব্যাপক সাড়া মেলে। জেনারেল রবার্ট দক্ষিণ কোরিয়ায় মোতায়েন যুক্তরাষ্ট্রের সেনাদের কমান্ডার। জেনারেল রবার্টের সঙ্গে যে কৃষ্ণাঙ্গ সেনা সদস্যরা আলোচনায় অংশ নিয়েছিলেন তারা সবাই ছিলেন সাদা পোশাকে। এটি একটি গুরুত্বপূর্ণ বার্তা বলে মনে করেন অনেকে। তারা মনে করেন, আলোচনাটি শুধু সেনাবাহিনীর মধ্যে সীমাবদ্ধ রাখতে চান না জেনারেল রবার্ট।

শ্বেতাঙ্গ জেনারেল রবার্ট বলেন, 'সেনাবাহিনীতে যোগ দেওয়ার পর থেকেই বাহিনীর মধ্যে বর্ণবাদ সমস্যার সমাধান করতে চেষ্টা করেছি। কিন্তু এ সপ্তাহে মনে হলো, নিজ বাহিনীর মধ্যে বর্ণবাদ ও ধর্মান্ধতা দূর করার ক্ষেত্রে আমি অনেক পিছিয়ে পড়েছি।' বর্ণবাদকে এবার আর বেশি দূর বাড়তে দেওয়ার পক্ষপাতী নন তিনি।

পুলিশি হেফাজতে জর্জ ফ্লয়েডের মৃত্যু ও তুমুল বিক্ষোভের পর যুক্তরাষ্ট্রের সামরিক বাহিনীর অনেক কর্মকর্তাই বর্ণবাদ সমস্যার সমাধানে তৎপরতা শুরু করেছেন। প্রেসিডেন্ট ট্রাম্পের কোনো নির্দেশনার অপেক্ষা এখন আর তারা করছেন না। জেনারেল রাবার্টের ঘটনা সে ক্ষেত্রে একটি উদাহরণ মাত্র।

সেনাবাহিনীর মধ্যে বর্ণবাদ ইস্যুতে যে আলোচনা শুরু হয়েছে, তাতে শীর্ষ কর্মকর্তাদের সমন্বয়ের কোনো ইঙ্গিত নেই। সব র‍্যাঙ্কের সেনা সদস্যরা বিষয়টি নিয়ে কথা বলছেন এবং কমান্ডাররা তাদের কথা শুনছেন। তারা বর্ণবাদের বিরুদ্ধে নতুন করে চিন্তা করতে শুরু করেছেন।

প্রেসিডেন্ট ট্রাম্প নিজেকে সেনাবাহিনীর কমান্ডার-ইন-চিফ দাবি করেন প্রায়ই। কিন্তু বর্ণবাদ নিরসনের ইস্যুতে কমান্ডার-ইন-চিফের চেয়ে অনেক এগিয়ে গেছেন সেনা সদস্যরা। একজন জেনারেল সিএনএনকে বলেন, কয়েকদিন আগে এক তরুণ কৃষ্ণাঙ্গ সেনা সদস্য তাকে বলছিলেন, 'পেন্টাগনের করিডরে চলাফেরার সময় মনে হয়, কেউই যেন আমাকে দেখছে না।' সব মিলিয়ে সেনাবাহিনীর মধ্যে ঘটে যাওয়া বর্ণবাদের নানা বেদনাদায়ক ঘটনার উন্মোচন হচ্ছে। কারণ এখন বাহিনীর সব র‍্যাঙ্কের সদস্যরা বিষয়টি নিয়ে উন্মুক্তভাবে কথা বলতে পারছেন, কয়েকদিন আগেও যা কল্পনা করা যেত না। সেনাবাহিনীর সবচেয়ে জ্যেষ্ঠ সদস্য সার্জেন্ট মেজর মাইকেল এ গ্রিন্সটোন সম্প্রতি টুইটারে একটি ভিডিও পোস্ট করেছেন। তাতে তিনি বলেছেন, শ্বেতাঙ্গ ও কৃষ্ণাঙ্গ মা-বাবার সন্তান হওয়ায় তাকে কতটা কঠিন পরিস্থিতির মুখোমুখি হতে হয়েছে। যুক্তরাষ্ট্রের ইতিহাসে প্রথমবারের মতো বিমান বাহিনীর প্রধান হয়েছেন একজন কৃষ্ণাঙ্গ জেনারেল। কৃষ্ণাঙ্গ হিসেবে এতদূর পর্যন্ত উঠে আসায় তিনি নিজেও বিস্মিত হয়েছেন। তবে জেনারেল চার্লস ব্রাউন মনে করেন, ইতিহাস হয়তো পাল্টাতে শুরু করেছে।




Mohammed M. Alam
M.Com (Management), LL.B

জ্যামাইকা হিলসাইড ট্যাক্স অফিস
167-11 Hillside Ave. 2nd Floor Jamaica, NY 11432
Tel: 718-480-3313, Cell: 917-600-4937
Email: mahbubtax@yahoo.com

AUTHORIZED IRS e-file PROVIDER

ট্যাক্স • ইমিগ্রেশন ফরম পুরন • নোটারী

আমাদের সেবা সমূহ

- ফেডারেল এবং সকল স্টেট ট্যাক্স
- বিজনেস ট্যাক্স, করপোরেশন ট্যাক্স
- সেল্‌ফ ট্যাক্স, পে-রোল ট্যাক্স
- ওপেন নিউ বিজনেস
- ওপেন সেল্‌ফ ট্যাক্স আইডি
- ফ্যামিলী পিটিশন
- স্পন্সরশীপ ফরম পুরন
- সিটিজেনশীপ ও পার্সপোর্ট
- ডুয়েল সিটিজেনশীপ প্রোসেস
- পাওয়ার অব এ্যাটর্নী ড্রাফট

সকল ষ্টেটের ট্যাক্স এবং ফরম পুরনে সহায়তা করা হয়।

Wasi Choudhury & Associates LLC

আপনি কি I.R.S./STATE নোটিশ নিয়ে চিন্তিত?

- Represent Taxpayers for I.R.S./ State Audit
- Tax Preparation:
- Accounting:
- Business Licenses

Wasi Choudhury, EA
Admitted to practice before the IRS



37-22, 61st St., 1st Fl, Woodside, NY 11377 • Tel: 718-205-3460, 718-440-6712 • Fax: 718-205-3475 • Email: wasichoudhury@yahoo.com

এলাকা অনুযায়ী খ্রীষ্ট ধর্মাবলম্বী চার্চের নাম ও ফোন

উডসাইড-ইউনাইটেড বেঙ্গলী লূথারেন	৯১৭৬০৫৪৫৬৬
উডহ্যাভেন-ক্রাইস্ট বাংলা	৯১৭৬৮৩৩০৫৯
ওজনপার্ক-ফার্স্ট বাংলা	৯১৭২১৬৬৭৫০
করোনা-সহভাগিতা	৯১৭৩৯২৬৭৭৩
করোনা-ইভাঞ্জেলীক্যাল বাংলা	৬৪৬৩৯৯৩৮১২
জ্যাক্সন হাইটস-বাংলা বাইবেল	৩৪৭৭৪৪৫৯৯৩
জ্যাকসন হাইটস-বেথেল ব্যাপ্টিস্ট	৩৪৭৫৭৩৭৫৯৩
ব্রুক্স-শেলম ইভাঞ্জেলীক্যাল	৬০৩৮২০০৬৪৯
সানিসাইড-কুইন্স অব এঞ্জেলস	৭১৮৩৯২০০১১
হিলসাইড-ইমাকুলেট কন্সেপশন	৭১৮৭৩৯০৮৮০

এসএনএস একাউন্টিং এন্ড জেনারেল সার্ভিসেস

একটি বিশ্বস্ত ও নির্ভরশীল প্রতিষ্ঠান

একাউন্টিং
ইনকাম ট্যাক্স-ব্যক্তিগত (Individual) State) কর্পোরেশন, পার্টনারশীপ, নটফর প্রফিট ট্যাক্স, সেলস ট্যাক্স, বুককিপিং এন্ড একাউন্টিং এবং আই.আর.এস-এর সাথে সমস্যা সমাধানে পরামর্শ।

ইমিগ্রেশন
সিটিজেনশীপ পিটিশন, নিকটআত্মীয়দের জন্য পিটিশন, এফিডেভিট অব সাপোর্ট, কর্ম সার্টিফিকেট এর এপ্লিকেটিভিড এবং অন্যান্য ইমিগ্রেশন সংক্রান্ত দিকাদি। ইফেক্টনিক ফাইলিং করা হয় ২০১৩

- বিজনেস সার্টিফিকেট ও কর্পোরেট রেজিস্ট্রেশন
- নোটারী পাবলিক রেজুমী
- দক্ষতার সাথে রেজুমী ও কভারিং লেটার প্রস্তুত করা হয়
- ট্রান্সলেশন সার্ভিসেস

SNS Authorized *IRS e file* Provider

Electronic Filing & Direct Deposit for Accurate Faster & Secure Refund



অফিস খোলা: সপ্তাহে সাত দিন সকাল ১০ টা থেকে সন্ধ্যা ৮ টা।
আমাদের রয়েছে ১৬ বছরের বেশী সিনিয়রস্ত নির্ভুল ট্যাক্স ফাইলিং এর দক্ষতা ও অভিজ্ঞতা
EXPERIENCE COUNTS, TRUST, WE SERVE YOU BETTER

যোগাযোগ করুন: এম.এ. কাইয়ুম
৩৫-৪২ ৩১ স্ট্রিট, এস্টোরিয়া, নিউইয়র্ক-১১১০৬
ফোন: ৭১৮-৩৬১-৫৮৮৩, ৭১৮-৬৮৫-২০১০ ফ্যাক্স: ৭১৮-৩৬১-৬০৭১
(N এবং W ট্রেনে ৩৬ এভিনিউ স্টেশনের নিকটে)

Law Firm of Attorney Najmul Alam





এটর্নী নাজমুল আলম, এটর্নী এট ল' ইউ,এস, সুপ্রীম কোর্ট

ম্যানহাটন অফিস: (২১২) ৫৯৯-৭২৯৯
(২৬ ফেডারেল প্লাজার সামনে)
২৯৯ ব্রডওয়ে, সুইট # ১৭০০, নিউইয়র্ক, নিউইয়র্ক ১০০০৭

- Immigration
- Asylum Cases
- Divorce
- Title Insurance
- Real Estate Closing
- Investment Visa E2 EB5
- Deportation Defense
- Criminal Defense Cases
- Citizenship Tests

এসাইলাম, পাবলিক চার্জ, ওয়েভার, সিটিজেনশীপ, মোশন, আপীল সহ সব ধরনের ইমিগ্রেসন কেস।

JUSTICE law firm

Manhattan Office: (212) 599-7299
(In Fornt of 26 Fedarel Plaza)
299 Broadway, Suite # 1700, New York, New York 10007

LAW OFFICE OF H. BRUCE FISCHER

এক্সিডেন্ট (দুর্ঘটনা) কেইসেস

যে কোন ধরনের দুর্ঘটনা, যেমন গাড়ী, ট্রাক, সাবওয়ে, ট্রেইন, কাজের জায়গাতে আঘাত, হসপিটালে ভুল চিকিৎসা, ফলস্ট্রাকচার অথবা রাস্তায় পড়ে আঘাতের দরুন আপনারা বড় ধরনের ক্ষতিপূরণ দাবী করতে পারেন। এ ব্যাপারে আমরা আপনাদের সাহায্য করতে সর্বদা প্রস্তুত। এক্সিডেন্টের-এর জন্য আজই যোগাযোগ করুন

OFFICE: 45 ROCKEFELLER PLAZA, Suite# 2916, NY 10111, Tel: (212) 957-3634



H. Bruce Fischer
Attorney at Law

WE ARE COMMITTED TO PROTECT YOUR RIGHTS

ডা. এটিএম ইউছুফ (স্পপন) এমডি

জ্যাকসন হাইটসে মেডিসিন বিশেষজ্ঞ
বাংলাদেশী অভিজ্ঞ ডাক্তার



স্থান পরিবর্তন

অফিসঃ ৩৭-২৯, ৭২ স্ট্রিট
১ম তলা, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক

- ভায়াবেটিস, উচ্চ রক্তচাপ, থাইরয়েড, এলার্জি, ব্যথা, চর্মরোগ, হৃদ রোগসহ সাধারণ রোগের চিকিৎসা করা হয়।
- ফিজিক্যাল এক্সাম, টিএলসি এক্সাম ও স্কুল-কলেজের জন্য প্রয়োজনীয় টিকা দেওয়া হয়।
- সুলভে রক্ত পরীক্ষা, ইকেজি, টিবি ও প্রেগন্যান্সি টেস্ট করা হয়।
- সকল ধরনের ইন্সুরেন্স গ্রহণ করা সহ বাংলাদেশী ভলান্টিয়ারদের স্বল্পমূল্যে চিকিৎসা ও পরামর্শ দেয়া হয়।
- অনুগ্রহ করে আসার আগে ফোন করে আপনার এপয়েন্টমেন্ট ও সময় জেনে নিন।

Law Offices of
H. Bruce Fischer ESQ PC
Practice Limited to
Construction Accident
Motor Vehicle Accident
Medical Malpratice



H. Bruce Fischer, ESQ
Attorney At Law
New York
Phone: 212-957-3634



Mohammed N Mujumder, LLM
Master of Laws (NY)
Senior Paralegal
Cell: 917-597-6349

We Recovered Millions of Dollars For Accident Victims

We Speak Bangli.
Past Result does not guarantee future outcomes

ইনকাম ট্যাক্স
INCOME TAX

ইনকাম ট্যাক্স, ইমিগ্রেশন ও জেনারেল সার্ভিসের জন্য একটি বিশ্বস্থ প্রতিষ্ঠান
দীর্ঘ ১৮ বৎসর ধরে আমরা আপনাদের সেবায় নিয়োজিত

AUTHORIZED e-file Provider
অতি যত্ন সহকারে আপনাদের নির্ভুল ট্যাক্স রিটার্ণ করে দেয়ার দায়িত্ব আমাদেরকে দিন

শুধু ট্যাক্স ফাইলের সময়েই নয় বরং সারা বৎসর ধরেই আমরা আছি আপনাদের পাশে
NOTARY PUBLIC

প্রাইম ব্রোকারেজ

যোগাযোগঃ *আবুল কালাম*
T: 718-274-1908, F: 718-728-2293
email: primebrokerage34@gmail.com
৩৪-০৩ ৩০ এভিনিউ, এষ্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৩

ট্যাক্স ও ইমিগ্রেশনের কাজে প্রয়োজন বিশ্বস্থ প্রতিষ্ঠান,
কারণ আপনার ব্যক্তিগত সকল তথ্যাদি থাকছে প্রতিষ্ঠানটির কাছে।

Dynamic Tax, Accounting & Immigration Services
ডাইনামিক ট্যাক্স একাউন্টিং এন্ড ইমিগ্রেশন সার্ভিসেস

দীর্ঘ ১৮ বছর সাফল্যের পর আমাদের নতুন শাখা এখন জ্যামাইকায়

আইআরএস-এর নিয়ম অনুযায়ী সর্বোচ্চ রিফান্ডের নিশ্চয়তা।
দক্ষতার সাথে দ্রুত ও নির্ভুল ট্যাক্স-এর জন্য আমাদের সেবা নিন।

আইআরএস এবং স্টেট অডিট সংক্রান্ত সহযোগিতা সহ একাউন্টিং সম্পর্কিত যাবতীয় সমস্যার সমাধান করে থাকি।

২০১১ সালের "বেস্ট অফ ব্রুকলিন" এওয়ার্ড বিজয়ী

আমাদের সেবাসমূহঃ
www.dynamicsrv.com

- ব্যক্তিগত ও ব্যবসায়িক ট্যাক্স ফাইল
- সেলস ট্যাক্স রিটার্ন
- পে-রোল এন্ড বুকপিপিং
- কর্পোরেশন
- পার্টনারশীপ এন্ড এলএলসি
- ইমিগ্রেশন সার্ভিস

Bronx Office:
2098 Starling Avenue,
Bronx, NY 10462
Phone: 646-295-3811,
347-389-4420,
917-536-9770

Jamaica Office:
168-29 Hillside Ave. Suite -2C, Jamacia, NY 11432
Phone: 646-295-3811,
347-389-4420,
917-536-9770

জাতিসংঘের জলবায়ু বিষয়ক কমিটিতে

(৬৬ পাতার পর)

অন্য সদস্যরা হল নেদারল্যান্ডস, মালাওয়ি ও সেন্ট লুসিয়া।

এ প্ল্যাটফরমের মাধ্যমে সদস্য দেশগুলো জলবায়ু অভিযোজন, এ সংক্রান্ত সংকট মোকাবেলা করে ঘুরে দাঁড়ানোর সামর্থ্য অর্জন, কার্যকরী দৃষ্টান্ত ও উল্লেখযোগ্য মাইলফলক নিয়ে আলোচনা করতে পারবে।

এছাড়া অংশীজন ও সংশ্লিষ্ট সংস্থাগুলো থেকেও নানা ধারণা গ্রহণ করার সুযোগও থাকবে এ প্ল্যাটফরমে। ২০১৯ সালে অনুষ্ঠিত জাতিসংঘ মহাসচিবের 'ক্লাইমেট অ্যাকশন সামিট'-এর অঙ্গীকার ও গৃহীত পদক্ষেপগুলো বাস্তবায়ন করাসহ ইউএনএফসিসিসি'র (ইউনাইটেড নেশন্স ফ্রেমওয়ার্ক কনভেনশন অন ক্লাইমেট চেঞ্জ) নেগোসিয়েশন সংক্রান্ত কাজেও তাৎপর্যপূর্ণ ভূমিকা রাখবে এ গ্রুপ অব ফ্রেন্ডস।

উল্লেখ্য, ক্লাইমেট অ্যাকশন সামিটে বাংলাদেশ জলবায়ু ক্ষেত্রে অভিযোজন ও প্রতিকূলতা মোকাবেলা করে ঘুরে দাঁড়ানোর সামর্থ্য অর্জনের গুরুত্ব তুলে ধরে এবং তা বাস্তবায়নের ক্ষেত্রেও অনুঘটক হিসেবে নানা উদ্যোগ নেয়। সম্মেলনে প্রধানমন্ত্রী শেখ হাসিনা আরইএপি (রিস্ক-ইনফরমড আর্লি অ্যাকশন পার্টনারশিপ) শীর্ষক বৈশ্বিক পদক্ষেপের উদ্বোধন করেন।

ক্লাইমেট অ্যাডাপটেশন অ্যান্ড রেজিলিয়েন্স বিষয়ক গ্রুপ অব ফ্রেন্ডসের এ ভার্চুয়াল উদ্বোধনীতে অংশগ্রহণ করেন জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশনের উপ-স্থায়ী প্রতিনিধি তারেক মো. আরিফুল ইসলাম।

তিনি বলেন, বাংলাদেশসহ জলবায়ু-নাজুক দেশগুলোয় জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলার ক্ষেত্রে 'অভিযোজন' ও 'ঘুরে দাঁড়ানোর সামর্থ্য অর্জন' হল মূল বিষয়। বৈশ্বিকভাবে 'অভিযোজন ও সামর্থ্য অর্জন' প্রচেষ্টাগুলোয় আরও বেশি অর্থায়ন এবং প্রযুক্তির প্রাপ্যতা নিশ্চিত করার ওপর জোর দেন তিনি।

সম্প্রতি বাংলাদেশ ৪৮ সদস্যবিশিষ্ট ক্লাইমেট ভারনারেবল ফোরাম (সিভিএফ) এবং অর্থমন্ত্রীদের 'দ্য ভারনারেবল-২০ (ভি-২০)-এর ২০২০-২০২২ মেয়াদের সভাপতির দায়িত্ব গ্রহণ করে বলে জানান উপ-স্থায়ী প্রতিনিধি। জলবায়ু সংক্রান্ত বিষয়গুলো বিশেষ করে অভিযোজন ও জলবায়ুর প্রভাব মোকাবেলায় সক্ষমতা অর্জন বিষয়ে বাংলাদেশ সিভিএফ এবং ভি-২০ এর মাধ্যমে বৈশ্বিক সব ফোরামে যথোপযুক্ত প্রচেষ্টা গ্রহণ করে যাবে বলেও জানান তিনি।

শক্তিশালী পূর্ব-সতর্কীকরণ ব্যবস্থা, দুর্যোগ মোকাবেলা প্রস্তুতির অনুশীলন, সুদৃঢ় দুর্যোগ ব্যবস্থাপনা ও ঝুঁকি হ্রাস কর্মসূচি, খরা-লবণাক্ততা সহিষ্ণু শস্যজাত উদ্ভাবন ও ডেল্টা পরিকল্পনা-২১০০ এর মতো বাংলাদেশের অভিযোজনমূলক উদ্যোগের বিষয়ে অংশগ্রহণকারীদের ধারণা দেন মিশনের উপ-স্থায়ী প্রতিনিধি।

জাতিসংঘের উপমহাসচিব আমিনা মুহাম্মদ এবং ইউএনডিপির প্রশাসক আখিম স্টেইনার উদ্বোধনীতে অংশ নেন এবং নতুন এই গ্রুপটিকে স্বাগত জানান। জাতিসংঘের জলবায়ুবিষয়ক প্রচেষ্টাকে এগিয়ে নিতে এ ফোরাম তাৎপর্যপূর্ণ ভূমিকা রাখবে বলে অভিমত ব্যক্ত করেন তারা। গ্রুপটির লক্ষ্য ও উদ্দেশ্যকে এগিয়ে নিতে জাতিসংঘ উন্নয়ন ব্যবস্থাপনার সহযোগিতার আশ্বাসও দেন তারা।

যাকাত ফাউন্ডেশনের খাদ্য সামগ্রী বিতরণ

(শেষের পাতার পর)

হিলসাইড ইসলামিক সেন্টারে স্থাপিত অস্থায়ী বিতরণ কেন্দ্র থেকে দিনভর এ বিতরণ কার্যক্রম পরিচালনা করা হয়। বিতরণ কার্যক্রম উদ্বোধন করেন যাকাত ফাউন্ডেশনের রিজিউনাল ম্যানেজার মোহাম্মদ ইমরান হোসাইন। এসময় হিলসাইড ইসলামিক সেন্টারের প্রেসিডেন্ট আবদুল আজিজ ভূইয়া, বাংলাদেশ সোসাইটির সাধারণ সম্পাদক রুহুল আমিন সিদ্দিকী প্রমুখ উপস্থিত ছিলেন।

নিউইয়র্কের ২৫টি কমিউনিটি অর্গানাইজেশনের মাধ্যমে এ জরুরি খাদ্য সামগ্রি বিতরণ করা হয়। গত তিন মাস ধরে নিউইয়র্কে যাকাত ফাউন্ডেশন জরুরি খাদ্য সামগ্রি, মাস্ক, গ্লোবস, অর্থ সহায়তা করে যাচ্ছে। এর আগেও সংস্থার পক্ষ থেকে ৪৫ হাজার পাউন্ড আলু, ১৬ হাজার পাউন্ড শাক শব্জি বিতরণ করা হয়। এছাড়াও নিউইয়র্কের পাঁচটি বুরোতে রান্না করা খাবার বিতরণ করছে সংগঠনটি। আনডকুমেন্টেড, বৃদ্ধ লোকদের সহায়তায় অর্থ সহায়তা করে যাচ্ছে সংগঠনটি। ব্ল্যাক লাইভ মুভমেন্টকে সমর্থন করে যাকাত ফাউন্ডেশন ইতোমধ্যে মিনোপলিস সিটিতে ১৮ হাজার পাউন্ড জরুরি খাদ্য সহায়তা দিয়েছে। কংগ্রেস ওমেন ইলহান ওমরের তদারকিতে এ কার্যক্রম পরিচালনা করে যাকাত ফাউন্ডেশন।

ট্রাম্প নিজেই এখন দুর্ভোগ-দুর্যোগ

আমেরিকায় দুটি ভয়াবহ জাতীয় বিপর্যয় নেমে এসেছে। একটি কোভিড-১৯ এবং আরেকটি হলো শ্বেতাঙ্গ পুলিশের হাতে কৃষ্ণাঙ্গ নাগরিক জর্জ ফ্লয়েড নিহত হওয়ার জের ধরে সৃষ্ট বর্ণবাদবিরোধী তুমুল বিক্ষোভ। এই দুটি বিপর্যয় হোয়াইট হাউসের বিচক্ষণতার সঙ্গে সামাল দেওয়ার কথা ছিল। কিন্তু সেখানে এমন একজন লোক বসে আছেন, যিনি নিজেই একজন ভারসাম্যহীন মানুষ এবং দেশ পরিচালনায় সম্পূর্ণ অযোগ্য। তিনি খোদ প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। মূলত তাঁর হঠকারী নীতির কারণে এই দুটি বিপর্যয় এখন মহাবিপর্যয়ে রূপ নিয়েছে।

ট্রাম্পের অক্ষমতা ও অব্যবস্থাপনার কারণে আমেরিকায় এ পর্যন্ত ১ লাখ ১২ হাজার লোক করোনাভাইরাসে মারা গেছেন এবং আরও বহু মানুষ মৃত্যুঝুঁকিতে আছেন। যেসব অঙ্গরাজ্যে এই ভাইরাস এখনো আঘাত করেনি, সেখানেও তা ছড়িয়ে পড়ছে। এই স্বাস্থ্যসংকট আমেরিকার অর্থনীতিকে ১৯৩০ সালের গ্রেট ডিপ্রেশনের পর সবচেয়ে বড় সংকটে ফেলে দিয়েছে। এর সঙ্গে এখন যুক্ত হয়েছে দেশব্যাপী বিক্ষোভ ও নৈরাজ্য।

মিনিয়াপোলিসে পুলিশের হাতে আটক অবস্থায় জর্জ ফ্লয়েডের নিহত হওয়ার দৃশ্য কোটি কোটি আমেরিকান দেখে ফেলেছে। ইন্টারনেটে ছড়িয়ে পড়া ভিডিওতে দেখা গেছে, পুলিশ কর্মকর্তা ডেরেক চাওভিন নির্বিকারভাবে ফ্লয়েডের ঘাড়ে হাঁটু চেপে ধরে আছেন। তাঁর দুই সহকর্মী ফ্লয়েডের পিঠে বসেছিলেন। ফ্লয়েড বারবার বলছেন 'আমি নিশ্বাস নিতে পারছি না'। কেউ যাতে তাঁকে বাঁচাতে এগিয়ে আসতে না পারেন, সে জন্য চতুর্থ আরেকজন সামনে দাঁড়িয়ে পাহারা দিচ্ছেন। ৯ মিনিট পরই ফ্লয়েড চেতনা হারিয়ে ফেলেন।

এই দৃশ্য গোটা দেশকে নাড়িয়ে দিয়েছে। পুলিশের নৃশংসতা ও বর্ণবাদী আচরণ সম্পর্কে ধারণা পাওয়ার জন্য এই দৃশ্যই যথেষ্ট। এটি মানুষকে ক্ষুব্ধ করার জন্য যথেষ্ট। লাখ লাখ মানুষ যখন পুলিশের নৃশংসতার প্রতিবাদে রাস্তায় নেমে এসেছে, তখন ট্রাম্প তাদের ক্ষোভ প্রশমনের চেষ্টা না করে নিক্সনের 'আইন ও শাসন' নীতির দিকে গেলেন। তিনি বিক্ষোভকারীদের দমন করার হুমকি পর্যন্ত দিলেন। তিনি শান্তিপূর্ণভাবে বিক্ষোভ দেখানো লাখ লাখ মানুষের দিকে না তাকিয়ে সহিংস অল্পসংখ্যক মানুষের আলোচনা সামনে আনার চেষ্টা করলেন এবং সমগ্র বিক্ষোভ কর্মসূচিকে একটি বেআইনি তৎপরতা হিসেবে চিহ্নিত করার চেষ্টা করলেন।

তাঁর আচরণে তাঁর সাবেক প্রতিরক্ষা উপদেষ্টা জেমস ম্যাটিসসহ বহু রিপাবলিকান নেতা পর্যন্ত ক্ষোভ প্রকাশ করেছেন। তাঁরা মনে করছেন, রিপাবলিকান পার্টি সম্পর্কে ট্রাম্প এমন একটি নেতিবাচক ধারণা স্থায়ীভাবে মানুষের মনে প্রতিষ্ঠিত করে ফেলছেন, যা ভবিষ্যতে দলটিকে ভয়াবহ বিপর্যয়ের দিকে ঠেলে দেবে।

ফ্লয়েডের ঘাড়ের ওপর পুলিশের হাঁটু চেপে ধরাকে তাবৎ কৃষ্ণাঙ্গ ও সংখ্যালঘু সম্প্রদায়ের ঘাড়ে আমেরিকান এস্টাবলিশমেন্টের হাঁটু চেপে ধরা হিসেবে দেখা হচ্ছে। এর মধ্য দিয়ে সাদা-কালোর বিভাজন আরও বেড়ে যাচ্ছে। পারস্পরিক অবিশ্বাস বাড়ছে। আর এর সবকিছুই ট্রাম্পের হঠকারী নীতির কারণে হচ্ছে। আমেরিকার প্রেসিডেন্ট হিসেবে তিনি যদি ঐক্যের ডাক দিতেন এবং সবাইকে এক ছাতার তলায় আসার আহ্বান জানাতেন, তাহলে এই পরিস্থিতি এত দূর গড়াত না।

স্বাস্থ্য থেকে অর্থনীতি, শিক্ষা থেকে কর্মসংস্থান—সব খাতে ধস নেমে এসেছে শুধু ট্রাম্প প্রশাসনের গোঁয়ার্তুমির কারণে। এখনো করোনা সংক্রমণ প্রতিরোধে ট্রাম্প প্রশাসনকে গঠনমূলক কোনো উদ্যোগ নিতে দেখা যাচ্ছে না। শিক্ষা খাতও আগের চেয়ে নড়বড়ে হয়ে গেছে।

বিশ্বকে নেতৃত্ব দেওয়ার ক্ষেত্রে আমেরিকার যে ভূমিকা ছিল, এখন তা একেবারেই সীমিত হয়ে গেছে। ট্রাম্পের 'আমেরিকা ফার্স্ট' নীতির কারণে বেকারত্বের হার কমার বদলে বেড়ে গেছে আতঙ্কজনকভাবে। সবখানেই বিপর্যয়কর অবস্থা নেমে আসছে। এ বিষয় অধিকাংশ আমেরিকান বুঝতে পারছেন। এটিই এখন ভরসার কথা।

ইংরেজি থেকে অনূদিত। স্বত্ব: প্রজেক্ট সিন্ডিকেট

এলিজাবেথ ড্রু ওয়াশিংটনভিত্তিক সাংবাদিক ও লেখক

আবার সেই আইএস বধূ শামীমা...

বাংলা পত্রিকা ডেস্ক: বৃটিশ মিডিয়ায় আবার আলোচনায় বাংলাদেশী বংশোদ্ভূত আলোচিত আইসিস বধূ বলে পরিচিত শামীমা বেগম। এবার তাকে নিয়ে মুখ খুলেছে বৃটেনের স্বরাষ্ট্র মন্ত্রণালয়। তারা বলেছে, শামীমার নিজের অন্যায়ের কারণে তার বৃটিশ নাগরিকত্ব কেড়ে নেয়া হয়েছে। তার আইনি চ্যালেঞ্জ মোকাবিলা করতে বৃটেনের সাধারণ মানুষের দেয়া ট্যাক্সের ৩০ হাজার পাউন্ড খরচ করতে হয়েছে সরকারকে। শামীমা বেগমের বৃটিশ নাগরিকত্ব বাতিল করা হয় গত বছর। তবে তিনি নিজে মনে করেন, তার নাগরিকত্ব পুনর্বহাল করা উচিত। বহস্পতিবার কোর্ট অব আপিলে এর কারণ হিসেবে আইনজীবীর মাধ্যমে তিনি বলেছেন, তার নাগরিকত্ব কেড়ে নেয়ার সরকারি সিদ্ধান্তের বিরুদ্ধে ন্যায্য ও কার্যকর আপিল করতে পারেন নি। এ খবর দিয়েছে লন্ডনের বহুল প্রচারিত ডেইলি মেইলের অনলাইন সংস্করণ।


এতে বলা হয়, বৃটিশ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধিত্ব করেন স্যার জেমস ইদি কিউসি। তিনি আদালতে বলেছেন, শামীমা বেগম আপিলে পুরোপুরি অংশ নিতে না পারার কারণ, তিনি বৃটেন ছেড়ে গিয়ে আইএসে যোগ দেয়ার সিদ্ধান্ত নিয়েছিলেন। তবে এরই মধ্যে দেশের আয়কর দাতাদের দেয়া অর্থের ১৪ হাজার ৫০০ পাউন্ড খরচ করিয়েছেন তিনি। এর সঙ্গে আদালতের সময় এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্টাফদের খরচ মিলে এই অংক আকাশচুম্বী।

উল্লেখ্য, শামীমা বেগমের বয়স এখন ২০ বছর। তিনি মাত্র ১৫ বছর বয়সে ২০১৫ সালের ফেব্রুয়ারিতে আরো দু'বান্ধবীকে সঙ্গে নিয়ে পূর্ব লন্ডনের বাসা থেকে সিরিয়ার উদ্দেশে দেশ ছাড়েন। তার সঙ্গে ছিলেন খাদিজা সুলতানা ও আমিরা আব্বাস। তাদের বয়স যথাক্রমে তখন ছিল ১৬ ও ১৫ বছর। তারা সিরিয়া গিয়ে যোগ দেন আইএসে।

তিন বছরের বেশি সময় জঙ্গি এই গ্রুপের সঙ্গে ছিলেন তিনি। গত বছর ফেব্রুয়ারিতে তাকে সিরিয়ার একটি আশ্রয়শিবিরে দেখা যায়। এ সময় তিনি ছিলেন ৯ মাসের অন্তঃসত্ত্বা। এর পরে ঘটনাপ্রবাহে এক পর্যায়ে তখনকার স্বরাষ্ট্রমন্ত্রী সাজিদ জাভিদ তার বৃটিশ নাগরিকত্ব ওই মাসেই বাতিল করেন।

সরকারের এই সিদ্ধান্তের বিরুদ্ধে আইনের আশ্রয় নেন শামীমা বেগম। তিনি আপিল করেন হাইকোর্ট এবং স্পেশাল ইমিগ্রেশন আপিলস কমিশনে (এসআইএসি)। এসআইএসি একটি বিশেষায়িত আদালত, যেখানে কোনো বৃটিশ নাগরিকের নাগরিকত্ব কেড়ে নেয়ার চ্যালেঞ্জ শুনানি হয়। ফেব্রুয়ারিতে এসআইএসি রায় দেয় যে, শামীমা বেগমের নাগরিকত্ব কেড়ে নেয়ার ফলে তিনি রাষ্ট্রহীন হয়ে পড়েন নি এবং সরকারের এমন সিদ্ধান্ত আইনসম্মত। কারণ, তিনি বাংলাদেশি বংশোদ্ভূত। আদালত বলে তিনি সিদ্ধান্ত নেয়ার সময় ছিলেন 'এ সিটিজেন অব বাংলাদেশ বাই ডিসেন্ট'। এই ট্রাইব্যুনাল আরো দেখতে পায় যে, আপিলে কোনো অর্থপূর্ণ অবদান রাখতে পারছেন না শামীমা বেগম এবং তার প্রেক্ষিতে তার আবেদন ন্যায্য ও কার্যকর নয়। রায়ে বলা হয়, তার আপিল সফল হয় নি।

